أَهْلِ النَّارِ–আগুনের অধিবাসী; জাহান্নামী।

أَهْلُ الْقَرْيَةِ–গ্রামবাসী।

أَهْلُ مَدْيَنَ–মাদইয়ানবাসী।

أَهْلِ يَثْرِبَ–ইয়াসরাববাসী; মদীনার প্রাচীন অধিবাসী।

أَهْلَكَ–তোমার ঘরের লোক; তোমার আহ্‌ল; كَ–সর্বনাম।

أَهْلَكَ–সে ধ্বংস করে দিল; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكْتُ–আমি ধ্বংস করে দিলাম; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكَتْهُ–তাকে সে (স্ত্রী) ধ্বংস করে দিল; ক্রিয়ামূল –اِهْلَاكٌ ; هُ–সর্বনাম।

أَهْلَكْتَهُمْ–তুমি তাদেরকে ধ্বংস করে দিলে; هُمْ–সর্বনাম;ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكُمْ–তোমার আহ্‌ল, তোমাদের ঘরের লোক; كُمْ–সর্বনাম।

أَهْلَكْنَا–আমরা ধ্বংস করে দিলাম, আযাব দিলাম; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكْنَاهَا–আমরা তাকে (স্ত্রী) ধ্বংস করে দিলাম; هَا–সর্বনাম; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكْنَاهُمْ–আমরা তাদেরকে ধ্বংস করে দিলাম; هُمْ–সর্বনাম; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أَهْلَكَنِيْ–সে আমাকে ধ্বংস করে দিল; نِيْ–সর্বনাম; ক্রিয়ামূল–اِهْلَاكٌ ।

أُهْلِكُوْا–তাদেরকে ধ্বংস করে দেয়া হল; অতীতকাল– ماضى; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– اِهْلَاكٌ ।

أَهْلُنَا–আমাদের পরিবার/আহ্‌ল; نَا সর্বনাম।

أَهْلِهٖ–তার পরিবার; তার আহ্‌ল; ه– সর্বনাম।

أَهْلَهَا–ঐ জায়গার অধিবাসী; هَا– সর্বনাম।

أَهْلِهِمْ–তাদের পরিবার; তাদের আহ্‌ল; هِمْ–সর্বনাম।

أَهْلِهِنَّ–তাদের (স্ত্রী) পরিবার পরিজন; তাদের আহ্‌ল; هِنَّ – সর্বনাম।

أَهْلِيْ–আমার পরিবার পরিজন; আমার আহ্‌ল; ى –সর্বনাম।

أَهْلِيْكُمْ–তোমাদের পরিবার/আহ্‌ল; كُمْ–সর্বনাম।

أَهْلِيْهِمْ–তাদের পরিবার/আহ্‌ল; هِمْ –সর্বনাম।

اَفْمَتْهُمْ–তাদেরকে অহমিকায় নিমজ্জিত করল; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–اِفْمَامٌ ।

اَهْوَاءٌ– কামনা, বাসনা, আশা, আকাংখা;একবচনে–هَوَاءٌ ।

اَهْوَاءَكُمْ– তোমাদের কামনা, আশা; كُمْ– সর্বনাম।

اَهْوَاءَهُمْ–তাদের কামনা, আকাংখা; هُمْ– সর্বনাম।

اَهْوَنُ–অধিকতর সুবিধা; ক্রিয়ামূল–هَوْنٌ ।

اَهْوَاى–সে উঠিয়ে নিক্ষেপ করল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–اِهْوَاءٌ ।

اَىْ– হাঁ, অবশ্যই।

اَىُّ–কোন, যে, কি–কি, প্রশ্নবোধক শব্দ।

اِيَابَهُمْ–তাদেরপ্রত্যাবর্তন; هُمْ– সর্বনাম।

اٰيَاتٌ–নিদর্শন; আয়াত; আল্লাহর হুকুম।

اٰيَاتِكَ–তোমার আদেশ, হুকুম; كَ–সর্বনাম।

اٰيَاتُنَا/اٰيَاتِنَا– আমাদের নিদর্শন; আমাদের আহকাম; আমাদের আয়াত; نَا –সর্বনাম।

اٰيَاتُهُ/اٰيَاتِهِ– তার আয়াত, নিদর্শন; তার নির্দেশ; هُ সর্বনাম।

اٰيَاتِهَا–তার (স্ত্রী) নিদর্শন, হুকুম; তার আয়াত; هَا–সর্বনাম।

اِيَّاكَ– একমাত্র তোমার; অবশ্যই তোমাকে।

اِيَّاكُمْ– তোমাদের সবাইকে।

اَيَّامٌ–দিনগুলো, সময়গুলো; একবচনে– يَوْمٌ (দিন, সময়)।

اَيَّامِ اللّٰهِ– আল্লাহর দিন।

اَلْاَيَّامِ الْخَالِيَةِ– পূর্বের দিন; আগের দিনসমূহ।

اَيَّامٍ مَّعْدُوْدَاتٍ– হিসেবের কয়েকটি দিন; রোজার দিন; নির্দিষ্ট মেয়াদ।

اَيَّامٍ مَّعْلُوْمَاتٍ– জানা নির্দিষ্ট কয়েকটি দিন।

اَيَّامٍ نَّحِسَاتٍ– মুসীবতের দিনগুলো; আ'দ জাতির সেই বিপদের দিনগুলোর কথা বলা হয়েছে।

اَيَامٰى– বিপত্নীক; বিধবা; একবচনে– اَيِّمٌ ।

اَيَّانَ– কখন, কোথায়।

اِيَّانَا– আমাদেরকে।

اِيَّاهُمْ– তাদেরকে।

اِيَّاهُ– তাকে।

اِيَّاىَ– আমাকে।

اِئْتِ– নিয়ে আস।

اِيْتَاءِ– দেয়া; সমর্পণ করা;
ক্রিয়ামূল–مصدر ।

اٰيٰتُكَ– তোমার নিদর্শন; তোমার আয়াত; كَ–সর্বনাম।

اِئْتِنَا– আমাদের নিকট আস; نَا–সর্বনাম।

اِيْتُوْا– তোমরা আস।

اِئْتُوْنَا– তোমরা আমাদের নিকট আস; আন; نَا– সর্বনাম।

اِئْتُوْنِى– আমার নিকট আস; আমার নিকট আন; نِىْ– সর্বনাম।

اٰتُوْهُنَّ– তাদের (স্ত্রী) নিকট যাও; তাদেরকে দাও; هُنَّ –সর্বনাম;
ক্রিয়ামূল–اِتْيَانٌ ।

اَيَّتُهَا– হে;
সম্বোধনসূচক অব্যয় – حرف ندا ।

يَدٌ– اَيْدِىْ/اَيْدٍ– হাতসমূহ, একবচনে– يَدٌ (হাত)।

اَيْدٍ– শক্তি, ক্ষমতা, উপার্জন।

اَيَّدْتُكَ– আমি তোমাকে সাহায্য করেছি; আমি তোমাকে শক্তি দিয়েছি;
كَ– সর্বনাম। ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيَّدَكَ– সে তোমাকে শক্তি দিয়েছে; ক্ষমতা দিয়েছে; كَ –সর্বনাম;
ক্রিয়ামূল–تَاْيِيْدٌ ।

اَيَّدَكُمْ– সে তোমাদেরকে শক্তি দিয়েছে; ক্ষমতা দিয়েছে; كُمْ–সর্বনাম;
ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيَّدْنَا– আমরা শক্তি দিলাম, দিয়েছি;
ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيَّدْنَاهُ– আমরা তাকে শক্তি দিলাম, ক্ষমতা দিলাম; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيَّدَهُ– সে তাকে সাহায্য করেছে; সে তাকে ক্ষমতা দিয়েছে; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيَّدَهُمْ– তাদেরকে সাহায্য করেছে; ক্ষমতা দিয়েছে; هُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– تَاْيِيْدٌ ।

اَيْدِىْ– হাতসমূহ; একবচনে– يَدٌ ।

اَيْدِيْكُمْ– তোমাদের হাতসমূহ;
كُمْ –সর্বনাম;

اَيْدِيْنَا–আমাদের হাত; نَا –সর্বনাম।

اَيْدِيْهِمْ–তাদের হাত; هِمْ–সর্বনাম।

اَيْدِيْهِمَا–তাদের দু'জনের হাত;
هُمَا –সর্বনাম।

اَيْدِيْهِنَّ–তাদের (স্ত্রী) হাত;
هُنَّ–সর্বনাম।

اَئِذَا–কি, যখন।

اِئْذَنْ–তুমি ছেড়ে দাও; অনুমতি দাও;
ক্রিয়ামূল– اِذْنٌ ।

اَيْقَاظًا– জাগরণকারী;
একবচনে– يَقِظٌ ।

اَيُّكُمْ– তোমাদের মধ্যে কেউ।

اَيْكَةِ–বন-জঙ্গল, ঝোপ-ঝাড়।

اِيْلَافِ–মহব্বত করা; অভ্যস্ত হওয়া;
প্রিয় হওয়া; ক্রিয়ামূল–مصدر ।

اَيُّمَا– যা, এটা।

اِيْمَانَ–ঈমান, বিশ্বাস, প্রত্যয়;
ক্রিয়ামূল–مصدر ।

اَيْمَانِ–কসম, শপথ; ডানহাত;
একবচনে– يَمِيْنٌ।

اِيْمَانُكُمْ– তোমাদের ঈমান, বিশ্বাস;
كُمْ–সর্বনাম।

اَيْمَانُكُمْ–তোমাদের কসম, শপথ;
كُمْ–সর্বনাম।

اِيْمَانِهٖ–তার বিশ্বাস, ঈমান; ه–সর্বনাম।

اِيْمَانُهَا - তার (স্ত্রী) ঈমান,
বিশ্বাস; هَا–সর্বনাম।

اَيْمَانِهِمْ–তাদের কসম,
শপথ; هِمْ–সর্বনাম।

اِيْمَانِهِمْ/اِيْمَانُهُمْ–তাদের প্রত্যয়,
ঈমান; هُمْ–সর্বনাম।

اِيْمَانُهُنَّ/اِيمانِهِنَّ–তাদের (স্ত্রী)
ঈমান; هُنَّ–সর্বনাম।

اَيْمَنِ–ডান দিক, ডান পার্শ্ব।

اَئِمَّةً– পথ প্রদর্শকগণ; নেতৃবৃন্দ;
একবচনে– اِمَامٌ ।

اَيْنَ– কোথায়।

اَيُّنَا– আমাদের মধ্যে কে।

اَيْنَمَا– যে দিকে; কোন দিকে।

اَيُّوْبَ– একজন প্রসিদ্ধ নবীর নাম। তিনি
চরম ধৈর্যশীল বলে বিখ্যাত।

اٰيَةً– আয়াত; নিদর্শন; নির্দেশ; মু'জিযা।

اَيُّهَا– হে; সম্বোধনসূচক
অব্যয়– حرف ندا ।

اَيُّهُمْ– তাদের মধ্যে কেউ।

ب

بِ– মধ্যে; হতে; সাথে; উপরে; দ্বারা,
কর্তৃক, ইত্যাদি। এ অব্যয়টি মোট
১০টি অর্থে ব্যবহৃত হয়।

بَاءَ– সে অর্জন করল; সে ফিরল;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– بَوَاءٌ ।

بَابٌ– দরজা; প্রবেশ পথ; অধ্যায়;
বহুবচনে–أَبْوَابٌ ।

بَابِلَ– একটি বিখ্যাত শহরের নাম। যা প্রাচীন কালে ফোরাত নদীর দুইকূলে বিস্তৃতি লাভ করেছিল।

بَاخِعٌ– ধ্বংসকারী; নষ্টকারী; আত্মহত্যাকারী; ক্রিয়ামূল– بَخْعٌ ।

بَادٍ– বাইরে থেকে আগমনকারী; জঙ্গলে বসবাসকারী; গ্রাম্যলোক; কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– بَدَاوَةٌ ।

بَادُوْنَ– উন্মুক্ত ও বিরান জঙ্গলে বসবাসকারী;একবচনে– بَادٍ ।

بَادِىَ– প্রকাশিত; প্রকাশ্য; সুস্পষ্ট।

بَارِدٌ– ঠাণ্ডা; শীতল; ক্রিয়ামূল– بَرْدٌ হতে কর্তৃকারক– اسم فاعل ।

بَارِزُوْنَ– বহির্গামী; নির্গমনকারী; প্রকাশমান; ক্রিয়ামূল–بُرُوْزٌ ।

بَارِزَةٌ– প্রকাশিত; প্রতিভাত; যে স্ত্রীলোক বাইরে থাকে;
ক্রিয়ামূল–بُرُوْزٌ ।

بَارَكَ– সে বরকত দিল;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– مُبَارَكَةٌ ।

بَارَكْنَا– আমরা বরকত দিলাম;
ক্রিয়ামূল– مُبَارَكَةٌ ।

بَارِئُ– সৃষ্টিকর্তা; মহান আল্লাহর এক নাম; কর্তৃকারক–اسم فاعل ;
ক্রিয়ামূল– بَرْءٌ ।

بَارِئِكُمْ– তোমাদের সৃষ্টিকর্তা;
كُمْ– সর্বনাম।

بَازِغًا/بَازِغَةٌ– উজ্জ্বল; আলোকিত;
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– بُزُوْغٌ ।

بَأْسٌ– ভয়; খারাপ; শাস্তি; লড়াই।

بَأْسَاءَ– খারাপ অবস্থা; কঠোরতা;
ক্রিয়ামূল– بُؤْسٌ ।

بَاسِرَةٌ– মরচে ধরা; পেরেশান; উদাসিনী; কর্তৃকারক (স্ত্রী) اسم فاعل ;
ক্রিয়ামূল– بَسْرٌ ।

بَاسِطٌ– প্রসারণকারী; উন্মুক্তকারী; বিস্তৃতিকারী; কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– بَسْطٌ ।

بَاسِطُوْا– প্রসারণকারীগণ; উন্মুক্তকারীগণ; বিস্তৃতিকারীগণ;
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– بَسْطٌ ।

بَاسِقَاتٍ– উঁচু; লম্বা; বড়;
ক্রিয়ামূল– بُسُوْقٌ ।

بَاسُكُمْ– তোমাদের লড়াই; তোমাদের শাস্তি; তোমাদের ভয়; كُمْ –সর্বনাম।

بَاسَنَا/بَاسُنَا– আমাদের শাস্তি; نَا–সর্বনাম।

بَاسُهُ– তার শাস্তি; তার ভয়; هُ– সর্বনাম।

بَاسُهُمْ– তাদের লড়াই; তাদের ভয়; هُمْ –সর্বনাম।

بَاشِرُوْهُنَّ– তাদের (স্ত্রী) সাথে মেলামেশা কর; هُنَّ– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر;

ক্রিয়ামূল– مُبَاشَرَةٌ ।

بَاطِلٌ/بَاطِلاً– নিকৃষ্ট; মিথ্যা; ভ্রান্তি; বাতিল; ক্রিয়ামূল–بُطْلاَنٌ ।

بَاطِنٌ– মধ্যে; গোপনীয়; ক্রিয়ামূল–بُطُوْنٌ ।

بَاطِنُهُ/بَاطِنَةٌ– তার মধ্যে; তার গোপনীয়তা; هُ–সর্বনাম।

بَاعِدْ– তুমি দূরত্ব সৃষ্টি করে দাও; আজ্ঞাসূচক ক্রিয়া – امر;

ক্রিয়ামূল– مُبَاعَدَةٌ ।

بَاغٍ– সীমা অতিক্রমকারী; বিদ্রোহী; কর্তৃকারক– اسم فاعل;

ক্রিয়ামূল– بَغْىٌ ।

بَاقٍ– অবশিষ্ট; ক্রিয়ামূল– بَقَاءٌ ।

اَلْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ– অবশিষ্ট পুণ্যবান।

بَاقِيَةٌ– অবশিষ্ট মহিলা; কর্তৃকারক– اسم فاعل;

ক্রিয়ামূল– بَقَاءٌ ।

بَاقِيْنَ– যারা অবশিষ্ট থাকে; পিছনে থাকে; ক্রিয়ামূল–بَقَاءٌ ।

بَالٌ– অবস্থা; খবর।

بَالِغٌ/بَالِغَ– প্রাপ্তবয়স্ক; পৌঁছে যায় যে; কর্তৃকারক– اسم فاعل;

ক্রিয়ামূল–بُلُوْغٌ ।

بَالِغَةٌ– প্রাপ্তবয়স্কা; যে পৌঁছে যায়; কর্তৃকারক– اسم فاعل;

ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَالِغُوْهُ/بَالِغِهِ– সে পর্যন্ত পৌঁছে যাওয়া ব্যক্তি।

بَالِغِيْهِ– ঐ পর্যন্ত পৌঁছে যাওয়া ব্যক্তি; ه –সর্বনাম; ক্রিয়ামূল– بُلُوْغٌ; কর্তৃকারক– اسم فاعل ।

بَالُهُمْ– তাদের অবস্থা; هُمْ– সর্বনাম।

بَاءُوْا– তারা উপার্জন করল,ফিরে এল; ক্রিয়ামূল– بَوَاءٌ ।

بَائِسَ– ক্ষুধার্ত; দুরবস্থায় পতিত ব্যক্তি।

بَايَعْتُمْ– তোমরা বেচাকেনা করলে; বিক্রি করলে; বাইয়াত করলে; ক্রিয়ামূল– مُبَايَعَةٌ ।

بَايِعْهُنَّ– তাদের (স্ত্রী) বাইয়াত গ্রহণ কর; هُنَّ–সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– مُبَايَعَةٌ ।

بَثَّ– সে বিক্ষিপ্ত করল; প্রকাশ করল; ছড়িয়ে দিল; ক্রিয়ামূল– بَثٌّ ।

بَثِّيْ– আমার অস্থিরতা; আমরা দুশ্চিন্তা।

بِحَارٌ– সমুদ্র; সাগর; নদী; একবচনে–بَحْرٌ ।

بَحْرٌ– নদী; সমুদ্র; সাগর; বহুবচনে–بِحَارٌ ।

بَحْرَانِ/بَحْرَيْنِ– দুটো নদী; দুটো সমুদ্র।

بَحِيْرَةٍ– দেবতার নামে উৎসর্গকৃত জন্তু, যার কান কেটে তারা ছেড়ে দিত।

بَخْسٍ–ভেজাল; সামান্য ক্ষতি; ক্রিয়ামূল–مصدر ।

بُخْلٌ– বখিলতা; কৃপণতা।

بَخِلَ– সে কৃপণতা করল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– بُخْلٌ ।

بَخِلُوْا– তারা বখিলতা করল; কৃপণতা করল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– بُخْلٌ ।

بَدَا– প্রকাশিত হল; বের হল; ক্রিয়ামূল– بَدَاءٌ বা بُدُوٌّ ।

بَدَأَ– সে আরম্ভ করল; খুলে দিল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল–بَدْءٌ ।

بِدَارًا– তাড়াতাড়ি করা; ক্ষিপ্রতা; ক্রিয়ামূল–مصدر ।

بَدَأَكُمْ– তিনি তোমাদেরকে প্রথম সৃষ্টি করেছেন; অতীতকাল– ماضى ; كُمْ সর্বনাম; ক্রিয়ামূল–بَدْءٌ ।

بَدَأْنَا– আমরা প্রথম শুরু করেছি; ক্রিয়ামূল– بَدْءٌ ।

بَدَءُوْكُمْ– তাদের প্রথমে তোমরা শুরু করলে/করেছ; অতীতকাল– ماضى ; كُمْ–সর্বনাম; ক্রিয়ামূল–بَدْءٌ ।

بَدَتْ/بَدَتْ– প্রকাশ পেল; অতীতকাল ماضى ; স্ত্রীলিঙ্গ– مؤنث; ক্রিয়ামূল–بُدُوٌّ ।

بَدْرٍ– মক্কা ও মদীনার মধ্যবর্তী এক প্রসিদ্ধ স্থান। এখানে হিজরী দ্বিতীয় সনে মুসলমান ও কাফেরদের মধ্যে এক ঐতিহাসিক যুদ্ধ সংঘটিত হয়। এ

যুদ্ধে মুসলমানগণ বিজয়ী হয়; পূর্ণিমার চাঁদ।

بِدْعًا– নতুন; বিদয়াত; নতুন সৃষ্টি।

بَدَّلَ– পরিবর্তন করবে; সে পরিবর্তন করেছে; ক্রিয়ামূল– تَبْدِيْلٌ ।

بَدَلاً– পরিবর্তন করা; বিনিময় করা।

بَدَّلْنَا– আমরা বিনিময় করলাম; পরিবর্তন করলাম;

অতীতকাল– ماضى ;

ক্রিয়ামূল– تَبْدِيْلٌ ।

بَدَّلْنٰهُمْ– আমরা তাদেরকে পরিবর্তন করে দিলাম; هُمْ সর্বনাম;

ক্রিয়ামূল– تَبْدِيْلٌ ।

بَدَّلُوْا– তারা পরিবর্তন করল;

অতীতকাল– ماضى;

ক্রিয়ামূল– تَبْدِيْلٌ ।

بَدَّلَهٗ– তাকে পরিবর্তন করে দিল; পরিবর্তন করে দিয়েছে; ہٗ–সর্বনাম;

ক্রিয়ামূল– تَبْدِيْلٌ ।

بُدْنَ– কুরবানী উট; যা বিশেষ চিহ্ন দিয়ে কা'বা শরীফের দিকে নিয়ে যাওয়া হত।

بَدَنِكَ– তোমার শরীর; তোমার দেহ; كَ–সর্বনাম।

بَدْوٍ– জঙ্গল; বন–বনানী।

بَدِيْعٌ– নতুন করে সৃষ্টিকারী; নতুন দিগন্ত উন্মোচনকারী; মহান আল্লাহর এক নাম।

بَرِّ– জঙ্গল; স্থল; ভূপৃষ্ঠ।

بَرٌّ– কল্যাণকারী; ইহসানকারী; সত্যভাষী।

بِرَّ/بِرُّ– নেকী; পুণ্য; সওয়াব।

بَرَاءٌ– অসন্তুষ্ট; পৃথক; সম্পর্কহীন।

بُرَاٰءُوْا– অসন্তুষ্ট; একবচনে– بَرِیٌّ ।

بَرَاءَةٌ– অসন্তুষ্টি; অসন্তুষ্ট হওয়া।

بَرَّاَهٗ– তাকে পবিত্র করা হল; তাকে বের করা হল; তাকে নিরাপরাধ বলে ঘোষণা করা হল; ہٗ–সর্বনাম;

অতীতকাল– ماضى;

ক্রিয়ামূল– تَبْرِيَةٌ ।

بَرَدٍ– বরফের শিলা; ঠান্ডা।

بَرْدًا– শীতল; বরফ; ঠান্ডা হওয়া।

بَرَرَةٍ– সৎলোক; পুণ্যবান;

একবচনে– بَارٌّ ।

بَرَزَ– সে বের হল; ক্রিয়ামূল– بُرُوْزٌ ।

بُرِّزَتْ– তাকে (স্ত্রী) বের করা হল;

অতীতকাল– ماضى;

কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– تَبْرِيْزٌ ।

بَرْزَخٌ– পর্দা; আড়াল; দুনিয়া ও আখিরাতের মধ্যবর্তী সময়/ স্থান; কিয়ামতের পূর্ব পর্যন্ত মৃতব্যক্তি যে জগতে অবস্থান করে।

بَرَزُوْا– তারা বের হল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– بُرُوْزٌ ।

بَرْقٌ/بَرْقٍ– বিদ্যুতের ঝিলিক; চমক।

بَرِقَ– উজ্জ্বল হল; চোখ ঝলসে গেল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–بَرَقٌ ।

بَرْقُهٗ– তার (মেঘের) বিজলীর চমক; ہٗ– সর্বনাম।

بَرَكَاتٍ– বরকতসমূহ; একবচনে– بَرَكَةٌ ।

بَرَكَاتُهٗ–তার বরকতসমূহ ; ہٗ–সর্বনাম।

بُرُوْجٍ– দূর্গ; গম্বুজ; ছায়াপথ; একবচনে– بُرْجٌ ।

بُرُوْزٌ– প্রকাশ হওয়া; ক্রিয়ামূল–مصدر।

بُرْهَانٌ– প্রমাণ; দলিল; নিদর্শন; বহুবচনে– بَرَاهِيْنُ ।

بُرْهَانَانِ–দুটো দলিল; দুটো প্রমাণ।

بُرْهَانَكُمْ– তোমাদের দলিল; তোমাদেরপ্রমাণ; নিদর্শন; كُمْ–সর্বনাম।

بَرِىٌّ– অসন্তুষ্ট; নিষ্পাপ; পৃথক; বহুবচনে–بُرَءَاءُ ।

بَرِيْئُوْنَ– অসন্তুষ্ট; পৃথক; নিষ্পাপ; একবচনে– بَرِىٌّ ।

بَرِيَّةٌ– সৃষ্টিকুল; সৃষ্টি; বহুবচনে–بَرَايَا ।

بَسًّا– ভাঙ্গা ; টুকরা টুকরা করা; ওলটপালট করা; ক্রিয়ামূল–مصدر ।

بِسَاطًا– বিছানা; ফরাশ; চাদর।

بُسَّتْ– ছিন্নভিন্ন করা; টুকরা টুকরা করা; অতীতকাল–ماضى ; কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল–بَسٌّ ।

بَسَرَ– মুখ ম্লান হল; সে মুখ ভেংচালো; ক্রিয়ামূল–بُسُوْرٌ ।

بَسْطٍ– খুলে দেয়া; প্রশস্ত করা; বিস্তৃত করা; ক্রিয়ামূল–مصدر ।

بَسَطَ– সে প্রশস্ত করল; বিস্তৃতি ঘটাল; ক্রিয়ামূল– بَسْطٌ।

بَسَطْتَ– তুমি বিস্তৃতি ঘটালে; প্রশস্ত করলে; ক্রিয়ামূল– بَسْطٌ ।

بَصْطَةٌ/بَسْطَةً– প্রশস্ততা; বিস্তৃতি।

بَشَرٌ– মানুষ; বাহ্যিক গঠন।

بُشِّرَ– তাকে খবর দেয়া হল; সুসংবাদ দেয়া হল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– تَبْشِيْرٌ;কর্মবাচ্য– مجهول ।

بَشِّرْ– তুমি সুসংবাদ দাও; আজ্ঞাসূচক ক্রিয়া–امر; ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ।

بُشْرًا– সুসংবাদদাতা;
একবচনে–بَشِيْرَةٌ ।

بَشَّرْتُمُوْنِي– তোমরা আমাকে সুসংবাদ দিলে/দিয়েছ; অতীতকাল–
مَاضِي; نِيْ –সর্বনাম।
ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ; (بَشَّرْتُمْ এবং بَشَّرْتُمُوْ শব্দ দুটো লিখতে এবং দেখতে দু'রকম হলেও অর্থগত কোন পার্থক্য নেই)।

بَشَّرْنَاكَ– আমরা তোমাকে সুসংবাদ দিলাম; كَ– সর্বনাম; ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ।

بَشَّرْنَهُ–আমরা তাকে সুসংবাদ দিলাম;
هُ–সর্বনাম; অতীতকাল– مَاضِي;
ক্রিয়ামূল– تَبْشِيْرٌ ।

بَشَّرْنَاهَا– আমরা তাকে (স্ত্রী) সুসংবাদ দিলাম; অতীতকাল– مَاضِي;
هَا –সর্বনাম; ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ।

بَشَّرُوْهُ– তারা তাকে সুসংবাদ দিল;
هُ–সর্বনাম; অতীতকাল– مَاضِي;
ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ।

بَشِّرْهُ– তাকে সুসংবাদ দাও;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল– تَبْشِيْرٌ ।

بَشِّرْهُمْ– তাদেরকে সুসংবাদ দাও;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
هُمْ –সর্বনাম; ক্রিয়ামূল–تَبْشِيْرٌ ।

بُشْرٰى–সুসংবাদ; আনন্দ বার্তা।

بُشْرٰكُمْ– তোমাদেরকে সুসংবাদ;
كُمْ– সর্বনাম।

بَشَرَيْنِ– দু'জন মানুষ; দু'ব্যক্তি;
بَشَرٌ– এর দ্বিবচন।

بَشِيْرٌ / بَشِيْرًا–সুসংবাদ প্রদানকারী।

بَصَائِرُ–প্রকাশ্য নসিহত; সুস্পষ্ট প্রমাণ; একবচনে– بَصِيْرَةٌ ।

بَصَرٌ/بَصَرِ– চোখ; চক্ষু; ভিত্তি;
বহুবচনে–اَبْصَارٌ ।

بَصُرْتُ–আমি দেখলাম; দৃষ্টিগোচর হল; অতীতকাল–مَاضِي ;
ক্রিয়ামূল–بَصَارَةٌ ।

بَصُرَتْ– সে (স্ত্রী) দেখল;
অতীতকাল–مَاضِي ;
ক্রিয়ামূল–بَصَارَةٌ ।

بَصَرُكَ– তোমার দৃষ্টি; তোমার চোখ; তোমার প্রজ্ঞা; كَ– সর্বনাম।

بَصَرِهٖ– তার চোখ; তার দৃষ্টি; তার প্রজ্ঞা; هٖ– সর্বনাম।

بَصَلِهَا–তার (স্ত্রী, অর্থাৎ মাটিতে) উৎপাদিত পিয়াজ; هَا –সর্বনাম।

بَصِيْرٌ— সূক্ষ্মদর্শী; সবজান্তা; প্রজ্ঞাবান; সুস্পষ্ট প্রমাণ; মহান আল্লাহ্‌র নাম।

بَصِيْرَةٌ—বুঝ; অন্তর; প্রজ্ঞা; সুস্পষ্ট প্রমাণ; বহুবচনে— بَصَائِرُ ।

بِضَاعَةٌ—মূলধন; ব্যবসার সামগ্রী; বহুবচনে— بَضَائِعُ ।

بِضَاعَتُنَا—আমাদের মূলধন, আমাদের ও তাদের ব্যবসার সামগ্রী; نَا —সর্বনাম।

بِضَاعَتَهُمْ— তাদের মূলধন; পুঁজি; ব্যবসার সামগ্রী; هُمْ —সর্বনাম।

بِضْعٌ—সামান্য ক'দিন বা বৎসর; দশের চেয়ে কম সংখ্যাকে بِضْعٌ বলে।

بِطَانَةٌ—রাজকীয় বন্ধু বান্ধব; কাপড়ের ঐ গোপন অংশ যা পেটের সাথে লেগে থাকে; গোপন তথ্য।

بَطَائِنُهَا—তার আস্তরণ; তার প্রচ্ছদ; هَا – সর্বনাম।

بَطَرًا— দম্ভ; অহংকার; উল্লাস প্রকাশ করা; ক্রিয়ামূল— مصدر ।

بَطِرَتْ— দম্ভ; অহংকারে লিপ্ত হল; ক্রিয়ামূল— بَطَرٌ ।

بَطْشٌ—শক্ত করে ধরা; গ্রেফতার; ক্রিয়ামূল— مصدر ।

بَطَشْتُمْ— তোমরা গ্রেফতার করলে; তোমরা ধরে ফেললে; অতীতকাল— ماضى ; ক্রিয়ামূল— بَطْشٌ ।

بَطْشَتَنَا— আমাদের পাকড়াও; আমাদের ধরা; نَا— সর্বনাম।

بَطَلَ—নষ্ট হয়ে গেল; বাতিল হয়ে গেল; ক্রিয়ামূল— بَطْلٌ ، بُطْلَانٌ ।

بَطَنَ— সে গোপন হয়ে গেল; লুকিয়ে গেল; ক্রিয়ামূল— بَطْنٌ ، بُطُوْنٌ ।

بَطْنٌ— ভিতর; পেট; গোপনীয়তা।

بَطْنِهٖ—তার পেট; ه —সর্বনাম।

بَطْنِيْ— আমার পেট; ى—সর্বনাম।

بُطُوْنٌ—পেট; একবচনে— بَطْنٌ ।

بُطُوْنِهٖ— তার পেট; ه— সর্বনাম।

بُطُوْنِهَا—তার (স্ত্রী) পেট; هَا—সর্বনাম।

بُطُوْنِهِمْ—তাদের পেট; هُمْ —সর্বনাম।

بَعْثٌ—জীবিত করা; উঠিয়ে দাঁড় করান; ক্রিয়ামূল— مصدر ।

بَعَثَ— সে পাঠিয়েছে; ক্রিয়ামূল— بَعْثٌ ।

بُعْثِرَ— সে বের করে দিবে; তাকে উঠান হবে; ওলটপালট করা হবে; অতীতকাল— ماضى ; কর্মবাচ্য— مجهول ; ক্রিয়ামূল— بَعْثَرَةٌ ।

بُعْثِرَتْ– তাকে (খুঁড়ে) উঠান হল; তাকে ওলটপালট করা হল; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল– بَعْثَرَةٌ ।

بَعَثَكُمْ– তোমাদেরকে পাঠাল; তোমাদেরকে উঠিয়ে দাঁড় করাল; ক্রিয়ামূল– بَعْثٌ ; كُمْ–সর্বনাম।

بَعَثْنَا–আমরা পাঠালাম; আমরা উঠালাম; ক্রিয়ামূল–بَعْثٌ ।

بَعَثَنَا–সে আমাদেরকে উঠাল; نَا–সর্বনাম; অতীতকাল –ماضى ; ক্রিয়ামূল–بَعْثٌ ।

بَعَثْنَاكُمْ– আমরা তোমাদেরকে উঠিয়ে দাঁড় করালাম; كُمْ – সর্বনাম; ক্রিয়ামূল–بَعْثٌ ।

بَعَثْنَاهُمْ–আমরা তাদেরকে উঠালাম; هُمْ–সর্বনাম; ক্রিয়ামূল– بَعْثٌ ; অতীতকাল–ماضى ।

بُعِثَهُ– তাকে জীবিত করা হল; هُ – সর্বনাম।

بَعْدَ / بَعْدِ / بَعْدُ– পরবর্তী; পূর্বের; অতঃপর।

بَعْدًا / بُعْدًا–দূর; পার্থক্য; অভিশাপ।

بَعِدَتْ–সে (স্ত্রী) দূর হল; অভিশপ্ত হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُعْدٌ ।

بَعُدَتْ– তাকে (স্ত্রী) দূর মনে হল; بُعْدٌ –ক্রিয়ামূল।

بَعْدَكَ–তোমার পরে; كَ– সর্বনাম।

بَعْدِكُمْ–তোমাদের পরে; كُمْ –সর্বনাম।

بَعْدِهٖ / بَعْدَهٗ–অতঃপর; তারপর; ওটার পর; তার পিছনে।

بَعْدِهِمْ– তাদের পরে; তাদের পিছনে; هِمْ– সর্বনাম।

بَعْدِهِنَّ– তাদের (স্ত্রী) পর; তাদের পিছনে; هِنَّ– সর্বনাম।

بَعْدِىْ– আমার পরে; আমার পিছনে; ى– সর্বনাম।

بَعْضُ / بَعْضَ / بَعْضِ / بَعْضٍ–অংশ; টুকরা; সামান্য; কিছু; এটি كُلُّ (সমস্ত) এর বিপরীত অর্থে ব্যবহৃত হয়।

بَعْضُكُمْ / بَعْضَكُمْ– তোমাদের মধ্যে কিছু লোক; তোমাদের কিছু অংশ; كُمْ–সর্বনাম।

بَعْضُنَا– আমাদের মধ্যে কিছু সংখ্যক; نَا–সর্বনাম।

بَعْضَهُ– তার মধ্যে কিছু অংশ; هُ– সর্বনাম।

بَعْضُهَا/بَعْضِهَا/بَعْضَهَا— তার (স্ত্রী) কিছু অংশ; তার (স্ত্রী) মধ্যে কিছু; هَا— সর্বনাম।

بَعْضُهُمْ/بَعْضَهُمْ— তাদের কিছু অংশ ; তাদের মধ্যে কিছু সংখ্যক; هُمْ —সর্বনাম।

بَعْلاً— একটি মূর্তির নাম; স্বামী স্ত্রী; দম্পতি।

بَعْلُهَا— তার (স্ত্রী) স্বামী; هَا— সর্বনাম।

بَعْلِي—আমার স্বামী।

بَعُوْضَةً— মশা।

بُعُوْلَتُهُنَّ— তাদের (স্ত্রী) স্বামীগণ; هُنَّ— সর্বনাম।

بَعِيْدٌ/بَعِيْدًا— দূর; দূরান্ত; শব্দমূল— بُعْدٌ ।

بَعِيْرٍ— উট; সতর; (ভারবাহী জন্তু)।

بِغَاءِ—দুষ্ট প্রকৃতির লোক; ব্যভিচারী; সীমালংঘনকারী; ক্রিয়ামূল—مصدر ।

بِغَالَ—খচ্চর; একবচনে—بَغْلٌ।

بَغَتْ— সে (স্ত্রী) সীমালংঘন করল; অতীতকাল— ماضى ; ক্রিয়ামূল— بَغْىٌ।

بَغْتَةً— হঠাৎ তাড়াতাড়ি; অপ্রত্যাশিত ঘটনা।

بَغْضَاءَ—শত্রুতা; হিংসা; حُبٌّ (ভালবাসা) শব্দের বিপরীত শব্দ।

بَغَوْا—তারা সীমালংঘন করল; বিদ্রোহী হল; অতীতকাল— ماضى ; ক্রিয়ামূল— بَغْىٌ।

بَغْيَ / بَغْيٌ / بَغْيِ— সীমালংঘন; বিদ্রোহ; বাড়াবাড়ি; ক্রিয়ামূল—مصدر ।

بَغَى—সে বাড়াবাড়ি করল; বিদ্রোহ করল; অতীতকাল—ماضى ; ক্রিয়ামূল— بَغْىٌ ।

بُغِىَ— বাড়াবাড়ি করা হল; কর্মবাচ্য—مجهول; ক্রিয়ামূল—بَغْىٌ ।

بَغِيًّا—পাপী; গুনাহগার; সীমালংঘনকারী।

بَغْيُكُمْ—তোমাদের বাড়াবাড়ি; তোমাদের সীমালংঘনকারী আচরণ; كُمْ—সর্বনাম।

بَغْيِهِمْ—তাদের বাড়াবাড়ি; هِمْ—সর্বনাম।

بَقَرَ—গাভী; বলদ; বহুবচনে— بَقَرَاتٌ।

بَقَرَاتٍ— গরু—গাভী; একবচনে— بَقَرَةٌ ।

بَقَرَةً— গাভী; বহুবচনে-بَقَرٌ বা بَقَرَاتٌ ।

بُقْعَةِ— জায়গা; জমি; অংশ; বহুবচনে بُقَعٌ এবং بِقَاعٌ ।

بَقْلِهَا– তার (জমিনের) শাকসব্জি; هَا– সর্বনাম।

بَقِيَ–সে বাকী রইল; রয়ে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بَقَاءٌ ।

بَقِيَّةٌ– অবশিষ্ট; বাকী মুনাফা; পরিশিষ্ট।

بِكَ– তোমাকে; তোমা হতে; তোমার সাথে; তোমার সৌজন্যে।

بَكَتْ–সে (স্ত্রী) কাঁদল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُكَاءٌ।

بِكْرٌ– কুমারী; যার উপর কোন বোঝা চাপানো হয়নি; পূর্ণবয়স্ক উট।

بُكْرَةً– দিনের প্রথম অংশ; সকাল।

بِكُمْ–তোমাদেরকে; তোমাদের সাথে; তোমাদের হতে; তোমাদের সৌজন্যে।

بَكَّةَ–মক্কা মুয়াজ্জমার এক নাম।

بُكِيًّا–কান্নারত; ক্রন্দনরত; একবচনে– بَاكِيٌ ; (ক্রন্দনকারী)।

بَلْ–বরং; প্রকৃতপক্ষে; কিন্তু।

بَلَاءٌ– পরীক্ষা; যাচাই।

بِلَادٌ–শহর; একবচনে– بَلَدٌ ।

بَلَاغٌ– পৌঁছে দেয়া; যথেষ্ট হওয়া।

بَلَدٍ / بَلْدَةٌ / بَلَدًا– শহর।

بَلَغَ–সে পৌঁছে গিয়েছে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ এবং بَلَاغٌ ।

بَلِّغْ– পৌঁছে দাও; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– تَبْلِيْغٌ ।

بَلَغَا– তারা দু'জন পৌঁছে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَغْتُ– আমি পৌঁছে গেলাম; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَغْتَ– তুমি পৌঁছে গেলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَغَتْ– সে (স্ত্রী) পৌঁছেছে; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَّغْتَ– তুমি পৌঁছে দিলে; তাবলীগ করলে; অতীতকাল – ماضى ; ক্রিয়ামূল– تَبْلِيْغٌ ।

بَلَغْنَ– তারা (স্ত্রী) পৌঁছে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَغَنِىْ– আমার নিকট এসে পৌঁছেছে; ক্রিয়ামূল– بُلُوْغٌ ; نِىْ – সর্বনাম।

بَلَغُوْا– তারা পৌঁছল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بُلُوْغٌ ।

بَلَوْنَا– আমরা পরীক্ষা করলাম;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– بَلْوٌ এবং بَلَاءٌ ।
بَلَوْنَاهُمْ– আমরা তাদেরকে পরীক্ষা করলাম; هُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– بَلْوٌ এবং بَلَاءٌ ।
بَلَى– হ্যাঁ; অবশ্যই; কেন নয়; أَلَا (তাই নয় কি?) এর উত্তর।
بَلِيغًا–তর্কবাগীশ; পৌছে যাওয়া ব্যক্তি।
بِمَا–কোন বস্তুর সাথে; কি বস্তু থেকে।
بِمَا–যা; ঐ বস্তু হতে।
بِهِ–তার সাথে; তাকে।
بِنَا–আমাদেরকে; আমাদের সাথে।
بِنَاءٌ– দালান; অট্টালিকা; ইমারত।
بَنَّاءٌ– অট্টালিকা নির্মাণকারী;
কর্তৃকারক– اسم فاعل ।
بَنَاتٌ– কন্যাগণ;একবচনে– بِنْتٌ ।
بَنَاتِكَ– তোমার কন্যাগণ;
كَ –সর্বনাম।
بَنَاتُكُمْ–তোমাদের কন্যাগণ;
كُمْ –সর্বনাম।
بَنَاتِي–আমার কন্যাগণ; ى–সর্বনাম।
بَنَانٌ–আঙ্গুলের কড়; আঙ্গুলের মাথা; হাড়ের জোড়া; একবচনে– بَنَانَةٌ ।

بَنَانَهُ– তার হাড্ডির জোড়াসমূহ; তার আঙ্গুলের কড়সমূহ; তার আঙ্গুলের মাথা; هُ– সর্বনাম।
بَنَوْا–তারা তৈরী করল;
অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– بِنَاءٌ ।
بَنُوْا اِسْرَاءِيْلَ / بَنِى اِسْرَائِيْلَ– হযরত ইয়াকুব (আ) এর বংশধর; আল কুরআনের একটি সূরার নাম।
بَنُوْنَ–ছেলে; একবচনে– اِبْنٌ ।
بُنَىَّ / بُنَىِّ– আমার ছেলে; আমার প্রিয় সন্তান; প্রিয় বৎস।
بَنِى اٰدَمَ– আদম (আ) এর সন্তানগণ অর্থাৎ সকল মানুষ।
بُنْيَانٌ– অট্টালিকা; প্রাসাদ।
بُنْيَانَهُ–তার প্রাসাদ; তার অট্টালিকা; هُ– সর্বনাম।
بُنْيَانَهُمْ–তাদের অট্টালিকা; তাদের প্রাসাদ; তাদের ইমারত; هُمْ– সর্বনাম।
بَنِيْنَ–ছেলেগণ; একবচনে– اِبْنٌ ।
بَنَيْنَا– আমরা বানিয়েছি; তৈরী করেছি;
অতীতকাল– ماضى; ক্রিয়ামূল بِنَاءٌ ।
بَنَيْنَاهَا– আমরা তাকে (স্ত্রী) সৃষ্টি করেছি; هَا– সর্বনাম।
بَنِيهِ– তার সন্তানগণ; هِ– সর্বনাম।

بَنٰهَا– তাকে (স্ত্রী) সে বানিয়েছে;
هَا –সর্বনাম; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– بِنَاءٌ ।
بَوَارِ–ধ্বংসযজ্ঞ; ক্রিয়ামূল–مصدر ।
بَوَّاَكُمْ–তোমাদেরকে জায়গা দিল;
كُمْ–সর্বনাম; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– تَبْوِئَةٌ ।
بَوَّاْنَا–আমরা জায়গা দিলাম; আশ্রয় দিলাম; ক্রিয়ামূল–تَبْوِئَةٌ।
بُوْرًا– ধ্বংসশীল; একবচনে–بَائِرٌ ;
بُوْرًا শব্দটিও একবচন এবং বহুবচনে ব্যবহৃত হয়।
بُوْرِكَ– তাদেরকে বরকত দেয়া হয়েছিল; অতীতকাল– مَاضِى ;
কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল–مُبَارَكَةٌ ।
بِهٖ– তার সাথে; ه–সর্বনাম।
بِهَا– তার (স্ত্রী) সাথে; هَا– সর্বনাম।
بُهِتَ– সে আতংকিত হল; হতভম্ভ হয়ে গেল; অতীতকাল– مَاضِى ;
কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল–بَهْتٌ ।
بُهْتَانٌ/بُهْتَانًا– মিথ্যা অপবাদ; মিথ্যা অভিযোগ; এমন কথা যা শ্রোতাকে পেরেশান করে তুলে।
بَهْجَةٌ– সৌন্দর্য; সন্তুষ্টি; আনন্দিত হওয়া।

بِهِمْ– তাদের সাথে;
তাদেরকে; هِمْ–সর্বনাম।
بِهِمَا–তাদের দু'জনের সাথে; তাদের দু'জনকে; هِمَا– সর্বনাম।
بِهِنَّ– তাদের (স্ত্রী) সাথে;
তাদেরকে; هِنَّ– সর্বনাম।
بَهِيْجٍ– আলোকোজ্জ্বল; তরতাজা; প্রাণবন্ত ।
بَهِيْمَةٌ– চতুষ্পদ জন্তু–জানোয়ার;
বহুবচনে–بَهَائِمُ ।
بِىْ– আমার সাথে;আমাকে; ىْ–সর্বনাম।
بَيَاتًا– রাতে এসে পড়া; ঘুমন্ত অবস্থায় শত্রুর উপর আক্রমণ করা।
بَيَانٌ– বর্ণনা করা; স্পষ্ট বর্ণনা।
بَيَانَهٗ– তাকে বর্ণনা করা; ه–সর্বনাম।
بَيَّتَ– সে রাতে পরামর্শ করল;
ক্রিয়ামূল– تَبْيِيْتٌ ।
بَيْتٌ– ঘর; বাড়ী; বহুবচনে–بُيُوْتٌ ।
اَلْبَيْتُ الْحَرَامُ –কা'বা ঘর; সম্মানিত ঘর।
بَيْتُ الْعَنْكَبُوْتِ– মাকড়সার ঘর।
بَيْتُ الْعَتِيْقُ– কা'বা ঘর; عَتِيْقٌ শব্দের অর্থ হচ্ছে মুক্ত অথবা পুরাতন। যেহেতু

কা'বা ঘর পৃথিবীর সর্ব প্রথম ঘর এবং তা স্বাধীন সত্তা নিয়ে আজও বিদ্যমান এজন্য একে 'বাইতুল আতীক' বলে।

اَلْبَيْتُ الْمَعْمُوْرُ– কা'বা ঘর; যে ঘর সর্বদা আবাদ রাখা হয়। যেহেতু কা'বা ঘর তার প্রিয় বান্দাদের দ্বারা সর্বদা আবাদরত এজন্য কা'বাকে বাইতুল মা'মুর বলা হয়; কা'বা ঘর বরাবর সপ্ত আসমানে ফেরেশ্‌তাদের জন্য নির্মিত ইবাদাত খানা, তাকেও বাইতুল মা'মুর বলা হয়।

بَيْتَكَ– তোমার ঘর; كَ– সর্বনাম।

بَيْتِهٖ– তার ঘর; هٖ– সর্বনাম।

بَيْتِهَا– তার (স্ত্রী) ঘর; هَا–সর্বনাম।

بَيْتِىْ– আমার ঘর; ى– সর্বনাম।

بِئْرٌ– কূয়া; কূপ।

بِئْسَ– নিকৃষ্ট; খারাপ।

بِئْسَمَا– যা কিছু খারাপ; ওগুলো নিকৃষ্ট বস্তু।

بَيْضٌ– ডিম; একবচনে– بَيْضَةٌ ।

بِيْضٌ– সাদা; একবচনে– اَبْيَضُ ।

بَيْضَاءُ– সাদা; বহুবচনে– بِيْضٌ ।

بَيْعٌ– ক্রয়; বিক্রয়; এ শব্দটি যদিও উভয় অর্থে ব্যবহৃত হয়, তবু বিক্রি অর্থেই বেশী ব্যবহৃত হয়।

بَيْعِكُمْ– তোমাদের ক্রয়বিক্রয়; তোমাদের বাইয়াত; كُمْ–সর্বনাম।

بَيْنَ/بَيْنِ– মধ্যে; পৃথক; মাঝে।

بَيِّنٌ– প্রকাশ্য; সুস্পষ্ট।

بَيَّنَّا– আমরা বলে দিয়েছি; বিবৃত করেছি; نَا–সর্বনাম; ক্রিয়ামূল– تَبْيِيْنٌ ।

بَيِّنَاتٌ– প্রকাশ্য প্রমাণ; সুস্পষ্ট প্রমাণ; দলিল; একবচনে– بَيِّنَةٌ ।

بَيَّنّٰهُ– আমরা তাকে বলে দিয়েছি; هُ–সর্বনাম; ক্রিয়ামূল– تَبْيِيْنٌ ।

بَيْنَهَا– তার (স্ত্রী) মধ্যে; তার মাঝে; هَا–সর্বনাম।

بَيْنَهُمْ/بَيْنِهِمْ– তাদের মধ্যে; هُمْ–সর্বনাম।

بَيْنَهُمَا– তাদের দুয়ের মধ্যে; দুজনের মাঝে; هُمَا–সর্বনাম।

بَيْنَهُنَّ– তাদের (স্ত্রী) মাঝে; هُنَّ–সর্বনাম।

بَيْنِىْ– আমার মাঝে; ى– সর্বনাম।

بُيُوْتٌ– ঘর; একবচনে– بَيْتٌ ।

بُيُوْتِكُمْ– তোমাদের ঘর; كُمْ– সর্বনাম।

بُيُوْتِكُنَّ– তোমাদের (স্ত্রী) ঘর; كُنَّ– সর্বনাম।

بُيُوْتِنَا– আমাদের ঘর; نَا– সর্বনাম।
بُيُوْتِهِمْ– তাদের ঘর; هِمْ– সর্বনাম।
بُيُوْتِهِنَّ– তাদের (স্ত্রী) ঘর;
هِنَّ– সর্বনাম।
بَئِيْسٍ– শক্ত; কঠিন।

ت

ت– এ অক্ষরটি আল্লাহর নামের সাথে শপথের জন্য ব্যবহৃত হয়; যের দায়ক অব্যয়– حرف جار ।

تَابَ– সে তওবা করল; সে ফিরে এল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল–تَوْبَةٌ ।

تَابَا– তারা দু'জন তওবা করল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল–تَوْبَةٌ।

تَابِعٍ– অনুসারী; বাধ্যগত; ক্রিয়ামূল– تَبْعٌ এবং تَبَاعٌ ।

تَابِعِيْنَ– অনুসারী; সাথী; একবচনে– تَابِعٌ ; ক্রিয়ামূল–تَبَاعٌ ।

تَابُوْا– তারা তওবা করল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– تَوْبَةٌ ।

تَابُوْتُ– সিন্দুক, বড় বাক্স।

تَاْبَى– সে (স্ত্রী) অবজ্ঞা করল; সে অস্বীকার করল; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল–اِبَاءٌ ।

تَاْتِ– তুমি আসবে; তুমি নিবে; সে নিবে; ক্রিয়ামূল–اِتْيَانٌ।

تَاْتِنَا– তুমি (অবশ্যই) আমাদের নিকট পাবে; ক্রিয়ামূল– اِتْيَانٌ ।

تَاْتُنَّنِى– তোমরা অবশ্যই আমার নিকট নিয়েআসবে; نِى– সর্বনাম।

تَاْتُوْا– তোমরা আসতে থাক; নিতে থাক; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–اِتْيَانٌ।

تَاْتُوْنَ– তোমরা করছ, তোমরা আসছ; তোমরা আসবে; বর্তমান/ভবিষ্যত কাল–مضارع; ক্রিয়ামূল–اِتْيَانٌ ।

تَاْتُوْنَنَا– তোমরা আমাদের নিকট আসছ/আসবে; نَا–সর্বনাম; ক্রিয়ামূল–اِتْيَانٌ ।

تَاْتُوْنِى–তোমাকে আমার নিকট আনা হবে; نِى–সর্বনাম; ক্রিয়ামূল–اِتْيَانٌ ।

تَاْتِهِمْ–তোমাকে তাদের নিকট নেয়া হবে; هِمْ–সর্বনাম ক্রিয়ামূল–اِتْيَانٌ ।

تَاْتِيَ– তুমি নিয়ে আসবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– اِتْيَانٌ।

تَأْتِيْ– সে (স্ত্রী) আসবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِتْيَانٌ ।
تَأْتِيْكُمْ– সে (স্ত্রী) তোমাদের নিকট আসছে; كُمْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যত কাল–مضارع ; ক্রিয়ামূল–اِتْيَانٌ ।
تَأْتِيْنَا– সে (স্ত্রী) আমাদের নিকট আসবে; তুমি আমাদের নিকট আসবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–اِتْيَانٌ ; نَا– সর্বনাম।
تَأْتِيَنَّكُمْ–সে (স্ত্রী) তোমাদের নিকট অবশ্যই আসবে; كُمْ–সর্বনাম;
ক্রিয়ামূল–اِتْيَانٌ ।
تَأْتِيْهِمْ– তুমি তাদের নিকট আসবে/ আসছ; كُمْ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যত কাল–مضارع ; সে তাদের নিকট আসছে/ আসবে;
একবচনে স্ত্রীলিঙ্গ, مضارع ;
ক্রিয়ামূল–اِتْيَانٌ ।
تَأْثِيْمٌ/تَأْثِيْمًا– পাপকাজ; গুনাহের কথাবার্তা; অপরাধে নিমজ্জিত করা;
ক্রিয়ামূল– مصدر ।
تَأْجُرَنِيْ–তুমি আমার চাকুরী করবে;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اَجْرٌ ।

تَأْخُذْ– তুমি ধর; তুমি নাও;
ক্রিয়ামূল– اَخْذٌ ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ।
تَأْخُذُكُمْ– তোমাদেরকে সে (এসে) ধরবে; كُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–اَخْذٌ ।
تَأْخُذُوْا–তোমরা নিয়ে নাও;
ক্রিয়ামূল– اَخْذٌ ; বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ।
تَأْخُذُوْنَهٗ– তোমরা তাকে নিচ্ছ/নিবে;
هٗ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ; ক্রিয়ামূল–اَخْذٌ ।
تَأْخُذُوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) নিচ্ছ/ নিবে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– اَخْذٌ ।
تَأْخُذُهٗ– সে তাকে ধরে নিচ্ছে; সে তাকে ধরছে; هٗ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–اَخْذٌ ।
تَأَخَّرَ– সে পিছনে রইল; পিছনে এল;
অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– تَأَخُّرٌ
تَأَذَّنَ– সে বলে দিল; ঘোষণা করল; আহবান করল; ক্রিয়ামূল– تَأَذُّنٌ ।
تَارِكٌ– ত্যাগকারী; ক্রিয়ামূল– تَرْكٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
تَارِكُوْا / تَارِكِيْ– পরিত্যাগকারীগণ;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– تَرْكٌ ।

تَارَةً– মাত্রা, কিস্তি, বার।

تَأْسَ–তুমি চিন্তা করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– أَسَى ।

تَأْسِرُوْنَ– তোমরা বন্দী করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– أَسْرٌ।

(لَا) تَأْسَوْا– তোমরা চিন্তা করোনা,
চিন্তিত হয়োনা; নিষেধাজ্ঞাসূচক
ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– أَسَى ।

تَأْفِكَنَا– তুমি আমাদেরকে বিপরীত
দিকে ফিরিয়ে দিলে; نَا– সর্বনাম;
ক্রিয়ামূল– أَفْكٌ ।

تَأْكُلُ–তুমি খাচ্ছ/খাবে; বর্তমান/
ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– أَكْلٌ।

تَأْكُلُوْا/تَأْكُلُوْنَ– তোমরা খাও, খেতে
থাক; বর্তমান/ ভবিষ্যত
কাল– مضارع ; ক্রিয়ামূল– أَكْلٌ।

تَأْكُلُوْهَا– তোমরা তা খেতে থাক,
খাও; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– أَكْلٌ ।

تَأْكُلُهُ– সে (স্ত্রী) তা খায়/খাচ্ছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
هُ– সর্বনাম;ক্রিয়ামূল– أَكْلٌ ।

تَأْلَمُوْنَ– তোমরা কষ্টে আছ,
অশান্তিতে আছ;
বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ;
ক্রিয়ামূল– أَلَمٌ।

تَالِيَاتِ– পাঠকগণ;
তেলাওয়াতকারীগণ; ক্রিয়ামূল– تِلَاوَةٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

تَأْمُرُكَ– সে (স্ত্রী) তোমাকে নির্দেশ
দিচ্ছে; كَ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– أَمْرٌ ।

تَأْمُرُنَا– তুমি আমাদেরকে নির্দেশ দিচ্ছ;
نَا– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– أَمْرٌ।

تَأْمُرُوْنَنَا– তোমরা আমাদেরকে নির্দেশ
দিচ্ছ; نَا– সর্বনাম; ক্রিয়ামূল– أَمْرٌ।

تَأْمُرُوْنِّيْ– তোমরা আমাকে আদেশ
করছ, নির্দেশ দিচ্ছ; نِيْ–সর্বনাম;
ক্রিয়ামূল– أَمْرٌ ।

تَأْمُرُهُمْ– সে তাদেরকে নির্দেশ দিচ্ছে;
তুমি তাদেরকে নির্দেশ দিচ্ছ;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– أَمْرٌ ।

تَأْمُرِيْنَ– তুমি (স্ত্রী) নির্দেশ দাও;
ক্রিয়ামূল– أَمْرٌ ।

تَأْمَنْ– তুমি আমাদেরকে আমানতদার হিসেবে জান; ক্রিয়ামূল– أَمَانَةٌ ; نَا–সর্বনাম।

تَأْمَنْهُ– তুমি তাকে আমানত দাও; তার কাছে আমানত রাখ; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– أَمَانَةٌ ।

تَأْوِيلْ/تَأْوِيلاً –সঠিক অর্থ প্রকাশ করা; ক্রিয়ামূল–مصدر ।

تَأْوِيلُهُ–তার সঠিক অর্থ, প্রকৃত অর্থ; هُ– সর্বনাম।

تَائِبَاتٍ– তওবাকারিণীগণ; একবচনে– تَائِبَةٌ ; ক্রিয়ামূল– تَوْبَةٌ । কর্তৃকারক– اسم فاعل ।

تَائِبُوْنَ– তওবাকারীগণ; একবচনে– تَائِبٌ ; ক্রিয়ামূল– تَوْبَةٌ ; কর্তৃকারক– اسم فاعل।

تُبْ–তুমি তওবা কবুল কর; মাফ কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– تَوْبَةٌ ।

تَبَّ– সে ধ্বংস হল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– تَبٌّ ।

تَبَابٍ– ধ্বংস হওয়া; বিনষ্ট হওয়া; ক্রিয়ামূল– مصدر ।

تَبَارًا–ধ্বংস হওয়া, নষ্ট হওয়া, এ শব্দটি ক্রিয়ামূল–مصدر।

تَبَارَكَ–তিনি অত্যন্ত বরকতওয়ালা; তিনি অত্যন্ত মর্যাদাবান; ক্রিয়ামূল– تَبَارُكٌ ।

(لاَ) تُبَاشِرُوْهُنَّ– তোমরা তাদের (স্ত্রী) সাথে মেলামেশা করোনা; هُنَّ– সর্বনাম; ক্রিয়ামূল– مُبَاشَرَةٌ ।

تَبَايَعْتُمْ–তোমরা বেচাকেনা করলে; তোমরা বাইয়াত গ্রহণ করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَبَايُعٌ ।

تُبْتُ– আমি তওবা করলাম; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– تَوْبَةٌ ।

تَبَّتْ– সে (স্ত্রী) ধ্বংস হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল–تَبٌّ এবং تَبَابٌ ।

تَبْغُوْا– তোমরা চাও/চাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল–اِبْتِغَاءٌ ।

تَبْتَغُوْنَ– তোমরা চাচ্ছ; তোমরা খুঁজছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল–اِبْتِغَاءٌ ।

تَبْتَغِى– তুমি চাচ্ছ; তোমরা খুঁজছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল–اِبْتِغَاءٌ ।

تَبَتَّلْ– তুমি দুনিয়া হতে পৃথক হও; সবকিছু বিসর্জন দিয়ে আল্লাহর ইবাদাতে মগ্ন হও;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر;
ক্রিয়ামূল– تَبَتُّلٌ ।

تُبْتُمْ– তোমরা তওবা করলে;
অতীতকাল– ماضي ;
ক্রিয়ামূল– تَوْبَةٌ ।

تَبْتَئِسْ (لَا)–তোমরা চিন্তা করোনা; দুশ্চিন্তায় ভুগো না;
ক্রিয়ামূল–اِبْتِئَاسٌ ;
নিষেধাজ্ঞাসূচকক্রিয়া–نهى ।

تَبْتِيلًا– সবকিছু থেকে পৃথক হয়ে আল্লাহর দিকে মনোনিবেশ করা;
ক্রিয়ামূল–مصدر ।

تَبْخَسُوْا (لَا) – তোমরা কম করোনা, হ্রাস করোনা, অতীতকাল– ماضي ;
ক্রিয়ামূল– بَخْسٌ ।

تَبْخَلُوْا– তোমরা কৃপণতা করলে/ বখিলী করলে; অতীতকাল– ماضي ;
ক্রিয়ামূল– بُخْلٌ ।

تُبْدَ– সে (স্ত্রী) প্রকাশ করছে; তাকে প্রকাশ করা হয়েছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল– اِبْدَاءٌ।

تُبَدَّلُ–সে পরিবর্তন হয়ে যাবে; তাকে পরিবর্তন করা হবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ;
কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– تَبْدِيلٌ ।

تَبَدَّلْ–তুমি পরিবর্তন করছ/করবে;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– تَبْدِيلٌ ; (মূলতঃ تَتَبَدَّلْ ছিল, ব্যাকরণের নিয়মে একটি تَ বাদ দেয়া হয়েছে।)

تُبْدُوْا / تُبْدُوْنَ– তোমরা প্রকাশ করছ/করবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِبْدَاءٌ ।

تُبْدُوْهَا– তোমরা তাকে প্রকাশ করছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– اِبْدَاءٌ ।

تُبْدُوْهُ– তোমরা তাকে প্রকাশ কর, هُ– সর্বনাম; ক্রিয়ামূল– اِبْدَاءٌ ।

تُبْدِي–সে প্রকাশ করে দিচ্ছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِبْدَاءٌ।

تَبْدِيلٌ– পরিবর্তন করা; বিনিময় করা;
ক্রিয়ামূল– مصدر ।

(لَا)تُبَذِّرْ– তুমি অপব্যয় করোনা; অপচয় করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– تَبْذِيرٌ ।

تَبْذِيْرًا– অপচয় করা, অপব্যয় করা; ক্রিয়ামূল– مصدر ।

تَبَرَّأَ–সে অসন্তুষ্ট হল, বেজার হল; ক্রিয়ামূল– تَبَرُّءٌ ।

تَبَرَّأْنَا– আমরা অসন্তুষ্ট হয়ে গেলাম, আমরা অসন্তুষ্টি প্রকাশ করলাম; ক্রিয়ামূল– تَبَرُّدٌ

تَبَرُّجَ–প্রদর্শন করা; ক্রিয়ামূল–مصدر ।

(لا) تَبَرَّجْنَ – তোমরা (স্ত্রী) প্রদর্শন করছ; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া-نهى ; ক্রিয়ামূল– تَبَرُّجٌ ।

تَبَّرْنَا– আমরা ধ্বংস করে দিলাম; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– تَتْبِيْرٌ ।

تَبَرَّءُوْا– তারা অসন্তুষ্ট হল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– تَبَرُّءٌ ।

تَبَرُّوْا– তোমরা সৎকাজ কর, ভাল কর; নেকী করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– بِرٌّ ।

تَبَرُّوْهُمْ– তোমরা তাদের সাথে ভাল ব্যবহার করতে থাক; ইহসান করতে থাক; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– بِرٌّ ।

تَبْسُطْهَا–তুমি তাকে (স্ত্রী) প্রসারিত করছ; বিস্তৃতি ঘটাচ্ছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– بَسْطٌ ।

تُبْسَلَ– সে ধরা পড়ে যাবে; ধ্বংসে নিপতিত হবে; বর্তমান/ভবিষ্যত কাল–مضارع ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– اِبْسَالٌ ।

تَبَسَّمَ– সে মুচকি হাসি দিল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَبَسُّمٌ ।

تُبَشِّرُ– তুমি সুসংবাদ দিতে থাক; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– تَبْشِيْرٌ ।

تُبَشِّرُوْنَ – তোমরা সুসংবাদ শোনাতে থাক , ক্রিয়ামূল– تَبْشِيْرٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَبْشِيْرٌ– সুসংবাদ দেয়া; ক্রিয়ামূল– مصدر ।

تُبْصِرُ– তুমি দেখবে; বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ; ক্রিয়ামূল– اِبْصَارٌ ।

تُبْصِرُوْنَ– তোমরা দেখছ /দেখবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– اِبْصَارٌ ।

تَبْصِيْرَةً/تَبْصِيْرٌ– দেখানো; বুঝানো; ক্রিয়ামূল– مصدر ।

(لا) تُبْطِلُوْا – তোমরা বাতিল করোনা; ক্রিয়ামূল– اِبْطَالٌ ।

تَبِعَ– সে অনুসরণ করল; আনুগত্য করল; অনুগত হল;
অতীতকাল–مَاضِى; ক্রিয়ামূল–تَبْعٌ ।

تُبَّعٍ– ইয়েমেনের ঐ বাদশাহর উপাধি; যিনি হাজারা মাওত হতে সাবা ও হিমইয়ার এলাকা পর্যন্ত রাজত্ব করতেন।

تَبَعًا–অনুসরণকারী; একবচনে–تَابِعٌ; কর্তৃকারক–اسم فاعل। ক্রিয়ামূল–تَبِعٌ ।

تُبْعَثُنَّ–অবশ্যই তোমাদেরকে উঠান হবে; ক্রিয়ামূল–بَعْثٌ ।

تَبِعَكَ– সে তোমার অনুসরণ করল; অতীতকাল–مَاضِى; كَ –সর্বনাম; ক্রিয়ামূল–تَبِعٌ ।

تَبِعَنِى–সে আমার অনুসরণ করেছে; نِى–সর্বনাম; অতীতকাল–مَاضِى; ক্রিয়ামূল–تَبْعٌ ।

تَبِعُوا– তারা অনুসরণ করল; অতীতকাল–مَاضِى; ক্রিয়ামূল–تَبْعٌ ।

تَبْغِ (لا)– তুমি চেয়োনা, আশা করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া–نَهِى; ক্রিয়ামূল–بُغَاءٌ بُغَاوَةٌ ।

تَبْغُوا– তোমরা খুঁজতে থাক; তোমরা চাও; বর্তমান/ভবিষ্যতকাল–مُضَارِعٌ; (শব্দটি মূলত تَبْغُونَ ছিল, ব্যাকরণগত কারণে نَ– বাদ দেয়া হয়েছে)।

تَبْغُونَهَا–তোমরা তা চাও; তাকে (স্ত্রী) খুঁজছ; هَا–সর্বনাম; ক্রিয়ামূল–بُغَاءٌ ।

تَبْغِى– সে (স্ত্রী) সীমালংঘন করছে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–بَغْىٌ।

تُبْقِى– সে (স্ত্রী) অবশিষ্ট রাখবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–اِبْقَاءٌ ।

تَبْكُونَ– তোমরা কাঁদছ; বর্তমান/ভবিষ্যতকাল–مضارع; ক্রিয়ামূল–بُكَاءٌ।

تَبْلُغَ– তুমি পৌছাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–بُلُوغٌ।

تَبْلُغُوا– তোমরা পৌছতে থাক; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– بُلُوغٌ ।

تَبْلُوا– তারা পরীক্ষা করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– بَلَاءٌ ।

تُبْلَوُنَّ– তোমরা অবশ্যই পরীক্ষিত হবে; বর্তমান/ভবিষ্যতকাল–مضارع; ক্রিয়ামূল– بَلَاءٌ; কর্মবাচ্য– مجهول ।

تُبْلَى– তাকে (স্ত্রী) পরীক্ষা করা হবে; বর্তমান/ভবিষ্যকাল– مضارع; ক্রিয়ামূল– بَلَاءٌ ।

تَبْنُوْنَ– তোমরা বানাচ্ছ; তৈরী করছ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– بِنَاءٌ ।

تَبُوْءَ– তুমি ফিরে যাবে; প্রত্যাবর্তন করবে; উপার্জন করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– بَوْءٌ ।

تَبَوَّأَ– তোমরা দু'জন আশ্রয় সন্ধান কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر; ক্রিয়ামূল– تَبَوُّءٌ ।

تَبُوْرَ– সে ধ্বংস হয়ে গেল; ক্রিয়ামূল– بَوَارٌ ।

تَبَوَّءُوْا– তারা আশ্রয় নিয়েছে; তারা জায়গা নিল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَبَوُّءٌ ।

تُبَوِّئُ– তুমি জায়গা দিচ্ছ, আশ্রয় দিচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَبْوِئَةٌ ।

تَبْهَتُهُمْ– সে তাদের জ্ঞানবুদ্ধি লোপ করে দিবে; তারা হতবিহবল হয়ে যাবে; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– تَبْهَتُ এবং بَهْتٌ ।

تِبْيَانًا– বর্ণনা করা; খুলে বলা; বিবৃত করা; ক্রিয়ামূল– مصدر ।

تَبِيْدَ– সে (স্ত্রী) ধ্বংস হয়ে যাচ্ছে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– بَيَادٌ ; এবং بُيُوْدٌ ।

تَبْيَضُّ– তা সাদা হয়ে গেল; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِبْيِضَاضٌ ।

تَبِيْعًا– দাবীদার; যে পিছু পিছু চলে; অনুসারী; ক্রিয়ামূল– مصدر ।

تَبَيَّنَ– সে প্রকাশ হয়ে পড়ল; তা খুলে গেল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَبَيُّنٌ ।

تَبَيَّنَتْ– সে (স্ত্রী) জেনেছে; অনুধাবন করল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَبَيُّنٌ ।

تَبَيَّنُوْا– তোমরা যাচাই করে নাও; খুলে নাও; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– تَبَيُّنٌ ।

تَتَبَدَّلُوْا (لَا) – তোমরা পরিবর্তন করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– تَبَدُّلٌ ।

تَتَّبِعُ– তুমি অনুসরণ করছ, বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِتِّبَاعٌ ।

تَتَّبِعَانِّ (لا)– তোমরা দু'জন কখনো অনুসরণ করবে না; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া – نهى ; ক্রিয়ামূল– اِتِّبَاعٌ ।

تَتَّبِعَنِ– তুমি আমার অনুসরণ করছ; نِ–সর্বনাম; ক্রিয়ামূল–اِتِّبَاعٌ ।

تَتَّبِعُوْا– তোমরা অনুসরণ করছ/ করবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِتِّبَاعٌ ।

تَتَّبِعُوْنَ– তোমরা অনুসরণ করছ/করবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِتِّبَاعٌ ।

تَتَّبِعُوْنَا– তোমরা আমাদের অনুসরণ করতে থাক; نَا– সর্বনাম; ক্রিয়ামূল–اِتِّبَاعٌ ।

تَتْبَعُهَا– সে (স্ত্রী) পিছু পিছু আসছে; সে তার পিছু নেবে; هَا–সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَبْعٌ ।

تَتْبِيْبٍ– ধ্বংস করে দেয়া; বরবাদ করা; ক্রিয়ামূল–مصدر ।

تَتْبِيْرًا–সর্বদা ক্ষতির মধ্যে থাকা; ক্রিয়ামূল– مصدر ।

تَتَجَافَى– সে (স্ত্রী) পৃথক রইল; দূর হল; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَجَافِىْ ।

تَتَّخِذُ–তুমি ধরছ; গ্রহণ করছ; তুমি বানাচ্ছ, বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– اِتِّخَاذٌ ।

تَتَّخِذُنَا– তুমি আমাদেরকে গ্রহণ করছ; আমাদেরকে ধরছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– اِتِّخَاذٌ ।

تَتَّخِذُوْا/تَتَّخِذُوْنَ– তোমরা গ্রহণ করছ, বানাচ্ছ, ধরছ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِتِّخَاذٌ ।

تَتَّخِذُوْنَهُ– তোমরা তাকে বানাচ্ছ; তাকে ধরছ; তাকে গ্রহণ করছ; هُ– সর্বনাম; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল–اِتِّخَاذٌ ।

تَتَذَكَّرُوْنَ– তোমরা উপদেশ গ্রহণ করছ/করবে; ক্রিয়ামূল– تَذَكُّرٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَتْرَى– একের পর এক; একাধারে; (মূলতঃ শব্দটি ছিল وَتْرَى কিন্তু ওয়াও (و) কে ব্যাকরণের নিয়মে পরিবর্তন করে تَتْرَى বানানো হয়েছে।)

تُتْرَكُوْا/تُتْرَكُوْنَ– তোমাদেরকে ছেড়ে দেয়া হবে; কর্মবাচ্য–مجهول ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَرْكٌ ।

تَتْرُكْهُ– তুমি তাকে পরিত্যাগ করবে; هُ–সর্বনাম; ক্রিয়ামূল– تَرْكٌ ।

(لَا)تَتَفَرَّقُوْا– পরস্পর বিচ্ছিন্ন হয়োনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– تَفَرُّقٌ ।

تَتَفَكَّرُوْا– তোমরা চিন্তাভাবনা কর; আজ্ঞাসূচক ক্রিয়া–امر; ক্রিয়ামূল– تَفَكُّرٌ ।

تَتَفَكَّرُوْنَ– তোমরা চিন্তাভাবনা করবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَفَكُّرٌ ।

تَتَقَلَّبُ– তারা ফিরে যাবে/যাচ্ছে; বর্তমান/ ভাবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَقَلُّبٌ ।

تَتَّقُوْا/تَتَّقُوْنَ– তোমরা বেঁচে থাক; তোমরা ভয় কর; তোমরা বেঁচে থাকবে; বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ; ক্রিয়ামূল– اِتِّقَاءٌ ।

تَتَكَبَّرُ– তুমি অহংকার করছ; ক্রিয়ামূল– تَكَبُّرٌ থেকে বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ।

تَتَلَقَّهُمْ– তারা তাদের সাথে সাক্ষাৎ করবে; هُمْ–সর্বনাম; ক্রিয়ামূল–تَلَقِّىْ ।

تَتْلُوْا– সে (স্ত্রী) (শয়তানের দল) পাঠ করে; তুমি পাঠ কর; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– تِلَاوَةٌ ।

تَتْلُوْا– তোমরা পাঠ কর; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تِلَاوَةٌ ।

تُتْلٰى– সে (স্ত্রী) পড়ছে, পাঠ করছে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– تِلَاوَةٌ ।

(لَا) تَتَمَنَّوْا– তোমরা আশা করোনা; আকাংখা করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া–نهى; ক্রিয়ামূল– تَمَنِّىْ ।

(لَا) تَتَنَاجَوْا – তোমরা কানে কানে কথা বলোনা, গোপন পরামর্শ করোনা, নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– تَنَاجِىْ ।

تَتَنَزَّلُ– তারা অবতীর্ণ হয়;
ক্রিয়ামূল– تَنَزُّلٌ থেকে
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَتُوبَا– তোমরা দু'জন তওবা করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَوْبَةٌ ।

تَتَوَفَّهُمْ– তারা তাদের রুহ কবজ করে; هُمْ–সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَوَفِّى ।

تَتَوَلَّوْا– তোমরা ফিরে যাচ্ছ/ যাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَوَلِّى ।

(لا) تَتَوَلَّوْا– তোমরা সম্পর্ক রেখোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া–نهى ;
ক্রিয়ামূল–تَوَلِّى ।

تَثْبِيتًا– প্রতিষ্ঠিত করা; প্রতিষ্ঠিত রাখা; ক্রিয়ামূল–مصدر ।

تَثْرِيبَ– মন্দ বলা; অভিযোগ করা; অপরাধী করা; তিরস্কার করা;
ক্রিয়ামূল–مصدر ।

تَثْقَفَنَّهُمْ– তুমি তাদেরকে অবশ্যই পাবে;
هُمْ–সর্বনাম; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– ثَقْفٌ ।

تُثِيرُ– সে চাষাবাদ করে; উৎপন্ন করে; সে কর্ষণ করে; ক্রিয়ামূল– اِثَارَةٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُجَادِلُ– তুমি ঝগড়া করছ; সে ঝগড়া করছে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع;
(একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ উভয়ভাবে ব্যবহৃত হয়)
ক্রিয়ামূল– مُجَادَلَةٌ ।

تُجَادِلُكَ–সে (স্ত্রী) তোমার সাথে ঝগড়া করছে; বিতর্ক করছে; كَ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– مُجَادَلَةٌ ।

تُجَادِلُوا– তোমরা বিতর্ক করছ; ঝগড়া করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল–مُجَادَلَةٌ ।

تُجَادِلُونَنِى– তোমরা আমার সাথে বিতর্ক করছ; ঝগড়া করছ,
نِى – সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–مُجَادَلَةٌ ।

تِجَارَةٌ– ক্রয় বিক্রয়, ব্যবসা বাণিজ্য;
ক্রিয়ামূল–مصدر ।

تِجَارَتُهُمْ– তাদের ব্যবসা, ক্রয়–বিক্রয়;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–تِجَارَةٌ ।

تُجَاهِدُوْنَ– তোমরা জিহাদ করছ; চেষ্টা সাধনা করছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল –مُجَاهَدَةٌ ।

تَجْتَنِبُوْا– তোমরা বিরত থাকবে, সতর্ক থাকবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِجْتِنَابٌ ।

تَجِدُ– সে (স্ত্রী) পাবে; তুমি পাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– وِجْدَانٌ এবং وُجُوْدٌ। (একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ উভয় লিঙ্গে এ শব্দটি ব্যবহৃত হয়)।

تَجِدَنَّ– তুমি অবশ্যই পাচ্ছ বা পাবে; ক্রিয়ামূল– وِجْدَانٌ বা وُجُوْدٌ ।

تَجِدَنَّهُمْ– তুমি তাদেরকে অবশ্যই পাবে; هُمْ–সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– وِجْدَانٌ বা وُجُوْدٌ ।

تَجِدُوْا/تَجِدُوْنَ– তোমরা পাচ্ছ, পাবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– وِجْدَانٌ বা وُجُوْدٌ ।

تَجِدُوْهُ- তোমরা তাকে পাবে; هُ– সর্বনাম ; ক্রিয়ামূল–وِجْدَانٌ ।

تُجْرِمُوْنَ– তোমরা অপরাধ করছ/ করবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল –اِجْرَامٌ ।

تَجْئَرُوْا - তোমরা ফরিয়াদ করছ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جُوَارٌ এবং جَارٌ ।

تَجْئَرُوْنَ– তোমরা ফরিয়াদ করছ; প্রতিষ্ঠিত করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جُوَارٌ এবং جَارٌ ।

تَجْرِىْ– তা (স্ত্রী) প্রবাহিত হয়; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَرْىٌ এবং جَرَيَانٌ ।

تَجْرِيَانِ– দুটো স্রোতস্বিনী; প্রবহমান দুটো নদী; ক্রিয়ামূল–جَرْىٌ বা جَرَيَانٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُجْزَوْنَ– তোমরা বিনিময় প্রাপ্ত হবে; তোমাদেরকে বিনিময় দেয়া হবে; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল–جَزَاءٌ ।

تَجْزِىْ– সে (স্ত্রী) বিনিময় হবে; কাজে আসবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–جَزَاءٌ ।

تُجْزٰى– তাকে বিনিময় দেয়া হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– جَزَاءٌ ।

(لَا) تَجَسَّسُوْا – তোমরা গোপন অনুসন্ধান করোনা, গোয়েন্দাগিরি করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– تَجَسُّسٌ ।

تَجْعَلْ– তুমি বানাবে; তুমি করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَعْلٌ ।

تَجْعَلْنَا– তুমি আমাদেরকে বানাও ; نَا– সর্বনাম; ক্রিয়ামূল– جَعْلٌ ।

تَجْعَلْنِى–তুমি আমাকে কর; তুমি আমাকে বানাও; نِى– সর্বনাম; ক্রিয়ামূল–جَعْلٌ ।

تَجْعَلُوْا– তোমরা বানাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–جَعْلٌ ।

تَجْعَلُوْنَ– তোমরা নিযুক্ত করছ; তোমরা বানাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَعْلٌ ।

تَجْعَلُوْنَهٗ– তোমরা তাকে বানাচ্ছ; তোমরা তাকে নিযুক্ত করছ; ہٗ– সর্বনাম; ক্রিয়ামূল– جَعْلٌ ।

تَجَلّٰى– সে আলোকিত হল; প্রকাশ হল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَجَلِّىٌ ।

تَجْمَعُوْا– তোমরা জমা করছ, একত্রিত করছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَمْعٌ ।

تَجُوْعَ– তুমি ক্ষুধার্ত আছ; তোমার ক্ষুধা পাচ্ছে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল–جَوْعٌ ।

(لَا) تَجْهَرْ – তুমি আওয়াজ উচ্চ করোনা; নিষেধাজ্ঞা সূচক ক্রিয়া–نهى; ক্রিয়ামূল– جَهْرٌ ।

تَجْهَرُوْا– তোমরা আওয়াজ উচ্চ করছ/করবে; তোমরা ডাকছ/ডাকবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَهْرٌ ।

تَجْهَلُوْنَ– তোমরা মূর্খতা করছ; নির্বুদ্ধিতা প্রদর্শন করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– جَهْلٌ ।

تُحَاجُّوْنَ– তোমরা ঝগড়া করছ; বিতর্ক করছ;

বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–مُحَاجَةٌ ।
تُحَاجُّوْنَنَا– তোমরা আমাদের সাথে বিতর্ক করছ, ঝগড়া করছ;
نَا– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যত কাল– مضارع ;
ক্রিয়ামূল– مُحَاجَةٌ । (مُحَاجَةٌ শব্দের আসল অর্থ হচ্ছে একে অন্যের বিরুদ্ধে প্রমাণাদি উপস্থাপন করা))।
تُحَاجُّوْنِي– তোমরা আমার সাথে বিতর্ক/ঝগড়া করছ; نِيْ সর্বনাম;
ক্রিয়ামূল–مُحَاجَةٌ ।
(لَا)تَحَاضُّوْنَ– তোমরা একে অপরকে উৎসাহ দাওনা; পরস্পর তাকিদ করনা; ক্রিয়ামূল– تَحَاضٌّ ।
(শব্দটি ছিল মূলতঃ – تَتَحَاضُّوْنَ এখানে প্রথম ت টিকে বিলোপ করা হয়েছে; কারণ বাবে تفعل، تفاعل এবং تفعلل এর মধ্যে যদি দুটো ت থাকে তবে একটিকে বিলুপ্ত করা বৈধ)।
تَحَاوُرَكُمَا– তোমাদের দু'জনের কথাবার্তা; তোমাদের দু'জনের প্রশ্নোত্তর; كُمَا– সর্বনাম;
ক্রিয়ামূল– مصدر ।

تُحْبَرُوْنَ–তোমাদেরকে সম্মান করা হবে, খুশী করা হবে;
বর্তমান/ভবিষ্যত কাল– مضارع;
কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল– حَبْرٌ ।
تَحْبِسُوْنَهُمَا– তাদের দু'জনকে তোমরা রুখে দাঁড়িয়েছ; ক্রিয়ামূল– حَبْسٌ;
هُمَا –সর্বনাম; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ।
تَحْبَطَ– ওটা মুছে যাক; নষ্ট হয়ে যাচ্ছে; বাতিল হয়ে যাচ্ছে/যাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– حَبْطٌ ।
تُحِبُّوْا / تُحِبُّوْنَ– তোমরা ভালবাস, ভালবাসবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِحْبَابٌ ।
تُحِبُّوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) ভালাবাস, তাকে চাও, মহব্বত কর;
هَا– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল ;
ক্রিয়ামূল– اِحْبَابٌ ।
تُحِبُّوْنَهُمْ– তোমরা তাদের সাথে ভালবাসা রাখছ; তোমরা ওদেরকে চাচ্ছ; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–اِحْبَابٌ ।
تَحْتَ– নীচে; فَوْقَ (উপর) এর বিপরীত শব্দ।

تَحْتَكَ– তোমার নীচে; كَ– সর্বনাম।
تَحْتَهَا– তার (স্ত্রী) নীচে;
هَا– সর্বনাম।
تَحْتِهِمْ– তাদের নীচে; هُمْ– সর্বনাম।
تَحْتِي– আমার নীচে; ى– সর্বনাম।
تُحَدِّثُونَهُمْ– তোমরা তাদের সাথে কথাবার্তা বলছ; هُمْ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَحْدِيثٌ ।
تَحْذَرُونَ– তোমরা ভয় পাচ্ছ; তোমরা বাঁচার চেষ্টা করছ;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– حَذَرٌ ।
تَحْرُثُونَ– তোমরা বপন করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– حَرْثٌ ।
تَحْرِصْ– তুমি লোভ করছ; বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– حِرْصٌ ।
(لَا) تُحَرِّكْ– তুমি নাড়াচাড়া করোনা,
ক্রিয়ামূল– تَحْرِيكٌ ;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ।
تُحَرِّمُ– তুমি হারাম করছ; অবৈধ করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– تَحْرِيمٌ ।
تُحَرِّمُوا– তোমরা হারাম করছ;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَحْرِيمٌ ।
(لَا) تُحَرِّمُوا– তোমরা হারাম করে নিওনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ;
ক্রিয়ামূল– تَحْرِيمٌ ।
تَحَرَّوْا– তারা ইচ্ছে করল; তারা অনুমান করল; অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– تَحَرِّيٌ ।
تَحْرِيرٌ– মুক্ত করে দেয়া;
ক্রিয়ামূল– مصدر।
(لَا) تَحْزَنْ– তুমি দুশ্চিন্তা করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى;
ক্রিয়ামূল– حُزْنٌ ।
تَحْزَنَ– সে (স্ত্রী) চিন্তিত হচ্ছে;
ক্রিয়ামূল– حُزْنٌ ।
تَحْزَنُوا/تَحْزَنُونَ– তোমরা চিন্তিত হচ্ছ/হবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– حُزْنٌ ।
(لَا) تَحْزَنِي– তুমি (স্ত্রী) দুশ্চিন্তা করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى;
ক্রিয়ামূল– حُزْنٌ ।

تُحِسُّ– তুমি অনুভব করছ; তুমি দেখছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِحْسَاسٌ ।

تَحْسَبُ– তুমি ধারণা করছ; তুমি বুঝবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبُوْا(لَا)– তোমরা ধারণা করোনা; অনুমান করোনা; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبَنَّ– তুমি অবশ্যই ধারণা করছ/করবে; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبَنَّهُمْ– তুমি তাদেরকে ধারণা করছ; هُمْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبُوْنَهٗ– তোমরা তাকে ধারণা করছ; هٗ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبُوْهُ– তোমরা তার ব্যাপারে ধারণা করছ; هٗ– সর্বনাম; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسَبُهَا– তুমি তাকে (স্ত্রী) ধারণা করছ; هَا– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– حَسْبَانٌ ।

تَحْسَبُهُمْ– তুমি তাদেরকে বুঝাচ্ছ; তুমি তাদের প্রতি লক্ষ রাখছ; তুমি তাদেরকে ধারণা করছ; هُمْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

تَحْسُدُوْنَنَا– তোমরা আমাদের সাথে শত্রুতা করছ; তোমরা আমাদের সাথে হিংসা করছ; نَا– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল – مضارع ; ক্রিয়ামূল– حَسَدٌ ।

تَحَسَّسُوْا– তোমরা সন্ধান কর; গোপনে অনুসন্ধান কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر; ক্রিয়ামূল– تَحَسُّسٌ ।

تُحْسِنُوْا–তোমরা ইহসান কর; ভাল কাজ কর; ক্রিয়ামূল– اِحْسَانٌ ।

تَحُسُّوْنَهُمْ– তোমরা তাদেরকে হত্যা করছ, কাটতে শুরু করছ; هُمْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– حَسٌّ ।

تُحْشَرُوْنَ– তোমাদেরকে একত্রিত করা হবে;

বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– حَشْرٌ ।

تَحَصُّنًا– পরেহজগারী; সতর্ক থাক;
ক্রিয়ামূল– مصدر ।

تُحْصِنَكُمْ– সে (স্ত্রী) তোমাদেরকে বাঁচাবে; সুরক্ষিত রাখবে;
كُمْ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِحْصَانٌ ।

تُحْصِنُوْنَ– তোমরা ফিরিয়ে রাখছ; বাঁচিয়ে রাখছ,
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِحْصَانٌ ।

تُحْصُوْهُ– তোমরা তার হিসেব করবে, গণনা করবে, পূর্ণ করবে; هُ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِحْصَاءٌ ।

تُحْصُوْهَا– তোমরা তার (স্ত্রী) হিসেব করবে, গণনা করবে; هَا– সর্বনাম;
ক্রিয়ামূল– اِحْصَاءٌ ।

(لَمْ) تُحِطْ– তুমি ঘিরে রাখতে পারবেনা; তুমি আয়ত্ত করতে পারবে না; ক্রিয়ামূল– اِحَاطَةٌ ; নাবাচক
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع منفى ।

تَحْكُمَ– তুমি ফায়সালা করবে।
বর্তমান/ভবিষ্যত কাল– مضارع;
ক্রিয়ামূল– حُكْمٌ ।

تَحْكُمُوْا/تَحْكُمُوْنَ– তোমরা ফায়সালা করবে; ক্রিয়ামূল– حُكْمٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَحِلُّ– সে (স্ত্রী) হালাল হবে;
ক্রিয়ামূল– حِلٌّ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع

تَحُلُّ– অবতীর্ণ হবে; আবির্ভাব হবে;
ক্রিয়ামূল– حَلٌّ এবং حُلُوْلٌ ।

تَحِلَّةٌ– খোলা; হালাল করা; বৈধ করা; কসমের কাফ্‌ফারা আদায় করা;
ক্রিয়ামূল– مصدر ।

(لَا) تُحِلُّوْا– তোমরা হালাল মনে করোনা; ক্রিয়ামূল– اِحْلَالٌ ।

(لَا) تَحْلِقُوْا– তোমরা মুন্ডন করবেনা; কামিয়ে ফেলবেনা; ক্রিয়ামূল– حَلْقٌ ।

تَحْمِلُ– তুমি বহন করবে, নিবে;
ক্রিয়ামূল– حَمْلٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَحْمِلُ– সে (স্ত্রী) গর্ভবতী হচ্ছে/ হবে; সে বহন করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– حَمْلٌ ।

تُحَمِّلْنَا (لا)– তুমি আমাদের উপর বোঝা উঠিয়ে দিওনা; نَا– সর্বনাম; ক্রিয়ামূল–تَحْمِيْلٌ ।

تَحْمَلُوْنَ– তোমরা আরোহিত হও; তোমাদেরকে আরোহণ করানো হবে; তোমাদেরকে বহন করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– حَمْلٌ ।

تَحْمِلُهُ– তাকে বহন করছে; هُ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– حَمْلٌ ।

تَحْمِلُهُمْ– তুমি তাদেরকে আরোহণ; করাবে; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–حَمْلٌ ।

تَحْنَثْ (لا)– তুমি শপথ ভঙ্গ করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া–نهى ; ক্রিয়ামূল–حِنْثٌ ।

تَحْوِيْلاً– পরিবর্তন হওয়া; বদলে যাওয়া; ক্রিয়ামূল– مصدر ।

تَحِيَّةٌ– দু'আ; সালাম, সম্ভাষণ; ক্রিয়ামূল–مصدر ।

تَحِيَّتُهُمْ– তাদের দু'আ; তাদের দরূদ; هُمْ– সর্বনাম।

تَحِيْدُ– তুমি কিনারা করছ; সমাধান করছ; দূর করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– حَيْدٌ এবং حَيْدَانٌ ।

تُحِيْطُوْا– তোমরা ঘিরে ফেলছ, ঘিরে রাখছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِحَاطَةٌ ।

تَحْيَوْنَ– তোমরা বেঁচে থাকবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– حَيٰوةٌ ।

تَخَاصُمٌ– পরস্পর ঝগড়া বিবাদ করা; ক্রিয়ামূল– مصدر ।

تُخَاطِبْنِىْ– তুমি আমাকে লক্ষ্য করে বলছ, বক্তৃতা দিচ্ছ; نِىْ–সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– مُخَاطَبَةٌ ।

تَخَافُ– তুমি ভয় করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– خَوْفٌ ।

تَخَافَا (لا)– তোমরা দু'জন ভয় করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– خَوْفٌ ।

تُخَافِتْ (لا)– তুমি ধীরে ধীরে পড়বেনা; ধীরে ধীরে করোনা; ক্রিয়ামূল– مُخَافَتَةٌ ।

تَخَافَنَّ– তোমরা ভয় করবে;
ক্রিয়ামূল– خَوْفٌ ।
تَخَافُوْا/تَخَافُوْنَ– তোমরা ভয় করতে থাক; তোমরা ভয় করবে;
ক্রিয়ামূল– خَوْفٌ ।
تَخَافُوْهُمْ/تَخَافُوْنَهُمْ– তোমরা তাদেরকে ভয় পাচ্ছ; তোমরা তাদেরকে ভয় করবে;
هُمْ– সর্বনাম;
বর্তমান/ভাবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– خَوْفٌ ।
(لا) تَخَافِىْ– তুমি (স্ত্রী) ভয় করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ;
ক্রিয়ামূল– خَوْفٌ ।
تُخَالِطُوْهُمْ– তোমরা তাদেরকে মিলিয়ে নিচ্ছ, মিলাবে; هُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– مُخَالَطَةٌ ।
تُخْبِتُ– সে বিনয়ী হবে/হচ্ছে; বিনয় প্রকাশ করছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِخْبَاتٌ ।
تَخْتَانُوْنَ– তোমরা খিয়ানত করতে চাচ্ছ/চাবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِخْتِيَانٌ ।

تَخْتَصِمُوْ/تَخْتَصِمُوْنَ– তোমরা ঝগড়া করছ; তোমরা বিতর্ক করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِخْتِصَامٌ ।
تَخْتَلِفُوْنَ– তোমরা ইখতিলাফ করছ/মতানৈক্য করছ;
বর্তমান/ভাবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِخْتِلَافٌ ।
تَخِرُّ– সে (স্ত্রী) পড়ে যাচ্ছে/যাবে;
ক্রিয়ামূল– خُرُوْرٌ বা خَرٌّ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।
تَخْرُجُ– তুমি বের হচ্ছ/ হবে; সে (স্ত্রী) বের হচ্ছে/ হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
(একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ এবং একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ হিসেবে ব্যবহৃত হয়) ক্রিয়ামূল– خُرُوْجٌ ।
تُخْرِجُ– তুমি বের করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।
تُخْرِجْنَا– তুমি আমাদেরকে বের করে নাও; نَا– সর্বনাম; ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।
تَخْرُجُوْ/تَخْرُجُوْنَ– তোমরা বের হবে;
ক্রিয়ামূল– خُرُوْجٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُخْرِجُوْا– তোমরা বের করবে;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।

تُخْرِجُوْنَ– তোমরা বের করছ, করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।

تُخْرَجُوْنَ– তোমাদেরকে বের করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।

تُخْرِجُوْهُ– তোমরা তাকে বের করে দাও; ہٗ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল مضارع ;
ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।

تُخْرِجُوْهُنَّ– তোমরা তাদেরকে (স্ত্রী) বের করে দিচ্ছ/দিবে; هُنَّ– সর্বনাম;
ক্রিয়ামূল– اِخْرَاجٌ ।

تَخْرُصُوْنَ– তোমরা মিথ্যা বলছ; তোমরা ধারণা করছ; তোমরা অপবাদ দিচ্ছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– خَرْصٌ ।

تَخْرِقَ– তুমি বিদীর্ণ করবে; তুমি (হাঁটতে গিয়ে) মাটিকে দু'ভাগ করে ফেলবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– خَرْقٌ ।

تُخْزِنَا(لَا)– তুমি আমাদেরকে লজ্জিত করোনা, অপদস্থ করোনা;
ক্রিয়ামূল– اِخْزَاءٌ ।

تُخْزِنِىْ(لَا)– তুমি আমাকে লজ্জিত করোনা; نِى– সর্বনাম;
ক্রিয়ামূল– اِخْزَاءٌ ।

تُخْزُوْنِ(لَا)– তোমরা আমাকে অপমান করোনা; ক্রিয়ামূল – اِخْزَاءٌ ।

تُخْسِرُوْا– তোমরা ক্ষতিগ্রস্ত করবে; নষ্ট করবে/করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِخْسَارٌ ।

تَخْشَعَ– সে ভয় করছে/করবে; অনুনয় বিনয় করছে; সে কান্না জড়িত কণ্ঠে আবেদন করছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– خُشُوْعٌ ।

تَخْشَوْ (لَا)– তোমরা ভয় করোনা,
ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

تَخْشَوْنَ– তোমরা ভয় পাচ্ছ/পাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

تَخْشَوْنَهُمْ/تَخْشَوْهُمْ– তোমরা তাদেরকে ভয় করছ; هُمْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

تَخْشَىٰ– তুমি ভয় করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

تَخْشَاهُ– তুমি তাকে ভয় করছ; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

(لَا) تَخْضَعْنَ– তোমরা বিনয়ী হয়োনা; তোমরা নরম হয়োনা, নীচু করোনা; ক্রিয়ামূল– خُضُوعٌ ।

تَخْطَفُهُ– ঐ (পাখীগুলো) তাকে হঠাৎ ছিনিয়ে নিয়ে যাচ্ছে/ যাবে; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– خَطْفٌ ।

تَخُطُّهُ– তুমি তাকে লিখছ; পত্র দিচ্ছ; هُ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– خَطٌّ ।

(لَا) تَخَفْ– তুমি ভয় পেয়োনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– خَوْفٌ ।

تُخْفُوا/تُخْفُونَ– তোমরা গোপন করছ; ক্রিয়ামূল– إِخْفَاءٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُخْفُوهُ– তোমরা তাকে গোপন করছ; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– إِخْفَاءٌ ।

تُخْفُوهَا– তোমরা তাকে (স্ত্রী) গোপন করছ; সে (স্ত্রী) গোপন করছে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– إِخْفَاءٌ ।

تُخْفِي– তুমি গোপন করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– إِخْفَاءٌ ।

(এ শব্দটি একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গে ব্যবহৃত হয়।)

تَخْفَىٰ– সে (স্ত্রী) গোপন হয়ে যায়; গোপন হয়ে থাকে; ক্রিয়ামূল– خَفَاءٌ ।

تَخْفِيفٌ– হাল্কা করা; কম করা; সহজ করা; ক্রিয়ামূল– مصدر ।

تَخَلَّتْ– সে (স্ত্রী) খালি হয়ে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَخَلِّيٌ ।

تَخْلُدُونَ– তোমরা সর্বদা থাকবে; ক্রিয়ামূল– خُلُودٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُخْلِفُ– তুমি বিপরীত করছ; বর্তমান/ভবিষ্যতকাল–مضارع ; ক্রিয়ামূল– إِخْلَافٌ ।

تَخْلُقُهُ– তুমি তাকে উল্টো পাবে;
هُ– সর্বনাম; ক্রিয়ামূল– اِخْلَافٌ ।
تَخْلُقُ– তুমি সৃষ্টি করছ/ করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– خَلْقٌ ।
تَخْلُقُوْنَ– তোমরা বানাচ্ছ/বানাবে;
তোমরা সৃষ্টি করছ/করবে;
ক্রিয়ামূল–خَلْقٌ ।
تَخْلُقُوْنَهُ– তোমরা তাকে সৃষ্টি করছ;
ক্রিয়ামূল– خَلْقٌ ।
تَخَوُّفٍ– ভয় করা; ভীতি প্রদর্শন করা;
ক্রিয়ামূল– مصدر ।
تَخُوْنُوْا– তোমরা খিয়ানত করছ;
ক্রিয়ামূল– خِيَانَةٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।
تَخْوِيْفًا– ভয় পাওয়া; ভীতি প্রদর্শন;
ক্রিয়ামূল– مصدر ।
تَخَيَّرُوْنَ– তোমরা পছন্দ করছ/করবে;
ক্রিয়ামূল– تَخَيُّرٌ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
মূলতঃ শব্দটি تَتَخَيَّرُوْنَ ছিল। একটি
ت বাদ দেয়া হয়েছে।
تَدَارَكَهُ– তাকে পেয়ে গেল; তার নিকট
পৌছল; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল– تَدَارُكٌ ।

تَدَايَنْتُمْ– তোমরা পরস্পর লেনদেন
করলে; তোমরা পরস্পর ঋণ দিলে;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَدَايُنٌ ।
تَدَّخِرُوْنَ– তোমরা সঞ্চয় করে রাখ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِدِّخَارٌ ।
تُدْخِلِ– তুমি প্রবেশ করাচ্ছ/ করাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِدْخَالٌ ।
تَدْخُلُنَّ– তোমরা অবশ্যই প্রবেশ করবে;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।
تَدْخُلُوْا– তোমরা প্রবেশ করবে; তোমরা
প্রবেশ করতে থাকবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।
تَدْخُلُوْهَا– তোমরা সেখানে প্রবেশ
করতে থাকবে, প্রবেশ করবে;
هَا– সর্বনাম; ক্রিয়ামূল– دُخُوْلٌ ।
تَدْرُسُوْنَ– তোমরা পাঠ করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– دَرْسٌ ।
تُدْرِكَ– সে (স্ত্রী) পায়; সে অর্জন করে;
বর্তমান/ভবিষ্যতকাল–مضارع ;
ক্রিয়ামূল– اِدْرَاكٌ ।

(لا)تُدْرِكْهُ– সে তাকে পাবেনা; সে তাকে আয়ত্ত করতে পারবেনা;
هُ– সর্বনাম; ক্রিয়ামূল– اِدْرَاكٌ ।

تَدْرُوْنَ– তোমরা জান/বুঝ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– دِرَايَةٌ ।

تَدْرِيْ– তুমি জান/জানবে; সে (স্ত্রী) জানবে/বুঝবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল –دِرَايَةٌ ।
(এ শব্দটি একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গে এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গে ব্যবহৃত হয়) ।

تَدْعُوْا/تَدْعُ– সে (স্ত্রী) আহবান করছে; সে দু'আ করছে; তুমি আহবান করছ, দু'আ করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল –دُعَاءٌ ।

تَدْعُوْا/تَدْعُوْنَ– তোমরা আহবান করছ; দু'আ করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–دُعَاءٌ ।

(لا) تَدْعُ– তুমি আহবান করোনা, দু'আ করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া–نهى;
ক্রিয়ামূল–دُعَاءٌ ।

تُدْعَوْنَ– তোমাদেরকে আহবান করা হচ্ছে; অবিরাম ডাকা হচ্ছে;
ক্রিয়ামূল– دُعَاءٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَدَّعُوْنَ– তোমরা ইচ্ছে করছ/করবে; তোমরা চাবে, আবেদন করবে;
ক্রিয়ামূল– اِدِّعَاءٌ ।

تَدْعُوْنَا/تَدْعُوْنَنَا– তোমরা আমাদেরকে ডাকছ; نَا– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– دُعَاءٌ ।

تَدْعُوْنَنِيْ– তোমরা আমাকে ডাকছ, আহবান করছ; نِيْ –সর্বনাম;
বর্তমান /ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– دُعَاءٌ ।

تَدْعُوْنَهُ– তোমরা তাকে ডাকছ, আহবান করছ; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল–دُعَاءٌ ।

تَدْعُوْهُمْ– তুমি তাদেরকে ডাকছ, আহবান করছ; هُمْ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল–دُعَاءٌ; (এ শব্দটি একবচন ও বহুবচনে ব্যবহৃত হয়)।

تَدْعُهُمْ– তুমি তাদেরকে ডাকছ;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল–دُعَاءٌ ।

تُدْعٰى– তার (স্ত্রী) ডাকা হচ্ছে; তাকে (স্ত্রী) ডাকা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

تُدْلُوْا– তোমরা পৌঁছাচ্ছ; তোমরা টেনে নিয়ে যাচ্ছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– اِدْلَاءٌ ।

تَدَلّٰى– সে ঝুলে আসল; তার আগমন ঘটল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَدَلِّىْ ।

تُدَمِّرُ– সে ধ্বংস করে; সে পৃথক করে; সে নিশ্চিহ্ন করে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– تَدْمِيْرٌ ।

تَدْمِيْرًا– ধ্বংস করা; নিশ্চিহ্ন করা; ক্রিয়ামূল– مصدر ।

تَدُوْرُ– সে ঘুরাফেরা করছে; সে পুনরাগমন করবে; ক্রিয়ামূল– دَوْرٌ এবং دَوَرَانٌ ।

تُدْهِنُ– তুমি নরম কর; সহজ কর; ক্রিয়ামূল– اِدْهَانٌ থেকে বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُدِيْرُوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) ঘুরিয়েছ; তোমরা পরিবর্তন করছ; তোমরা লেনদেন করছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– اِدَارَةٌ ।

تَذْبَحُوْا– তোমরা যবেহ কর/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– ذَبْحٌ ।

(لَا)تَذَرْ– তুমি ছেড়ে দিওনা; কেটে ফেলোনা; ক্রিয়ামূল– وَذْرٌ ।

تَذَرُ– তুমি ছেড়ে দিচ্ছ; সে (স্ত্রী) ছেড়ে দিচ্ছে; সে কেটে ফেলেছে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– وَذْرٌ । (এ শব্দটি একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ এবং একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গে ব্যবহৃত হয়) ।

(لَا)تَذَرُ– সে ছাড়বে না; না–বাচক বর্তমান/ভবিষ্যতকাল–مضارع منفى ; ক্রিয়ামূল–وَذْرٌ ।

تَذَرُنَّ– তোমরা অবশ্যই ছেড়ে দিবে, নিক্ষেপ করবে; ক্রিয়ামূল– وَذْرٌ ।

تَذَرْنِىْ– তুমি আমাকে ছেড়ে দিবে; نِىْ– সর্বনাম; ক্রিয়ামূল–وَذْرٌ ।

تَذَرُوْنَ– তোমরা ছেড়ে দিচ্ছ/দিবে; ক্রিয়ামূল–وَذْرٌ ।

تَذْرُوهُ– তাকে উড়িয়ে (বিক্ষিপ্ত করে) দিচ্ছে; هُ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– ذَرْوٌ অথবা وَذْرٌ ।

تَذَرُوْهَا– তোমরা তাকে ছেড়ে দিচ্ছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ ।

تَذَرْهُمْ– তোমরা তাদেরকে ছেড়ে দিচ্ছ/ছেড়ে দিবে; هُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– وَذْرٌ ।

تَذْكُرُ– তুমি স্মরণ করছ/ করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– ذِكْرٌ ।

تَذَكَّرَ– সে নসীহত কবুল করল; স্মরণ করল, চিন্তাভাবনা করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَذَكُّرٌ ।

تُذَكِّرَ– সে স্মরণ করিয়ে দিবে; তাকে স্মরণ করানো হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

تَذَكَّرُوْا– তারা স্মরণ করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَذَكُّرٌ ।

تَذْكُرُوْا / تَذْكُرُوْنَ– তোমরা স্মরণ করতে থাক; ক্রিয়ামূল– ذِكْرٌ থেকে বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَذْكُرُوْنَهُنَّ– তোমরা তাদের ক (স্ত্রী) স্মরণ করতে থাক; তোম তাদের ধ্যান করবে; هُنَّ– সর্ব ম;
ক্রিয়ামূল– ذِكْرٌ ।

تَذْكِرَةٌ– নসীহত; রণিকা; স্মারক;
ক্রিয়ামূল– مصدر ।

تَذْكِيْرِىْ– আম নসীহত করা; আমার বুঝানো; স্ম ণ করিয়ে দেয়া;
ى – স ম; تَذْكِيْرٌ– ক্রিয়ামূল।

تُذِلُّ– তুমি অপমান কর, লাঞ্ছনা দাও;
ব মান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِذْلاَلٌ ।

تَذْلِيْلاً– অপমান অপদস্থ করা; লাঞ্ছনা দেয়া; ক্রিয়ামূল– مصدر ।

تَذُوْدَانِ– তারা দুজন (স্ত্রী) বাধা দিচ্ছিল; তাড়িয়ে নিচ্ছিল;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– ذَوْدٌ ।

تَذُوْقُوْا– তোমরা স্বাদ আস্বাদন করছ/স্বাদ আস্বাদন করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– ذَوْقٌ ।

تَذْهَبُ/تَذْهَبْ– সে (স্ত্রী) যাচ্ছে/যাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– ذَهَابٌ ।

تَذْهَبُوْا / تَذْهَبُوْنَ– তোমরা যাচ্ছ/যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– ذَهَابٌ ।

تَذْهَلُ– সে (স্ত্রী) ভুলে যাচ্ছে/যাবে; ভ্রান্তিতে নিমজ্জিত হয়েছে; গাফেল হয়ে যাচ্ছে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– ذُهُوْلٌ ।

(لَمْ)تَرَ– তুমি দেখনি; ক্রিয়ামূল–رُؤْيَةٌ ।

تَرٰى– তুমি দেখছ/দেখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

تَرَاءَ– তারা একে অপরকে দেখল; পরস্পর সাক্ষাৎ হল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَرَاءِىْ বা تَرَاءِىٌ ।

تَرَائِبُ– পাঁজরের অস্থি; খাঁচা; একবচনে– تَرِيْبَةٌ ।

تَرَاءَتْ– তা সামনে প্রতিভাত হল, দেখা গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَرَاءِىٌ

تُرَابٌ / تُرَابًا– মাটি।

تُرَاثٌ– মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি; মিরাস; (প্রকৃতপক্ষে শব্দটি ছিল وِرَاثٌ, ব্যকরণের নিয়মে و কে ت দিয়ে বদল করা হয়েছে)।

تَرَاضٍ– সন্তুষ্টি, পরস্পর খুশী হয়ে যাওয়া; ক্রিয়ামূল– مصدر ।

تَرَاضَوْا– তারা এমনিই রাজী হয়ে গেল, খুশী হয়ে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَرَاضٍ বা تَرَاضِىٌ ।

تَرَاضَيْتُمْ– তোমরা স্বেচ্ছায় রাজী হয়ে গেলে; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَرَاضٍ বা تَرَاضِىٌ ।

تَرَاقِىَ– ঘাড়, ঘাড়ের হাড়সমূহ; একবচনে– تَرْقُوَةٌ ।

تُرَاوِدُ– সে (স্ত্রী) চাচ্ছে বা চাবে; সে (স্ত্রী) ইচ্ছে করছে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– مُرَاوَدَةٌ ।

تَرَبُّصٌ– অপেক্ষা করা; থেমে থাকা; ক্রিয়ামূল– مصدر ।

تَرَبَّصْتُمْ– তোমরা প্রতীক্ষা করলে; পথ দেখালে; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَرَبُّصٌ ।

تَرَبَّصُوْا– তোমরা প্রতীক্ষা কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر; ক্রিয়ামূল– تَرَبُّصٌ ।

تَرَبَّصُوْنَ– তোমরা প্রতীক্ষা করছ/ করবে; তোমরা রাস্তা দেখতে থাক; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَرَبُّص ।

تَرْتَابُوْا– তোমরা সন্দেহ করছ; তোমরা বিভ্রান্তিতে পড়ে যাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِرْتِيَابٌ ।

(لَا) تَرْتَدُّوْا– তোমরা ফিরে যেওনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– اِرْتِدَادٌ ।

تَرْتِيْلاً– সহী শুদ্ধভাবে; ধীরে ধীরে; থেমে থেমে পাঠ করা; ক্রিয়ামূল– مصدر ।

تَرِثُوْا– তোমরা ওয়ারিশ হয়ে যাও; প্রাপ্য অংশ বুঝে নাও; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– وِرَاثَةٌ ।

تُرْجَعُ– তাকে (স্ত্রী) প্রত্যাবর্তন করানো হয়; ফেরানো হয়; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল– رُجُوْعٌ ।

تُرْجَعُوْنَ– তোমাদেরকে প্রত্যাবর্তন করানো হবে; ফিরিয়ে আনা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল–رُجُوْعٌ ।

تَرْجِعُوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) ফিরিয়ে নিচ্ছ/ফিরিয়ে নিবে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল–رُجُوْعٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَرْجِعُوْهُنَّ–তোমরা তাদেরকে (স্ত্রী) ফিরিয়ে নাও/নিচ্ছ; هُنَّ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– رُجُوْعٌ ।

تَرْجُفُ– তা নড়ে উঠবে; কেঁপে যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; স্ত্রীলিঙ্গ– مؤنث; ক্রিয়ামূল– رَجْفٌ ।

تَرْجُمُوْنِ– তোমরা আমাকে পাথর নিক্ষেপে হত্যা কর; نِ–সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– رَجْمٌ ।

تَرْجُوْا– তুমি ইচ্ছে পোষণ করছ/করবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رَجَاءٌ ।

تَرْجُوْنَ– তোমরা ইচ্ছে পোষণ করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رَجَاءٌ ।

تَرْجُوْهَا– তুমি তার আকাঙ্ক্ষা করছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– رَجَاءٌ ।

تُرْجِىْ– তুমি পিছনে রাখবে; ছেড়ে দিবে; ক্রিয়ামূল– اِرْجَاء হতে বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَرْحَمْنَا– তুমি আমাদের উপর রহম করবে; نَا– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– رَحْمَةٌ ।

تَرْحَمْنِىْ– তুমি আমাকে রহম করবে; نِىْ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– رَحْمَةٌ ।

تُرْحَمُوْنَ– তোমাদের উপর রহম করা হবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– رَحْمَةٌ ।

تُرَدُّ– তা ফেরৎ দেয়া হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– رَدٌّ ।

تَرَدّٰى– সে (স্ত্রী) নীচে পড়ে গেল, ধ্বংস হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَرَدِّىْ বা تَرَدِّىْ ।

تَرْدٰى– তুমি ধ্বংস হবে, পড়ে যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رَدٰى ।

تُرِيْدُوْنَ– তোমরা চাচ্ছ, ইচ্ছে করছ; ক্রিয়ামূল– اِرَادَةٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُرَدُّوْنَ– তোমাদেরকে ফিরিয়ে আনা হবে; ক্রিয়ামূল– رَدٌّ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; কর্মবাচ্য– مجهول ।

تُرْدِيْنِ– তুমি আমাকে ধ্বংস করছ/করবে; ن – সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِرْدَاءٌ ।

تَرْزُقُ– তুমি রিযিক দাও; ক্রিয়ামূল– رِزْقٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُرْزَقَانِهٖ– তোমাদের দু'জনকে সে রিযিক দিয়ে যাচ্ছে; ه– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– رِزْقٌ ।

تَرْضٰى– তুমি রাজী হবে, রাজী হয়ে যাও; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رِضٰى ।

تَرْضَاهُ– তুমি তাকে পছন্দ করছ/করবে; ه– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رِضًى ।

تَرْضٰهَا— তুমি তাকে (স্ত্রী) পছন্দ করবে; তুমি তার ব্যাপারে রাজী হবে; هَا— সর্বনাম; ক্রিয়ামূল— رِضًى ।

تُرْضِعُ— সে (স্ত্রী) দুধ পান করায়; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع; ক্রিয়ামূল— اِرْضَاعٌ ।

تَرْضَوْا— তোমরা রাজী হচ্ছো/হবে; ক্রিয়ামূল— رِضْوَانٌ বা رِضًى ।

تَرْضَوْنَ— তোমরা রাজী হচ্ছো/হবে; তোমরা পছন্দ করবে; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ; ক্রিয়ামূল— رِضْوَانٌ বা رِضًى ।

تَرْضَوْنَهَا— তোমরা তাকে (স্ত্রী) পছন্দ করছ/করবে; هَا— সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ; ক্রিয়ামূল—رِضًى ।

تَرْغَبُوْنَ— তোমরা চাচ্ছ, আশা করছ; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ; ক্রিয়ামূল—رَغْبَةٌ ।

تُرْفَعَ— তাকে উঁচু করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع; কর্মবাচ্য—مجهول; ক্রিয়ামূল— رَفْعٌ ।

(لَا)تَرْفَعُوْا —তোমরা উঁচু করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া— نهى; ক্রিয়ামূল— رَفْعٌ ।

تَرْقُبُ— তুমি অপেক্ষা করছ; তুমি হেফাজত করছ; ক্রিয়ামূল— رُقُوْبٌ ।

تَرْقٰى— তুমি চড়ে যাও; আরোহণ করছ; বর্তমান ভবিষ্যতকাল— مضارع; ক্রিয়ামূল— رُقِىٌّ ।

تَرَكَ— সে নিক্ষেপ করেছে; সে ছেড়ে দিয়েছে; অতীতকাল— ماضى ; ক্রিয়ামূল— تَرْكٌ ।

تَرْكَبُنَّ— তোমরা (স্ত্রী) অবশ্যই আরোহণ করবে; ক্রিয়ামূল— رُكُوْبٌ ।

تَرْكَبُوْا / تَرْكَبُوْنَ— তোমরা আরোহণ করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ; ক্রিয়ামূল— رُكُوْبٌ ।

تَرْكَبُوْهَا— তোমরা তার উপর আরোহণ কর; هَا— সর্বনাম; ক্রিয়ামূল—رُكُوْبٌ ।

تَرَكْتُ—আমি ত্যাগ করলাম; ছেড়ে দিলাম; ক্রিয়ামূল— تَرْكٌ ।

تَرَكْتُمْ— তোমরা ছেড়ে দিয়েছ, ত্যাগ করেছ; অতীতকাল— ماضى ; ক্রিয়ামূল— تَرْكٌ ।

تَرَكْتُمُوْهَا— তোমরা তাকে ছেড়ে দিয়েছ; هَا—সর্বনাম; ক্রিয়ামূল—تَرْكٌ ; (تَرَكْتُمُوْ এবং تَرَكْتُمْ শব্দ দু'টো

দেখতে এবং লিখতে পার্থক্য থাকলেও অর্থের কোন পার্থক্য নেই।)

تَرْكُضُوْا– তোমরা চড়ে পদাঘাত কর; ক্রিয়ামূল– رِكْضٌ; এ শব্দটির অর্থ ঘোড়ায় চড়ে ঘোড়ার পেটে পদাঘাত করা।

تَرَكْنَ– তারা (স্ত্রী) ছেড়ে দিল; তারা ত্যাগ করেছে; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرْكَنْ– তুমি ঝুঁকে পড়; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُكُوْنٌ।

تَرَكْنَا– আমরা ত্যাগ করেছি, ছেড়ে দিয়েছি; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرَكْنَاهَا– আমরা তাকে (স্ত্রী) ত্যাগ করলাম; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرْكَنُوْا– তোমরা ঝুঁকে পড়; ক্রিয়ামূল– رُكُوْنٌ।

تَرَكُوْا– তারা ত্যাগ করল, ছেড়ে দিল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرَكُوْكَ– তারা তোমাকে ত্যাগ করল; كَ– সর্বনাম; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرَكَهُ– তাকে ছেড়ে দিল, ত্যাগ করল; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرَكَهُمْ তাদেরকে ত্যাগ করল, ছেড়ে দিল; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– تَرْكٌ।

تَرْمِىْ– সে (স্ত্রী) নিক্ষেপ করছে/করবে; ক্রিয়ামূল– رَمْىٌ।

تَرْمِيْهِمْ– সে তাদের উপর নিক্ষেপ করে; هِمْ– সর্বনাম; ক্রিয়ামূল– رَمْىٌ।

تَرَنِىْ– তুমি আমাকে দেখছ/দেখবে; نِ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تَرَوْا / تَرَوْنَ– তোমরা দেখছ/দেখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تَرَوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) দেখছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تَرَوُنَّهَا– তোমরা অবশ্যই তা দেখবে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تَرَوْنَهُمْ– তোমরা তাদেরকে দেখবে, هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تَرَوْهَا– তোমরা তাকে দেখবে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ।

تُرْهِبُوْنَ– তোমরা ভয় পাচ্ছ/পাবে; ক্রিয়ামূল– اِرْهَابٌ।

(لا) تُرْهِقْنِيْ– তুমি আমাকে নিক্ষেপ করো না; نِيْ–সর্বনাম; ক্রিয়ামূল–اِرْهَاقٌ ।

تَرْهَقُهَا– তার (স্ত্রী) উপর চড়ে আসছে; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– رَهَقٌ ।

تَرْهَقُهُمْ– তাদের উপর চড়ে আসছে, هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– رَهَقٌ ।

تَرَى– তুমি দেখছ/ দেখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

تُرِيْحُوْنَ– তুমি সন্ধ্যায় ফিরিয়ে আনবে; ক্রিয়ামূল– اِرَاحَةٌ । (অর্থাৎ সন্ধ্যায় চতুষ্পদ জন্তু নিয়ে গৃহে প্রত্যাবর্তন করা)।

تُرِيْدُ– তুমি চাচ্ছ/চাবে; ইচ্ছে করছ/করবে;ক্রিয়ামূল– اِرَادَةٌ ।

تُرِيْدُوْنَ– তোমরা ইচ্ছে করছ/ করবে; তোমরা চাচ্ছ/চাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِرَادَةٌ ।

تَرَيِنَّ– তুমি (স্ত্রী) অবশ্যই দেখছ/ দেখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

تُرِيَنِّيْ– তুমি আমাকে অবশ্যই দেখাচ্ছ/দেখাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِرَاءَةٌ ।

تَرَنِيْ– তুমি আমাকে দেখবে; نِيْ–সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

تَرَاهُ– তুমি তাকে দেখবে; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

تَرَاهُمْ– তুমি তাদেরকে দেখবে; هُمْ–সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।

(لا) تَزَالُ– তুমি সর্বদা থাকবেনা; না বাচক– বর্তমান ভবিষ্যতকাল– مضارع منفى; ক্রিয়ামূল–زَوَالٌ ।

تَزَاوَرُ– সে মধ্যে যাচ্ছে, সরে যাচ্ছে; ক্রিয়ামূল–تَزَاوُرٌ থেকে বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

(لا) تَزِدْ– তুমি বাড়িওনা; বেশী করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া – نهى ; ক্রিয়ামূল–زِيَادَةٌ ।

تَزْدَادُ– সে (স্ত্রী) বৃদ্ধি পাচ্ছে; বাড়িয়ে দিচ্ছে; ক্রিয়ামূল– اِزْدِيَادٌ ।

تَزْدَرِيْ– সে তুচ্ছ মনে করছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِزْدِرَاءٌ ।

تَزِرُ– সে (স্ত্রী) বোঝা বহন করবে;
ক্রিয়ামূল– وِزْرٌ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَزْرَعُوْنَ– তোমরা বপন করছ;
কৃষিকাজ করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– زَرْعٌ ।

تَزْعُمُوْنَ– তোমরা দাবী করছ, ধারণা করছ; বর্তমান
ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– زَعْمٌ ।

(لَا) تُزِغْ– পরিবর্তন করে দিওনা;
ফিরিয়ে দিওনা; নিষেধাজ্ঞাসূচক
ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– اِزَاغَةٌ ।

(لَا) تُزَكُّوْا– পবিত্র মনে করোনা;
পবিত্র বানিওনা; নিষেধাজ্ঞাসূচক
ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– تَزْكِيَةٌ ।

تَزَكّٰى– সে পবিত্র হল, শুধরে নিল;
তুমি পবিত্রতা অর্জন কর;
ক্রিয়ামূল– تَزَكٍّ ।
(একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ, অতীতকাল এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ, বর্তমান/ভবিষ্যতকালে ব্যবহৃত হয়।)

تُزَكِّيْهِمْ– তুমি তাদেরকে পবিত্র করবে;
هِمْ–সর্বনাম;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَزْكِيَةٌ ।

تَزِلَّ– সে পথভ্রষ্ট হবে; সে পা পিছলে পড়ে যাবে; ক্রিয়ামূল– زَلٌّ ।

تَزَوَّدُوْا– তোমরা পাথেয় সংগ্রহ কর;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر;
ক্রিয়ামূল– تَزَوُّدٌ ।

تَزُوْلَ– সে স্ব স্থান থেকে সরে যাবে;
ক্রিয়ামূল– زَوَالٌ ।

تَزُوْلَا– তারা দু'জন (স্ত্রী) স্ব স্থান থেকে সরে যাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– زَوَالٌ ।

تَزْهَقَ– সে বের হবে/ হচ্ছে;
ক্রিয়ামূল– زُهُوْقٌ ;(অর্থ দুশ্চিন্তায় জীবনাবসান হওয়া।)
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَزِيْدُوْنَنِيْ– তোমরা আমাকে বাড়িয়ে দিচ্ছ/দিবে; نِي –সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– زِيَادَةٌ ।

تَزَيَّلُوْا– তারা এক দিকে সরে গেল; পৃথক হয়ে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَزَيُّلٌ ।

تُسْئَلُ– তুমি জিজ্ঞাসিত হবে; তোমাকে জিজ্ঞেস করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– سُوَالٌ ।

تُسْئَلُنَّ– তোমরা জিজ্ঞাসিত হবে; তোমাদের নিকট জিজ্ঞেস করা হবে; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– سُوَالٌ ।

تَسْئَلْنِىْ–তুমি আমাকে জিজ্ঞেস করবে; نِى–সর্বনাম; ক্রিয়ামূল– سُوَالٌ ।

تَسْئَلُوْا– তোমরা জিজ্ঞেস করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– سُوَالٌ ।

تُسْئَلُوْنَ– তোমাদেরকে প্রশ্ন করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– سُوَالٌ ।

تَسْئَلْهُمْ– তুমি তাদের নিকট প্রশ্ন করবে; ক্রিয়ামূল– سُوَالٌ হতে বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

(لَا) تَسْمَعُوْا– তোমরা শুনবেনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– سَمْعَةٌ ।

تُسَاقِطْ– তুমি (স্ত্রী) ফেলে দিবে, ফেলে যাবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– مُسَاقَطَةٌ ।

تُسَبِّحُ– সে (স্ত্রী) তাসবীহ করছে, পবিত্রতা বর্ণনা করছে; ক্রিয়ামূল– تَسْبِيْحٌ ।

تُسَبِّحُوْنَ– তোমরা তাসবীহ করছ, পবিত্রতা বর্ণনা করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَسْبِيْحٌ ।

تُسَبِّحُوْهُ– তোমরা তার পবিত্রতা বর্ণনা কর, তাসবীহ কর; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– تَسْبِيْحٌ ।

تَسْبِقُ– সে (স্ত্রী) আগে বের হচ্ছে; সে সামনে চলে; ক্রিয়ামূল– سَبْقٌ ।

(لَا) تَسُبُّوْا– তোমরা গালি দিওনা; ক্রিয়ামূল– سَبٌّ; না বাচক বর্তমান/ভবিষ্যতকাল– مضارع منفى ।

تَسْبِيْحَهٗ– তার তাসবীহ; তার স্মরণ; هٗ– সর্বনাম; ক্রিয়ামূল– مصدر ।

تَسْبِيْحَهُمْ– তাদের তাসবীহ করা,তাদের স্মরণ করা; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– مصدر ।

تَسْتَأْخِرُوْنَ– তোমরা বিলম্ব করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِسْتِئْخَارٌ ।

تَسْتَأْنِسُوْا– তোমরা সম্মতি নাও; তোমরা অনুমতি নাও;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِسْتِئْنَاسٌ ।

تَسْتَبْدِلُوْنَ– তোমরা পরিবর্তন করছ, বদলাচ্ছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِسْتِبْدَالٌ ।

تَسْتَبِيْنَ– তা প্রকাশিত হচ্ছে; তা খুলে যাচ্ছে/যাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِسْتِبَانَةٌ ।

تَسْتَتِرُوْنَ– তোমরা গোপন করছ,
ক্রিয়ামূল– اِسْتِتَارٌ ।

تَسْتَجِيْبُوْنَ– তোমরা কবুল করবে; তোমরা উত্তর দিবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِسْتِجَابَةٌ ।

تَسْتَخْرِجُوْا/تَسْتَخْرِجُوْنَ– তোমরা বের হচ্ছ/হবে;ক্রিয়ামূল– اِسْتِخْرَاجٌ ।

تَسْتَخِفُّوْنَهَا– তোমরা তাকে (স্ত্রী) হালকা মনে করছ; সহজ মনে করছ, هَا– সর্বনাম; ক্রিয়ামূল– اِسْتِخْفَافٌ ।

تَسْتَرْضِعُوْا– তোমরা দুধ পান করাও;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِسْتِرْضَاعٌ ।

(لَمْ) تَسْتَطِعْ– তুমি সক্ষম নও, শক্তি রাখনা; ক্রিয়ামূল– اِسْتِطَاعَةٌ ।

(لَنْ) تَسْتَطِيْعَ– তুমি অবশ্যই সক্ষম নও; নিশ্চয়ই সে শক্তি তুমি রাখনা;
ক্রিয়ামূল– اِسْتِطَاعَةٌ ।

(لَنْ) تَسْتَطِيْعُوْا– তোমরা অবশ্যই শক্তি রাখ না, সক্ষম নও;
ক্রিয়ামূল– اِسْتِطَاعَةٌ ।

تَسْتَطِيْعُوْنَ– তোমরা করতে সক্ষম; তোমরা শক্তি রাখ;
ক্রিয়ামূল– اِسْتِطَاعَةٌ ।

(لَا) تَسْتَعْجِلْ– তুমি তাড়াহুড়া করোনা;ক্রিয়ামূল– اِسْتِعْجَالٌ ।

(لَا)تَسْتَعْجِلُوْنَ– তোমরা তাড়াতাড়ি করোনা; ক্রিয়ামূল– اِسْتِعْجَالٌ ।

تَسْتَعْجِلُوْا– তোমরা তাড়াহুড়া করছ;
ক্রিয়ামূল– اِسْتِعْجَالٌ ।

تَسْتَعْجِلُوْهُ– তোমরা তার ব্যাপারে তাড়াহুড়া করছ; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল– اِسْتِعْجَالٌ ।

تَسْتَغْفِرُ– তুমি ক্ষমা প্রার্থনা কর; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِغْفَارٌ ।

(لَا) تَسْتَغْفِرْ– তুমি ক্ষমা প্রার্থনা করবে না; ক্রিয়ামূল– اِسْتِغْفَارٌ ।

تَسْتَغِيْثُوْنَ– তোমরা প্রার্থনা করছ, ফরিয়াদ করছ; ক্রিয়ামূল– اِسْتِغَاثَةٌ ।

(لَا) تَسْتَفْتِ– তুমি জিজ্ঞেস করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– اِسْتِفْتَاءٌ ।

تَسْتَفْتِحُوْا– তোমরা বিজয় চাচ্ছ; তোমরা ফায়সালা চাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِفْتَاحٌ ।

تَسْتَفْتِيَانِ– তোমরা দু'জন ফায়সালা চাচ্ছ, জিজ্ঞেস করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِفْتَاءٌ ।

تَسْتَقْدِمُوْنَ– তোমরা অগ্রগামী হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِقْدَامٌ ।

تَسْتَقْسِمُوْا– তোমরা বন্টন চাচ্ছ; তোমরা ভাগ্য গণনা করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِقْسَامٌ ।

تَسْتَكْبِرُوْنَ– তোমরা অহংকার প্রদর্শন করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِكْبَارٌ ।

تَسْتَكْثِرُ– তুমি অত্যন্ত বেশী চাচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِكْثَارٌ ।

تَسْتَمِعُوْا– তোমরা শুনতে থাক; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِمَاعٌ ।

تَسْتَوُوْا– তোমরা চড়ে বসলে; তোমরা ভালভাবে আরোহণ করছ; বর্তমান/ভবিষ্যতকাল مضارع; ক্রিয়ামূল– اِسْتِوَاءٌ ।

تَسْتَوِى– সে সমান সমান হচ্ছে/হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِوَاءٌ ।

تَسْتَهْزِءُوْنَ–তোমরা উপহাস করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِسْتِهْزَاءٌ ।

(لَا) تَسْجُدُوْا– তোমরা সিজদা করবে না; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– سُجُوْدٌ ।

تَسْجُدُوْنَ– তোমরা সিজদা করছ/করবে;

বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল–سُجُوْدٌ ।

تَسْحَرُنَا– তুমি আমাদেরকে যাদু করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল –سِحْرٌ ।

تُسْحَرُوْنَ– তোমরা যাদুগ্রস্ত;
তোমাদেরকে যাদু করা হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল– سِحْرٌ ।

تَسْخَرُوْا / تَسْخَرُوْنَ– তোমরা হাসছ,
তোমরা ঠাট্টা করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سُخْرٌ ।

تَسُرُّ– সে সন্তুষ্ট করছে, খুশী করেছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سُرُوْرٌ ।

تَسْرَحُوْنَ– তুমি প্রভাতে পশুপাল নিয়ে
চারণভূমিতে যাও;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سَرْحٌ ।

(لَا) تُسْرِفُوْا– তোমরা অপব্যয়
করোনা; অপচয় করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى;
ক্রিয়ামূল– اِسْرَافٌ ।

تُسِرُّوْنَ– তোমরা গোপন করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مَضارع ;
ক্রিয়ামূল– اِسْرَارٌ ।

تَسْرِيْحٌ– অবকাশ দেয়া; বের করে
দেয়া; ছেড়ে দেয়া; ক্রিয়ামূল– مصدر।

تِسْعَ/تِسْعًا– নয় (৯); স্ত্রীলিঙ্গে
ব্যবহৃত হয়।

تِسْعَةٌ– নয় (৯); পুংলিঙ্গে ব্যবহৃত হয়।

تِسْعَةَعَشَرَ– উনিশ (১৯– পুংলিঙ্গ)।

تِسْعٌ وَتِسْعُوْنَ– নিরানব্বই
(৯৯–স্ত্রীলিঙ্গ)।

تَسْعَى– সে (স্ত্রী) চেষ্টা করছে/ করবে;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سَعْىٌ ।

تَسْفِكُوْنَ– তোমরা প্রবাহিত
করছ/করবে;
বর্তমান/ ভবিষ্যতকাল–مضارع;
ক্রিয়ামূল– سَفْكٌ ।

تَسْقُطُ– সে (স্ত্রী) পড়ে যাচ্ছে/যাবে;
বর্তমান/ ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سَقْطٌ ।

تُسْقِطَ– তুমি ঢেলে দাও, ফেলে দাও;
ক্রিয়ামূল– سُقُوْطٌ ।

تَسْقِىْ– সে (স্ত্রী) পান করাচ্ছে/করাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سَقْىٌ ।

تُسْقٰى– তাকে পান করান হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– سَقْىٌ ।

(لَمْ)تُسْكَنْ– তা আবাদ করা হয়নি;
সেখানে বসবাস করা হয়নি;
কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– سُكُوْنٌ ।

تَسْكُنُوْا/تَسْكُنُوْنَ– তোমরা স্বস্তি লাভ করছ/করবে; আরাম পাচ্ছ/পাবে;
বর্তমান/ভাবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– سُكُوْنٌ ।

تَسْلُكُوْا– তোমরা চলাফেরা কর;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– سُلُوْكٌ ।

تُسَلِّمُوْا– তোমরা সালাম করে নাও,
তোমরা সালাম করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– تَسْلِيْمٌ ।

تُسْلِمُوْنَ– তোমরা আনুগত্য করছ;
তোমরা ইসলাম গ্রহণ করছ;
ক্রিয়ামূল– اِسْلَامٌ ।

تَسْلِيْمًا– সালাম পাঠানো; আদেশ শ্রবণ করা; আনুগত্য করা;
ক্রিয়ামূল– مصدر ।

تُسْمِعُ– তুমি শুনাচ্ছ/শোনাবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِسْمَاعٌ ।

تَسْمَعُنَّ– তোমরা অবশ্যই শুনবে;
ক্রিয়ামূল– سَمَاعٌ ও سَمْعٌ ।

تَسْمَعُوْا/تَسْمَعُوْنَ– তোমরা
শুনছো/শুনবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– سَمْعٌ এবং سَمَاعٌ ।

تُسَمّٰى– তার নাম রাখা হল/হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– تَسْمِيَةٌ ।

تَسْمِيَةٌ– নাম রাখা; ক্রিয়ামূল– مصدر ।

تَسْنِيْمٌ– জান্নাতের একটি ঝর্ণার নাম।

تَسُؤْكُمْ– তা তোমাদের কাছে খারাপ লাগে; তা তোমাদেরকে দুশ্চিন্তায় ফেলবে/ফেলছে; كُمْ– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– تَسُوْءُ এবং سُوْءٌ ।

تَسُؤْهُمْ– তা তাদের নিকট খারাপ লাগে; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– سُوْءٌ ।

تَسْوَدُّ– সে কাল হয়ে গেল; তা কাল হয়ে যায়;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِسْوِدَادٌ ।

تَسَوَّرُوْا– তারা দেয়াল মেরামত করল; তারা দেয়ালকে খাড়া করে দাঁড় করাল; ক্রিয়ামূল– تَسَوُّر ।

تُسَوِّىْ– সে সমান সমান করে দিল; ক্রিয়ামূল– تَسْوِيَةٌ ।

تَسِيْرُ– সে (স্ত্রী) চলছে/চলবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– سَيْرٌ ।

تَسِيْمُوْنَ– মূল্য বৃদ্ধি করবে; দাম জিজ্ঞেস করবে; ক্রিয়ামূল– اِسَامَةٌ ।

تَشَاءُ– তুমি চাও; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– مَشِيْئَةٌ ।

تَشَاءُوْنَ– তোমরা চাও/চাবে; ক্রিয়ামূল– مَشِيْئَةٌ ।

تَشَابَهَ– সে স দৃশ হচ্ছে/হবে; ক্রিয়ামূল– تَشَابُهٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَشَابَهَتْ– সে সামঞ্জস্যপূর্ণ হল; এক রকম হচ্ছে; ক্রিয়ামূল– تَشَابُهٌ ।

تُشَاقُّوْنَ– তোমরা বিপরীত কাজ করছ/করবে; বিতর্ক করছ/ করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شِقَاقٌ এবং مُشَاقَةٌ ।

تَشَاوُرٌ– পরস্পর পরামর্শ করা; ক্রিয়ামূল– مصدر ।

تَشْتَرُوْا (لَا) তোমরা ক্রয়বিক্রয় করোনা; বিনিময় নিওনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– اِشْتِرَاءٌ ।

تَشْتَكِىْ– সে (স্ত্রী) অভিযোগ করছে/ করবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِشْتِكَاءٌ ।

تَشْتَهِىْ– সে (স্ত্রী) চাচ্ছে/চাবে; ইচ্ছে করছে/করবে; ক্রিয়ামূল– اِشْتِهَاءٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَشْتَهِيْهِ– সে (স্ত্রী) তাকে চাচ্ছে/চাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ه–সর্বনাম; ক্রিয়ামূল–اِشْتِهَاءٌ ।

تَشْخَصُ– সে (স্ত্রী) একাগ্রতার সাথে দেখছে/ দেখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شُخُوْصٌ ।

تَشْرَبُوْنَ– তোমরা পান করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شُرْبٌ ।

تُشْرِكْ– তুমি শিরক করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِشْرَاكٌ ।

(لَا) تُشْرِكْ– তুমি শিরক করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– اِشْرَاكٌ ।

تُشْرِكُوْا / تُشْرِكُوْنَ– তোমরা শিরক করছ/করবে; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِشْرَاكٌ ।

(لَا) تُشْطِطْ– তুমি অতিরিক্ত করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– اِشْطَاطٌ ।

تَشْعُرُوْنَ– তোমরা বুঝবে, জানবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شُعُوْرٌ ।

تَشْقٰى– তুমি কষ্টে নিপতিত হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شَقَاوَةٌ ।

تَشَقَّقُ– তা (স্ত্রী) বিদীর্ণ হয়ে যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَشَقُّقٌ ।

تَشْكُرُوْا / تَشْكُرُوْنَ –তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করছ/করবে; অধিকার স্বীকার করছ; বর্তমান ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شُكْرٌ ।

(لَا) تُشْمِتْ– তুমি দুশমনকে খুশী করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– اِشْمَاتٌ ।

تَشْهَدُ– তুমি সাক্ষ্য দিচ্ছ/দিবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; (একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গে এবং একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গে ব্যবহৃত হয়।) ক্রিয়ামূল–شَهَادَةٌ ।

تَشْهَدُوْنَ– তোমরা সাক্ষ্য দিচ্ছ/দেবে; উপস্থিত হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– شُهُوْدٌ এবং شَهَادَةٌ ।

تَشِيْعَ– তা বিস্তৃত হচ্ছে/হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– شُيُوْعٌ ।

(لَا) تُصَاحِبْنِيْ– আপনি আমাকে সঙ্গে রাখবেন না; ক্রিয়ামূল– مُصَاحَبَةٌ ।

تُصْبِحَ– শ্যামল হওয়া, উন্মেষ হওয়া; ক্রিয়ামূল– اِصْبَاحٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تُصْبِحُوْا / تُصْبِحُوْنَ– তোমরা সকাল করছ/করবে, ক্রিয়ামূল– اِصْبَاحٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَصْبِرُ- তুমি ধৈর্য্য ধারণ করছ/ করবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- صَبْرٌ ।

تَصْبِرُوْنَ- তোমরা ধৈর্য্য ধারণ করছ; তোমরা দৃঢ় আছ;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- صَبْرٌ ।

(لَا) تَصْبِرُوْا- তোমরা অধৈর্য্য হচ্ছ/হবে; তোমরা ধৈর্য্য ধারণ করছনা; ক্রিয়ামূল- صَبْرٌ ।

تُصِيْبَكَ- তোমাকে পৌঁছানো হচ্ছে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- اِصَابَةٌ ।

تُصِيْبَكُمْ- তোমাদেরকে পৌঁছানো হচ্ছে/হবে; كُمْ- সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ;
ক্রিয়ামূল- اِصَابَةٌ ।

تُصِيْبُهُمْ- তাদেরকে পৌঁছানো হচ্ছে/হবে; هُمْ- সর্বনাম;
ক্রিয়ামূল- اِصَابَةٌ ।

تَصَدَّقَ- সে সদকা দিয়েছে, দান করেছে; অতীতকাল- ماضى ;
ক্রিয়ামূল- تَصَدُّقٌ ।

تَصَدَّقْ- তুমি সদকা দাও, দান কর;
আজ্ঞাসূচক ক্রিয়া- امر;
ক্রিয়ামূল- تَصَدُّقٌ ।

تَصَدَّقُوْا- তোমরা দান কর, সদকা দাও; আজ্ঞাসূচক ক্রিয়া- امر;
ক্রিয়ামূল- تَصَدُّقٌ ।

تُصَدِّقُوْنَ- তোমরা সত্যতা স্বীকার করছ; বর্তমান
ভবিষ্যতকাল- مضارع ;
ক্রিয়ামূল- تَصْدِيْقٌ ।

تَصُدُّوْنَ- তোমরা বাধা দিচ্ছ, ফিরিয়ে রাখছ;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- صَدٌّ ।

تَصُدُّوْنَا- তোমরা আমাদেরকে বাধা দিচ্ছ, ফিরিয়ে রাখছ; نَا- সর্বনাম;
ক্রিয়ামূল- صَدٌّ ।

تَصَدّٰى- তুমি লেগে থাকবে, সামনে আসবে; ক্রিয়ামূল- تَصَدِّىْ ; মূলতঃ শব্দটি ছিলো- تَتَصَدّٰى কিন্তু ব্যাকরণের নিয়মে একটি ت বাদ দেয়া হয়েছে।

تَصْدِيَةٌ - হাততালি দেয়া, তালি বাজান; ক্রিয়ামূল- مصدر ।

تَصْدِيْقُ- সত্যবাদিতা, সত্য বলা;
ক্রিয়ামূল- مصدر ।

تَصِفُ– সে (স্ত্রী) বর্ণনা করছে/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– وَصْفٌ ।

تَصْفَحُوْا– তোমরা ক্ষমা প্রদর্শন
করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– صَفْحٌ ।

تَصِفُوْنَ –তোমরা বর্ণনা করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– وَصْفٌ ।

(لا) تَصِلُ– পৌছেনা, প্রসারিত হয়না;
ক্রিয়ামূল–وُصُوْلٌ ।

(لا) تُصَلِّ– তুমি নামায (জানাযা)
পড়বেনা; দু'আ করবে না;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى;
ক্রিয়ামূল– تَصْلِيَةٌ ।

تُصْلِحُ– তুমি সংশোধন করছ/করবে;
ক্রিয়ামূল–اِصْلَاحٌ ।

تُصْلِحُوْا– তোমরা সংশোধন
করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِصْلَاحٌ ।

تَصْلٰى– সে (স্ত্রী) আগুনে প্রবেশ করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল –صِلِىٌّ বা صَلْىٌ ।

تَصْرِفُ– তুমি পরিবর্তন করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– صَرْفٌ ।

تُصْرَفُوْنَ– তোমাদেরকে ফিরিয়ে দেয়া
হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
কর্মবাচ্য– مجهول ;
ক্রিয়ামূল–تَصْرِيْفٌ ।

تَصْرِيْفٌ– ফেরানো; পরিবর্তন করা;
ক্রিয়ামূল– مصدر ।

تَصْطَلُوْنَ– তোমরা উত্তাপ গ্রহণ করবে;
উত্তাপ অনুভব করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِصْطِلَاءٌ ।

تُصْعِدُوْنَ– তোমরা আরোহণ
করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِصْعَادٌ ।

(لا) تُصَعِّرْ– তুমি ফিরাইওনা;
ক্রিয়ামূল– تَصْعِيْرٌ;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ।

تَصْغٰى– সে (স্ত্রী) ঝুঁকে পড়ছে; তা
বাঁকা হচ্ছে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– صَغْىٌ ।

تَصْلِيَةٌ– নামায পড়া; দরূদ পড়া; দু'আ করা; ক্রিয়ামূল– (مصدر) ।

تُصْنَعَ– তোমাকে প্রতিপালন করা হবে; তোমাকে বানানো হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– صَنْعٌ ।

تَصْنَعُوْنَ– তোমরা তৈরী করছ; তোমরা করছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– صَنْعٌ ।

تَصُوْمُوْا– তোমরা রোযা রাখছ/রাখবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– صَوْمٌ ।

تُصِيْبَكُمْ– তোমাদেরকে পৌছান হবে; তোমাদেরকে পৌছাবে; كُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– إِصَابَةٌ ।

(لَا) تُصِيْبَنَّ– কোনমতেই পৌছবেনা; অবশ্যই পৌছবে না; ক্রিয়ামূল– إِصَابَةٌ ।

تُصِيْبَنَا –আমাদেরকে পৌছান হবে; نَا– সর্বনাম; ক্রিয়ামূল– إِصَابَةٌ ।

تُصِيْبُوْا– তোমরা পৌছাও; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– إِصَابَةٌ ।

تُصِيْبُهُمْ–তাদেরকে পৌছান হবে; তাদের নিকট পৌছতে থাকবে; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– إِصَابَةٌ ।

تَصِيْرُ– ফিরে আসছে; প্রত্যাবর্তন করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– صَيْرٌ ।

(لَا) تُضَارُّ– তার (স্ত্রী) ক্ষতি করা হবেনা; তাকে কষ্ট দেয়া হবেনা; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল–مُضَارَّةٌ

(لَا) تُضَارُّوْهُنَّ– তাদেরকে (স্ত্রী) তোমরা কষ্ট দিওনা; هُنَّ– সর্বনাম; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– مُضَارَّةٌ ।

تَضْحَكُوْنَ– তোমরা হাসছ/হাসবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– ضِحْكٌ ।

(لَا) تَضْحٰى– না রৌদ্রতাপ (কষ্ট দিবে); ক্রিয়ামূল– ضُحٰى ।

(لَا) تَضْرِبُوْا– তোমরা বর্ণনা করোনা, বলো না; প্রহার করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– ضَرْبٌ ।

تَضَرُّعًا– কাকুতি মিনতি; কান্নাজড়িত কণ্ঠে, ক্রিয়ামূল– مصدر ।

تَضَرَّعُوْا– তারা কান্নাজড়িত কণ্ঠে নিবেদন করল; তারা বিনয় প্রদর্শন করল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَضَرُّعٌ ।

(لَا) تَضُرُّوْنَهٗ– তোমরা তার কোন ক্ষতি করতে পারবে না; هٗ–সর্বনাম; ক্রিয়ামূল– ضَرٌّ ।

(لَا) تَضُرُّوْهُ– তোমরা তার (আল্লাহর) কোন ক্ষতি করতে পারবেনা; هٗ–সর্বনাম; ক্রিয়ামূল– ضَرٌّ ।

تَضَعُ– সে (স্ত্রী) রেখে দিচ্ছে; সে ঢেলে দিচ্ছে/দিবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– وَضْعٌ ।

تَضَعُوْا/تَضَعُوْنَ– তোমরা রেখে দিচ্ছ/দিবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– وَضْعٌ ।

تُضِلُّ– তুমি পথভ্রষ্ট কর; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِضْلَالٌ ।

تَضِلُّ– সে (স্ত্রী) ভুলে যাচ্ছে/যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– ضَلَالٌ ।

تَضِلُّوْا– তোমরা গোমরাহ হয়ে যাচ্ছ/যাবে; ক্রিয়ামূল– ضَلَالٌ ।

تَضْلِيْلٌ– পথভ্রষ্ট করা; ভুল করা; ক্রিয়ামূল– مصدر ।

تُضَيِّقُوْا– তোমরা জ্বালা যন্ত্রণা দিচ্ছ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَضْيِيْقٌ ।

تَطَاوَلَ– তা প্রশস্ত হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَطَاوُلٌ ।

(لَا) تَطْرُدْ– তুমি দূরে সরিয়ে দিওনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া – نهى; ক্রিয়ামূল– طَرْدٌ ।

تَطْرُدُهُمْ– তুমি তাদেরকে তাড়িয়ে দাও; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– طَرْدٌ ।

تُطِعْ– তুমি আদেশ মানবে; ক্রিয়ামূল– اِطَاعَةٌ ।

(لَا) تُطِعْ– তুমি কথা শুনবেনা; তুমি আনুগত্য করবে না; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– اِطَاعَةٌ ।

تُطْعِمُوْنَ– তোমরা খাদ্য দিবে, খাওয়াবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِطْعَامٌ ।

(لا) تُطِعْهُ– তুমি তার কথা শুনবেনা;
هُ– সর্বনাম; ক্রিয়ামূল–اِطَاعَةٌ ।
تُطِعْهُمَا– তুমি তাদের দু'জনের আনুগত্য করবে, কথা শুনবে; هُمَا– সর্বনাম;
ক্রিয়ামূল–اِطَاعَةٌ ।
(لا) تَطْغَوْا– তোমরা বাড়াবাড়ি করোনা; বিদ্রোহ করোনা;
ক্রিয়ামূল– طُغْيَانٌ ।
تَطَّلِعُ– সে (স্ত্রী) ভিতরে তাকিয়ে দেখবে; তুমি সাবধান হবে; তুমি দেখে নিবে; তুমি
পৌঁছাবে; ক্রিয়ামূল– اِطِّلَاعٌ ।
تَطْلُعُ– তা উদয় হচ্ছে; তা বের হচ্ছে; প্রকাশ পাচ্ছে; ক্রিয়ামূল– طُلُوْعٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।
تَطْمَئِنُّ– তা স্বস্তিলাভ করে, আরাম পায়, শান্তি পায়; ক্রিয়ামূল– اِطْمِيْنَانٌ ।
تَطْمَعُوْنَ– তোমরা আশা করছ, আকাঙ্খা করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– طَمْعٌ ।
تَطَوَّعَ– সে স্বেচ্ছায় ভাল কাজ করল; খুশীর সাথে সৎকাজ করল;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– تَطَوُّعٌ ।

(لا) تَطَؤُهَا– যেখানে তোমরা পদ সঞ্চার করনি; هَا– সর্বনাম;
ক্রিয়ামূল– وَطْأٌ ।
تَطَؤُهُمْ– তোমরা তাদেরকে পর্যুদস্ত করবে; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– وَطْأٌ ।
تَطْهِيْرًا– পবিত্র করা;
ক্রিয়ামূল– مصدر ।
تَطَيَّرْنَا– আমরা অশুভ মনে করি, খারাপ ভবিষ্যতবাণী করি;
نَا– সর্বনাম; ক্রিয়ামূল– تَطَيُّرٌ ।
تُطِيْعُوْا– তোমরা আনুগত্য করবে, কথা শুনবে; বর্তমান
ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِطَاعَةٌ ।
تَظَاهَرَا– তোমরা দু'জন পরস্পর একমত হলে; তোমরা একে অপরকে সাহায্য করলে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَظَاهُرٌ ।
تَظَاهَرُوْنَ– তোমরা পরস্পর সহযোগিতা করলে, একমত হলে;
ক্রিয়ামূল– تَظَاهُرٌ থেকে
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।
تُظَاهِرُوْنَ– তোমরা যিহার করছ/ করবে;

বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- ظِهَارٌ। (যিহার শব্দের পারিভাষিক অর্থ নিজের মায়ের সাথে স্ত্রীকে তুলনা করা অথবা মায়ের কোন অঙ্গ প্রত্যঙ্গের সাথে তুলনা করা।)

(لَمْ) تَظْلِمْ- সে (স্ত্রী) যুলুম করেনি;
ক্রিয়ামূল -ظُلْمٌ।

تُظْلَمُ- তার উপর যুলুম করা হবে; সে অত্যাচারিত হবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
কর্মবাচ্য- مجهول; ক্রিয়ামূল- ظُلْمٌ।

(لَا) تَظْلِمُوْا- তোমরা যুলুম করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى;
ক্রিয়ামূল- ظُلْمٌ।

تَظْلِمُوْنَ- তোমরা যুলুম করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- ظُلْمٌ।

تُظْلَمُوْنَ- তোমরা অত্যাচারিত হবে; তোমাদের উপর যুলুম করা হচ্ছে/হবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ;
কর্মবাচ্য- مجهول ; ক্রিয়ামূল-ظُلْمٌ।

(لَا) تَظْمَأُ- তুমি পিপাসার্ত হবেনা;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- ظَمَأٌ।

تَظُنُّ- সে (স্ত্রী) ধারণা করছে/করবে; সে খেয়াল করছে/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- ظَنٌّ।

تَظُنُّوْنَ- তোমরা ধারণা করছ/করবে; খেয়াল করছ/ করবে,
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- ظَنٌّ।

تُظْهِرُوْنَ- তোমরা যোহরের সময় পাও;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- اِظْهَارٌ।

تَعَارَفُوْا- তোমরা একে অপরকে চিনবে,জানবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- تَعَارُفٌ।
[শব্দটি মূলে- تَتَعَارَفُوْا ছিল, ব্যকরণের নিয়মে একটি ت বাদ দেয়া হয়েছে।]

تَعَاسَرْتُمْ- তোমরা পরস্পর রাগ করলে; একে অপরকে তুচ্ছ মনে করলে; অতীতকাল- ماضى ;
ক্রিয়ামূল- تَعَاسُرٌ।

تَعَاطٰى- সে হাতাহাতি করল; সে হাত বাড়িয়ে নিল; অতীতকাল- ماضى ;
ক্রিয়ামূল- تَعَاطِىٌّ।

تَعَالَوْا– তোমরা আস; আজ্ঞাসূচক ক্রিয়া– امر;
ক্রিয়ামূল– تَعَالِىْ বা تَعَالِىْ ।

تَعَالٰى– সে উঁচু হল, দরাজ হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَعَالِىْ বা تَعَالِىْ ।

تَعَالَيْنَ– তোমরা (স্ত্রী) এস;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر;
ক্রিয়ামূল– تَعَالِىْ ।

تَعَاوَنُوْا– তোমরা পরস্পর সাহায্য কর; সহযোগিতা কর,
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল– تَعَاوُنْ ।

تَعْبَثُوْنَ– তোমরা অনর্থক কাজে মশগুল আছ; তোমরা খেলাধূলায় মত্ত রয়েছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– عَبَثٌ ।

تَعْبُدُ– তুমি ইবাদাত করছ/ করবে; সে (স্ত্রী) ইবাদাত করছে/করবে;
[একবচনে মধ্যম পুরুষ পুংলিঙ্গ ও একবচনে নাম পুরুষ স্ত্রীলিঙ্গ উভয়ে ব্যবহৃত হয়।]
ক্রিয়ামূল– عِبَادَةٌ، عُبُوْدِيَّةٌ ।

(لا) تَعْبُدُوْا– তোমরা ইবাদাত করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى;
ক্রিয়ামূল– عِبَادَةٌ ।

تَعْبُدُوْنَ– তোমরা ইবাদাত করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– عِبَادَةٌ ।

تَعْبُرُوْنَ– তোমরা স্বপ্নের তাৎপর্য বর্ণনা করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– عِبَارَةٌ ।

تَعْتَدُوْا– তোমরা বাড়াবাড়ি করছ; সীমালংঘন করছ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِعْتِدَاءٌ ।

تَعْتَدُّوْنَهَا– তোমরা তার হিসেব রাখবে, হিসেব করে তা পুরো করবে;
هَا– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– اِعْتِدَادٌ ।

تَعْتَدُوْهَا– তোমরা তা লংঘন করছ;
هَا– সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– اِعْتِدَاءٌ ।

تَعْتَدُوْهَا– তোমরা তা লংঘন করছ; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– اِعْتِدَاءٌ ।

(لاَ) تَعْتَذِرُوْا– তোমরা গড়িমসি করোনা; বাহানা করোনা; ক্রিয়ামূল– اِعْتِذَارٌ; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نَهى ।

(لاَ) تَعْثَوْا– তোমরা ফাসাদ সৃষ্টি করোনা; বিশৃঙ্খলা সৃষ্টি করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نَهى; ক্রিয়ামূল– عِثِيٌّ ।

تَعْجَبْ– তুমি আশ্চর্য হয়ে যাবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– عَجَبٌ ।

تُعْجِبُكَ– সে তোমাকে আশ্চর্য করে দিবে/দিচ্ছে; كَ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– اِعْجَابٌ ।

تَعْجَبُوْنَ– তোমরা স্তম্ভিত করছ/ করবে; ক্রিয়ামূল– عَجَبٌ ।

تَعْجَبِيْنَ – তুমি (স্ত্রী) আশ্চর্যান্বিত করছ/ করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– عَجَبٌ ।

تَعَجَّلَ– সে তাড়াহুড়া করল; তাড়াতাড়ি করল; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– تَعَجُّلٌ ।

(لاَ) تَعْجَلْ– তুমি তাড়াহুড়া করোনা; তাড়াতাড়ি করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– عَجَلٌ ।

(لاَ) تَعُدْ– সে ফিরবে না; ভয় পাবেনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى; ক্রিয়ামূল– عَدْوٌ ।

تَعِدَانِنِيْ– তোমরা দু'জন আমাকে প্রতিশ্রুতি দিচ্ছ/দিবে; نِيْ –সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– وَعْدٌ ।

تَعْدِلْ– সে (স্ত্রী) বিনিময় দিবে; সে ইনসাফ করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– عَدْلٌ ।

تَعْدِلُوْا– তোমরা ন্যায়বিচার করবে; ইনসাফ কায়েম করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– عَدْلٌ ।

تَعِدُنَا– তুমি আমাদেরকে প্রতিশ্রুতি দিচ্ছ, ওয়াদা করছ/ করবে; نَا– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– وَعْدٌ ।

(لَا) تَعْدُوْا- তোমরা সীমালংঘন করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى ; ক্রিয়ামূল- عَدْوٌ ।

تَعُدُّوْا/تَعُدُّوْنَ- তোমরা গুণতে থাক; হিসেব করতে থাক; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع; ক্রিয়ামূল- عَدٌّ ।

تُعَذِّبُ- তুমি আজাব দাও, শাস্তি দাও; ক্রিয়ামূল- تَعْذِيْبٌ ।

(لَا) تُعَذِّبْهُمْ- তুমি তাদেরকে শাস্তি দিওনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى ; هُمْ- সর্বনাম; ক্রিয়ামূল- تَعْذِيْبٌ ।

تَعْرُجُ- সে আরোহণ করছে/করবে; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع; ক্রিয়ামূল- عُرُوْجٌ ।

تُعْرِضُ- তুমি মুখ ফিরিয়ে নিচ্ছ/নিবে; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع; ক্রিয়ামূল- اِعْرَاضٌ ।

تُعْرِضَنَّ- তুমি অবশ্যই মুখ ফিরিয়ে নিচ্ছ; ক্রিয়ামূল- اِعْرَاضٌ ।

تُعْرِضُوْا- তোমরা মুখ ফিরিয়ে নিচ্ছ/নিবে; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ; ক্রিয়ামূল- اِعْرَاضٌ ।

تُعْرَضُوْنَ- তোমাদেরকে উপস্থিত করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع; কর্মবাচ্য- مجهول ; ক্রিয়ামূল- عَرْضٌ ।

تَعْرِفُ- তুমি চিনবে; পরিচিত হবে; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ; ক্রিয়ামূল- مَعْرِفَةٌ ; عِرْفَانٌ ।

تَعْرِفَنَّهُمْ- তুমি অবশ্যই তাদেরকে চিনবে; هُمْ- সর্বনাম; ক্রিয়ামূল- مَعْرِفَةٌ।

تَعْرِفُوْنَهَا- তোমরা তাকে (স্ত্রী) চিনবে; هَا- সর্বনাম; ক্রিয়ামূল- مَعْرِفَةٌ ।

تَعْرِفُهُمْ- তুমি তাদেরকে চিনতে পারবে; هُمْ- সর্বনাম; ক্রিয়ামূল- مَعْرِفَةٌ ।

تَعْرٰى- তুমি উলঙ্গ হবে; ক্রিয়ামূল- عُرْىٌ ; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ।

تُعِزُّ- তুমি সম্মান দাও; সম্মানিত কর; বর্তমান/ভবিষ্যতকাল- مضارع; ক্রিয়ামূল- اِعْزَازٌ ।

تُعَزِّرُوْهُ- তোমরা তার সাহায্য কর; শক্তি দাও; هُ- সর্বনাম; ক্রিয়ামূল- تَعْزِيْرٌ ।

(لَا) تَعْزِمُوْا- তোমরা ইচ্ছে করোনা; সংকল্প করোনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى; ক্রিয়ামূল- عَزْمٌ ।

تَعْسًا– ধ্বংস হওয়া; হোঁচট খাওয়া;
ক্রিয়ামূল– مصدر ।

تَعْضُلُوْهُنَّ (لا)– তাদেরকে বিবাহ থেকে বলপূর্বক বিরত রেখোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ;
ক্রিয়ামূল– عَضْلٌ ।

تَعِظُوْنَ– তোমরা নসীহত করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– وَعْظٌ ।

تَعَفُّفٌ– প্রশ্ন না করা; প্রশ্ন করা থেকে বিরত থাকা; না চাওয়া;
ক্রিয়ামূল– مصدر ।

تَعْفُوْا– তোমরা মা'ফ কর/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল –عَفْوٌ ।

تَعْقِلُوْنَ– তোমরা বুঝবে; চিন্তা ভাবনা করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– عَقْلٌ ।

تَعْلَمُ– তুমি জান/জানবে;
ক্রিয়ামূল– عِلْمٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَعْلَمُنَّ– অবশ্যই তোমরা জানবে;
ক্রিয়ামূল– عِلْمٌ ।

تُعَلِّمْنِ– তুমি আমাকে শিখিয়ে দাও;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– تَعْلِيْمٌ ।

تَعْلَمُوْا– তোমরা জেনে রাখ, জান;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– عِلْمٌ ।

تَعْلَمُوْنَ– তোমরা জেনে রাখ;
ক্রিয়ামূল– عِلْمٌ ।

تُعَلِّمُوْنَ– তোমরা শিক্ষা দিচ্ছ;
ক্রিয়ামূল– تَعْلِيْمٌ থেকে
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَعْلَمُوْنَهُمْ– তোমরা তাদেরকে জান, জেনে নাও; هُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– عِلْمٌ ।

تُعَلِّمُوْنَهُنَّ– তোমরা তাদেরকে (স্ত্রী) শিক্ষা দাও, প্রশিক্ষণ দাও;
هُنَّ– সর্বনাম; ক্রিয়ামূল– تَعْلِيْمٌ ।

تَعْلَمُهُمْ– তুমি তাদেরকে জান/জানবে;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– عِلْمٌ ।

تَعْلَمُهَا– তুমি তাকে (স্ত্রী) জানবে/জান; هَا– সর্বনাম;
ক্রিয়ামূল– عِلْمٌ থেকে
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَعْلُنَّ– তোমরা আরোহণ করবে;
ক্রিয়ামূল– عُلُوٌّ ।

تُعْلِنُوْنَ– তোমরা প্রকাশ করছ; প্রচার করছ; ক্রিয়ামূল– اِعْلَانٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

(لَا) تَعْلُوْا– তোমরা সীমালংঘন করোনা, অতি বড় হতে চেয়োনা;
ক্রিয়ামূল– عُلُوٌّ; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ।

تَعَمَّدَتْ– সে (স্ত্রী) ইচ্ছে করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَعَمُّدٌ ।

تَعْمَلُ– সে (স্ত্রী) আ'মল করে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– عَمَلٌ ।

تَعْمَلُوْنَ– তোমরা আ'মল করতে থাক; আ'মল করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল –عَمَلٌ ।

تَعْمٰى– সে (স্ত্রী) অন্ধ হবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– عمى ।

تَعُوْدُنَّ– তোমরা অবশ্যই ফিরে আসবে;
ক্রিয়ামূল– عَوْدٌ ।

تَعُوْدُوْا/تَعُوْدُوْنَ– তোমরা ফিরে আসবে; প্রত্যাবর্তন করবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع;
ক্রিয়ামূল– عَوْدٌ ।

(لَا) تَعُوْلُوْا– তোমরা বেইনসাফী করোনা; পক্ষপাতিত্ব করোনা; একদিকে ঝুঁকে পড়োনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ;
ক্রিয়ামূল– عَوْلٌ ।

تَعِيَهَا– সে (স্ত্রী) তাকে (স্ত্রী) স্মরণ রাখে; সে (স্ত্রী) তাকে (স্ত্রী) হেফাজত করে; هَا–সর্বনাম; ক্রিয়ামূল– وَعْىٌ ।

تَغَابُنٌ– হারজিত; জয় পরাজয়;
ক্রিয়ামূল– مصدر ।

تَغْتَسِلُوْا– তোমরা ধুয়ে নাও;
বর্তমান/ভবিষ্যতকাল– مضاع;
ক্রিয়ামূল– اِغْتِسَالٌ ;

تَغْرُبُ– তা ডুবে যায়; অস্তমিত হয়;
ক্রিয়ামূল– غُرُوْبٌ ।

تُغْرِقَ– তুমি ডুবিয়ে দিচ্ছ/দিবে;
ক্রিয়ামূল– اِغْرَاقٌ ।

تَغُرَّنَّكُمْ– সে তোমাদেরকে ধোঁকা দিচ্ছে/দিবে; كُمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– غُرُوْرٌ ।

تَغْشٰى– সে (স্ত্রী) ঢেকে নেয়;
ক্রিয়ামূল– غِشْيَانٌ ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَغَشّٰهَا– সে (পুং) তাকে (স্ত্রী) জাপটে ধরল অর্থাৎ শয্যাসঙ্গিনী বানাল;

ـهَا— সর্বনাম;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ;
ক্রিয়ামূল— تَغَشِّى ।
تَغْفِرْ— তুমি মা'ফ করে দাও;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— غَفْرٌ ।
تَغْفِرُوْا— তোমরা মা'ফ করে দিচ্ছ/দেবে; ক্রিয়ামূল— غَفْرٌ;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع ।
تَغْفُلُوْنَ— তোমরা গাফেল হয়ে আছ; তোমরা অমনোযাগী;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— غَفْلَةٌ ।
تَغْلِبُوْنَ— তোমরা বিজয়ী হবে;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— غَلَبَةٌ ।
تُغْلَبُوْنَ— তোমাদেরকে বিজয় দান করা হবে; বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
কর্মবাচ্য— مجهول ; ক্রিয়ামূল— غَلَبَةٌ ।
(٧) تَغْلُوْا— তোমরা বাড়াবাড়ি করোনা; খিয়ানত করোনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া— نهى ;
ক্রিয়ামূল— غُلُوٌّ ।
تُغْمِضُوْا— তোমরা অবজ্ঞা প্রদর্শন কর; তোমরা অমনোযোগী হও;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— اِغْمَاضٌ ।
(٧) تُغْنِ— সে (স্ত্রী) কাজে আসবেনা;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— اِغْنَاءٌ ।
(لَمْ) تَغْنَ— তা আবাদ হয়নি; সেখানে কোন বস্তি নেই; ক্রিয়ামূল— غَنًى ।
تُغْنِى— সে (স্ত্রী) কাজে আসবে; উপকারে আসছে;
বর্তমান/ভবিষ্যতকাল— مضارع;
ক্রিয়ামূল— اِغْنَاءٌ ।
تَغَيُّظًا— ক্রোধ; আক্রোশ;
ক্রিয়ামূল— مصدر ।
تَفَاخُرٌ— অহংকার করা; গর্ব করা; নিজেকে বড় মনে করা;
ক্রিয়ামূল— مصدر ।
تُفَادُوْهُمْ— তোমরা তাদেরকে ফিদিয়া (বিনিময়) দিয়ে হলেও মুক্তি চাবে;
هُمْ— সর্বনাম; ক্রিয়ামূল— مُفَادَاةٌ ।
تَفَوُتٍ— অসংগতি; খুঁত;
ক্রিয়ামূল— مصدر ।
(٧) تُفَتَّحُ— (কখনো) খোলা হবেনা; নাবাচক বর্তমান ভবিষ্যতকাল— مضارع منفى;
ক্রিয়ামূল— تَفْتِيْحٌ ।

تَفْتَرُوْا- তোমরা ইফতার করবে/ইফতার করছ;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- اِفْتِرَاءٌ ।

تَفْتَرِيْ- তুমি ইফতার করবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ;
ক্রিয়ামূল- اِفْتِرَاءٌ ।

تُفْتَنُوْنَ- তোমাদেরকে পরীক্ষা করা হবে; তোমরা পরীক্ষিত হবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
কর্মবাচ্য- مجهول; ক্রিয়ামূল- فِتْنَةٌ ।

(لَا) تَفْتِنِّيْ- তুমি আমাকে ফিতনায় নিমজ্জিত করোনা; তুমি আমাকে গোমরাহ করোনা; ক্রিয়ামূল- فُتُوْنٌ;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى ;
نِيْ -সর্বনাম।

تَفْتَؤُ- তুমি সর্বদা আছ; থাকবে;
অপূর্ণাঙ্গ ক্রিয়া- فعل ناقص ।

تَفَثَهُمْ- তাদের ময়লা; তাদের কালিমা
هُمْ- সর্বনাম।

تَفْجُرَ- ঝর্ণা প্রবাহ; পানি প্রবাহ; বিদীর্ণ করা;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- فَجْرٌ ।

تُفَجِّرَ- তুমি বিদীর্ণ করে দাও; প্রবাহিত করে দাও;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع;
ক্রিয়ামূল- تَفْجِيْرٌ ।

تَفْجِيْرًا- বিদীর্ণ করা; প্রবাহিত করা;
ক্রিয়ামূল- مصدر ।

(لَا) تَفْرَحْ- খুশী হয়োনা; আনন্দিত হয়োনা; ক্রিয়ামূল- فَرَحٌ ।

(لَا) تَفْرَحُوْا- আনন্দে স্ফীত হয়োনা; খুশীতে ফেটে পড়োনা;
ক্রিয়ামূল- فَرَحٌ; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى ।

تَفْرَحُوْنَ- তোমরা খুশী থাক;
ক্রিয়ামূল- فَرَحٌ;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ।

تَفْرِضُوْا- তোমরা নির্ধারণ করছ/করবে;
বর্তমান/ভবিষ্যতকাল- مضارع ;
ক্রিয়ামূল- فَرْضٌ ।

تَفَرَّقَ- তা পৃথক হল; বিচ্ছিন্ন হল;
অতীতকাল- ماضى;
ক্রিয়ামূল- تَفَرُّقٌ ।

(لَا) تَفَرَّقُوْا- পরস্পর বিচ্ছিন্ন হয়োনা;
নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া- نهى ;
ক্রিয়ামূল- تَفَرُّقٌ ।

تَفِرُّوْنَ– তোমরা পালিয়ে বেড়াচ্ছ/বেড়াবে; তোমরা ফেরারী হবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– فِرَارٌ ।

تَفْرِيْقًا– পৃথক করা; পৃথক হওয়া; ক্রিয়ামূল– مصدر ।

تَفَسَّحُوْا– তোমরা প্রশস্ত করে দাও; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– تَفَسُّحٌ ।

تُفْسِدُنَّ– তোমরা অবশ্যই বিপর্যয় সৃষ্টি করছ/করবে; ক্রিয়ামূল– اِفْسَادٌ ।

(لَا) تُفْسِدُوْا– তোমরা ফাসাদ সৃষ্টি করোনা; বিপর্যয় সৃষ্টি করবেনা; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– اِفْسَادٌ ।

تَفْسُقُوْنَ– তোমরা ফাসেকী করছ; ক্রিয়ামূল– فُسُوْقٌ ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَفْسِيْرًا– স্পষ্ট করে বর্ণনা করা; ব্যাখ্যামূলক বর্ণনা; ভাষ্য; ক্রিয়ামূল– مصدر ।

تَفْشَلَا– তারা দু'জন কাপুরুষতা প্রদর্শন করল; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– فَشَلٌ ।

تَفْشَلُوْا– তোমরা কাপুরুষ হয়ে যাবে; তোমরা কাপুরুষতা প্রদর্শন করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع; ক্রিয়ামূল– فَشَلٌ ।

تَفْصِيْلَ– বর্ণনা; ব্যাখ্যা; ভাষ্য প্রকাশ করা; পৃথক করা; ক্রিয়ামূল– مصدر ।

(لَا) تَفْضَحُوْنِ– আমাকে অপমানিত করোনা; نِ– সর্বনাম; নিষেধাজ্ঞাসূচক ক্রিয়া– نهى ; ক্রিয়ামূল– فَضْحٌ ।

تَفْضِيْلًا– মর্যাদা দেয়া; সম্মানিত করা; ক্রিয়ামূল– مصدر ।

(لَمْ) تَفْعَلْ– তুমি করলে না; ক্রিয়ামূল– فَعْلٌ ।

تَفْعَلُوْا– তোমরা করছ/করবে; ক্রিয়ামূল– فِعْلٌ; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَفْعَلُوْنَ– তোমরা করছ/করবে; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– فَعْلٌ ।

تَفْعَلُوْهُ– তা তোমরা করছ/করবে; هُ– সর্বনাম; বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ; ক্রিয়ামূল– فَعْلٌ ।

تَفَقَّدَ– সে খোঁজ করল; সন্ধান করল;
অতীতকাল– مَاضِى;
ক্রিয়ামূল– تَفَقُّدٌ ।

تَفْقِدُوْنَ– তোমরা লুকিয়েছ; গোপন করে রেখেছ; ক্রিয়ামূল– فَقْدٌ;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ।

تَفْقَهُوْنَ– তোমরা বুঝতে পারছ/পারবে;
বর্তমান/ভবিষ্যতকাল– مضارع ;
ক্রিয়ামূল– فِقْهٌ ।

تَفَكَّهُوْنَ– তোমরা আশ্চর্য করছ; নিজেরা কথা বানিয়েছ;
ক্রিয়ামূল– تَفَكُّهٌ ।

حَاضِرًا– উপস্থিত; সামনাসামনি;
ক্রিয়ামূল– حُضُوْرٌ;
কর্তৃকারক– اسم فاعل ।

حَاضِرَةَ الْبَحْرِ– সমুদ্রকূল; সাগরতট।

حَاضِرِي– বসবাসকারী; বাসিন্দা;
ক্রিয়ামূল–حَضَارَةٌ ।

حَافِرَةٌ– প্রথমাবস্থা; ওলট পালট; কবর; ক্রিয়ামূল– حَفْرٌ । (حَفْرٌ এর প্রকৃত অর্থ হচ্ছে গণনা করা)।

حَافِظٌ/ حَافِظًا– সংরক্ষণকারী; হেফাজতকারী;
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– حِفْظٌ ।

حَافِظَاتٌ– হেফাজতকারিণীগণ;
ক্রিয়ামূল–حِفْظٌ ।

حَافِظُوْا– তোমরা হেফাজত কর;
ক্রিয়ামূল– مُحَافَظَةٌ; আজ্ঞাসূচক ক্রিয়া–امر ।

حَافِظُوْنَ / حَافِظِيْنَ–হেফাজতকারীগণ; সংরক্ষণকারীগণ; ক্রিয়ামূল– حِفْظٌ ।

حَافِّيْنَ– পরিবেষ্টনকারীগণ; প্রদক্ষিণকারীগণ;
ক্রিয়ামূল– اسم فاعل ।

حَاقَ– সে ঘিরে ফেলল; উল্টে ফেলল;
ক্রিয়ামূল– حُيُوْقٌ , حَيْقٌ ;
অতীতকাল–ماضى ।

حَاقَّةٌ– কিয়ামত; অবশ্যম্ভাবী; যে মুসিবত দূর হবার নয়।

حَاكِمِيْنَ– বিচারকগণ; আদেশ দাতাগণ;
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– حُكْمٌ ।

حَالَ– সে সামনে দাঁড়াল; প্রতিবন্ধক হল; ক্রিয়ামূল– حَوْلٌ;
অতীতকাল– ماضى ।

حَامٍ– হাম–যে উটনী দশটি বাচ্চা প্রসবের পর অক্ষম হয়ে গিয়েছে। অতঃপর তা দেবতার নামে উৎসর্গ করা হয়েছে।

حَامِدُوْنَ– প্রশংসাকারীগণ;
ক্রিয়ামূল– حَمْدٌ;
কর্তৃকারক– اسم فاعل ।

حَامِلَتٌ– বোঝা বহনকারিণী; গর্ভবতী স্ত্রীলোক; ক্রিয়ামূল– حَمْلٌ ।

حَامِلِيْنَ– বোঝা বহনকারীগণ;
ক্রিয়ামূল– حَمْلٌ ।

حَامِيَةٌ– জ্বলন্ত; জাজ্বল্যমান;
ক্রিয়ামূল– حَمْىٌ;
কর্তৃকারক– اسم فاعل ।

حُبٌّ/حُبًّا– মহব্বত; ভালবাসা;
ক্রিয়ামূল– مصدر ।

حَبٌّ/حَبًّا/حَبَّةٌ– শস্যবীজ; গম; বীজ; বহুবচনে– حُبُوْبٌ ।

حِبَالُهُمْ– তাদের রশিসমূহ;
هُمْ– সর্বনাম; একবচনে– حَبْلٌ ।

حَبَّبَ– সে ভালবাসা সৃষ্টি করে দিল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– تَحْبِيْبٌ ।

حَبِطَ– সে ধ্বংস হয়ে গেল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– حَبْطٌ ।

حَبِطَتْ– সে (স্ত্রী) ধ্বংস হয়ে গেল;
ক্রিয়ামূল– حَبْطٌ ।

حُبُكٌ– নক্ষত্রসমূহের রাস্তা;
একবচনে– حَبِيْكَةٌ ।

حَبْلٌ– রশি; প্রতিশ্রুতি।

حَبْلُ الْوَرِيْدِ– ঘাড়ের প্রধান রগ।

حُبِّهٖ– তার ভালবাসা; তার মহব্বত;
ہٖ– সর্বনাম।

حَتْمًا– প্রয়োজনীয়; শেষ সিদ্ধান্ত;
ক্রিয়ামূল– مصدر ।

حَتّٰى– পর্যন্ত; যতক্ষণ;
অব্যয়– حروف ।

حَثِيثًا– দৌড়ানো; তড়িঘড়ি কাজ করা; ক্রিয়ামূল– حَثٌّ ।

حَجِّ/حَجَّ– হজ্ব করা; ইচ্ছে করা; ক্রিয়ামূল– مصدر ।

حَجَّ– সে হজ্ব করেছে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– حَجٌّ ।

حِجَابٌ/حِجَابًا– পর্দা; আড়াল; বহুবচনে– حُجُبٌ ।

حِجَارَةً– পাথর; একবচনে– حَجَرٌ ।

حُجَّتَنَا– আমাদের দলিল/প্রমাণ; نَا–সর্বনাম।

حُجَّتُهُمْ– তাদের দলিল/প্রমাণ; هُمْ– সর্বনাম।

حِجَجٍ/حِجَجٌ– বৎসর; সন; একবচনে– حِجَّةٌ ।

حَجَرَ– পাথর; বহুবচনে– حِجَارَةٌ , أَحْجَارٌ ।

حِجْرٌ/حِجْرًا– সামুদ জাতির বসতি এলাকা; জ্ঞান–বুদ্ধি।

حُجُرَاتِ– কামরা; রুম; কক্ষ; দেয়াল; একবচনে– حُجْرَةٌ ।

حُجُوْرِكُمْ– তোমাদের ক্রোড়; তোমাদের কোল; একবচনে– حِجْرٌ ; كُمْ –সর্বনাম।

حُجَّةٌ– দলিল; প্রমাণ; حُجَّةٌ শব্দের প্রকৃত অর্থ বিজয়ী হওয়া, যেহেতু বক্তা দলিল প্রমাণ দিয়ে বিরোধী পক্ষের উপর বিজয়ী হয়। এজন্য দলিল প্রমাণ কে আরবীতে হুজ্জাত বলে।

حِدَادٍ– ধারালো (লোহা); একবচনে– حَدِيْدٌ ।

حَدَائِقَ– বাগবাগিচা; একবচনে– حَدِيْقَةٌ ।

حَدَبٍ– উঁচু জায়গা; পাহাড়ের কিনারা।

حَدِّثْ– তুমি বর্ণনা কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر; ক্রিয়ামূল– تَحْدِيْثٌ ।

حُدُوْدِ– আল্লাহর নির্দিষ্ট সীমা; একবচনে– حَدٌّ ।

حُدُوْدَهُ– তাঁর নির্দিষ্ট সীমা; هُ– সর্বনাম।

حَدِيْثٌ/حَدِيْثًا– কথাবার্তা; বহুবচনে– أَحَادِيْثُ ।

حَدِيْدٌ/حَدِيْدًا– তেজঃ; লোহা; ধারাল।

حَذَرَ– ভয়; ভয় পাওয়া; ক্রিয়ামূল– مصدر ।

حِذْرَكُمْ– তোমরা সতর্ক থাক; كُمْ– সর্বনাম।

حذرهم– তারা বাঁচবে; তারা শামিল হবে; هم– সর্বনাম।

حر– মুক্ত; আযাদ;
বহুবচনে–أحرار ।

حر/حرا– গরম; বহুবচনে–حرور ।

حرام/حراما– হারাম; নিষিদ্ধ; সম্মানিত; বহুবচনে –حرم ।

حرب– লড়াই; যুদ্ধ;
বহুবচনে–حروب ।

حرث– কৃষিকাজ; কৃষিজমি।

حرثه– তার কৃষিজমি; ه– সর্বনাম।

حرج/حرجا– গুনাহ; ক্ষতি; সংকীর্ণতা; জটিলতা;
ক্রিয়ামূল–مصدر ।

حرد– ক্রুদ্ধাবস্থায় নিষেধ করা, ফেরান; باب نصر থেকে
ক্রিয়ামূল–مصدر ।

حرسا– চৌকিদারী;
একবচনে– حارس ।

حرصت– তুমি লোভ করলে;
অতীতকাল– ماضى ;
حرص – ক্রিয়ামূল।

حرصتم– তোমরা লোভ করলে;
ক্রিয়ামূল–حرص ।

حرض– তুমি উৎসাহ দাও; প্রেরণা দাও; ক্রিয়ামূল– تحريض;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ।

حرضا– অসুখ; বেকার; অনর্থক।

حرف– কিনারা; দিক;
বহুবচনে– أحرف এবং حروف ।

حرقوه– তাকে জ্বালাও; তাকে পোড়াও
ه–সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া–امر ।

حرم– সে হারাম করেছে; সে নিষেধ করল; ক্রিয়ামূল– تحريم ।

حرم–হারাম করা হয়েছে; নিষেধ করা হয়েছে; সম্মানিত করা হয়েছে;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য – مجهول;
ক্রিয়ামূল– تحريم ।

حرم/حرما– ইহরাম বাধা ব্যক্তি; হারাম; ভদ্র; একবচনে–حرام ।

حرما– হেরেম; আশ্রয়স্থল; পবিত্রস্থান।

حرمت– সম্মানিত; পবিত্র জায়গা;
একবচনে– حرمة ।

حرمت– হারাম করা হয়েছে;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল– تحريم ।

حَرَّمْنَا– আমরা হারাম করে দিয়েছি;
ক্রিয়ামূল– تَحْرِيْمٌ ;
অতীতকাল– مَاضِى ।

حَرَّمُوْا– তারা হারাম করে নিল;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– تَحْرِيْمٌ ।

حَرَّمَهَا– তাকে (স্ত্রী) সম্মান করল;
هَا– সর্বনাম; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– تَحْرِيْمٌ ।

حَرَّمَهُمَا– তারা তাদের দু'জনকে হারাম করেছিল; هُمَا– সর্বনাম;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– تَحْرِيْمٌ ।

حَرُوْرٌ– লু–হাওয়া; গরম বাতাস।

حَرِيْرٌ/حَرِيْرًا– রেশম; রেশমী পোকা।

حَرِيْصٌ– লোভী; সন্ধানী;
ক্রিয়ামূল– حِرْصٌ ।

حَرِيْقٌ– আগুন; ভষ্ম;
ক্রিয়ামূল– حَرْقٌ ।

حِزْبٌ– দল; ফৌজ; জামায়াত;
বহুবচনে– اَحْزَابٌ ।

حِزْبُهٗ– তার দল; তার সৈন্য;
هٗ– সর্বনাম।

حِزْبَيْنِ– দু'দল; দু'জামায়াত–
দ্বিবচন– تَثْنِيَةٌ ।

حُزْنٌ– চিন্তা; অস্থির; বিচলিত;
বহুবচনে– حُزْنٌ , اِحْزَانٌ

حَزَنٌ/حَزَنًا– দুশ্চিন্তা; উদ্বেগ; অশান্ত।

حُزْنِىْ– আমার ভাবনা; আমার চিন্তা;
ى– সর্বনাম।

حِسَابٌ– হিসেব; গণনা; খতিয়ান।

حِسَابَكَ– তোমার হিসেব;
كَ– সর্বনাম।

حِسَابُهٗ– তার হিসেব; তার বুঝাপড়া; هٗ–সর্বনাম।

حِسَابَهُمْ– তাদের হিসেব নিকেশ;
هُمْ– সর্বনাম।

حِسَابِيَهْ– আমার হিসেব নিকেশ।

حِسَانٌ– আকর্ষণীয়; সুন্দর; উত্তম;
একবচনে– حَسَنٌ ; حَسِيْنٌ ; حَسَنَةٌ
এবং حَسْنَاءُ ।

حَسِبَ– ধারণা করা; খেয়াল করা;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

حُسْبَانٌ/حُسْبَانًا– হিসেব; গণনা।

حَسِبْتَ– তুমি বুঝেছ; তুমি ধারণা করলে; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

حَسِبْتُمْ– তোমরা ধারণা করছ;
ক্রিয়ামূল– حِسْبَانٌ;
অতীতকাল– ماضى ।

حُسِبَتْهُ– তাকে ধারণা করা হয়েছে;
তাকে জানা হয়েছে; هُ– সর্বনাম।

حَسِبْتَهُمْ–তুমি তাদেরকে জান;
هُمْ–সর্বনাম।

حَسْبُكَ– তোমার জন্য যথেষ্ট;
كَ– সর্বনাম।

حَسْبُنَا– আমাদের জন্য যথেষ্ট;
نَا– সর্বনাম।

حَسِبُوْا– তারা ধারণা করল; তারা জানল; ক্রিয়ামূল– حِسْبَانٌ ।

حَسْبُهُ– তার জন্য যথেষ্ট;
هُ– সর্বনাম।

حَسْبُهُمْ– তাদের জন্য যথেষ্ট;
هُمْ– সর্বনাম।

حَسْبِىَ– আমার জন্য যথেষ্ট;
ىَ– সর্বনাম।

حَسَدَ– সে হিংসা করল;
ক্রিয়ামূল– حَسَدٌ থেকে
অতীতকাল– ماضى ।

حَسَدًا– হিংসা করা; কারো সুখে অন্তর্দাহ হওয়া; ক্রিয়ামূল– مصدر ।

حَسَرَاتٍ– হায় আফসোস; অনুশোচনা;
আক্ষেপ; حَسْرَةٌ– একবচন।

حَسْرَتَنَا– আমাদের দুর্ভাগ্য; আমাদের আফসোস; نَا– সর্বনাম।

حَسْرَتِي– হায় আফসোস!

حَسْرَةٌ– আফসোস; অনুতাপ; আক্ষেপ।

حُسْنٌ / حُسْنًا / حَسَنٌ / حَسَنٍ / حَسَانًا–
উত্তম (হওয়া); ভাল (হওয়া);
আকর্ষণীয় (হওয়া); ক্রিয়ামূল– مصدر ।

حَسَنٰتٍ– সুশ্রী; নিয়ামত; নেকী;
একবচনে– حَسَنَةٌ ।

حَسَنَةٌ– সৌন্দর্য্য; নিয়ামত; নেকী;
বহুবচনে– حَسَنٰتٍ ।

حَسُنَتْ– সুশ্রী হয়েছে; ভাল হল;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– حُسْنٌ ।

حُسْنُهُنَّ– তাদের (স্ত্রী) সৌন্দর্য্য;
هُنَّ– সর্বনাম।

حُسْنٰى– উত্তম; উৎকৃষ্ট; তুলনাবাচক বিশেষ্য– اسم تفضيل ;
ক্রিয়ামূল– حَسَنٌ ।

حُسْنَيَيْنِ– দু'টো উত্তম বস্তু; দু'টো উৎকৃষ্ট বস্তু।

حُسُوْمًا– সমূলে উৎখাত করা;
মূলোৎপাটন; একবচনে– حَاسِمٌ ।

حَسِيبًا– হিসেব গ্রহণকারী;
ক্রিয়ামূল–حِسَابٌ ।
حَسِيرٌ–বিনয়ী; নম্র; মূল–حَسْرٌ ।
حَسِيسَهَا– তার মৃদু আওয়াজ;
هَا– সর্বনাম।
حَشْرٌ– হাশর; সকল মানুষকে একত্রিত করার সময় ও জায়গা।
حَشَرَ– সে একত্রিত করল;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল–حَشْرٌ ।
حُشِرَ– একত্রিত করা হল;
অতীতকাল– مَاضِى ;
কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল–حَشْرٌ ।
حُشِرَتْ– একত্রিত করা হল;
অতীতকাল– مَاضِى ;
কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল–حَشْرٌ ।
حَشَرْتَنِىْ– তুমি আমাকে উঠালে; তুমি আমাকে একত্রিত করলে;
نِىْ– সর্বনাম; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল–حَشْرٌ ।
حَشَرْنَا– আমাদেরকে একত্রিত করলে;
نَا –সর্বনাম।
حَشَرْنٰهُمْ– আমরা তাদেরকে একত্রিত করলাম; هُمْ– সর্বনাম।

حَصَادِهٖ– তার ফসল কাটা;
هٖ– সর্বনাম; ক্রিয়ামূল–مصدر ।
حَصَبٌ– ইন্ধন; জ্বালানী।
حَصْحَصَ– তা প্রকাশিত হল;
অতীতকাল– مَاضِى;
ক্রিয়ামূল– حَصْحَصَةٌ ।
حَصَدْتُّمْ– তোমরা কাটলে;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– حَصَادٌ ।
حَصِرَتْ– তা সংকীর্ণ হয়ে গেল;
ক্রিয়ামূল– حَصْرٌ ;
অতীতকাল– مَاضِى ।
حُصِّلَ– সে অর্জন করেছে; প্রকাশ করেছে; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল–تَحْصِيْلٌ ।
حَصُوْرًا– যে পুরুষ তার স্ত্রীর নিকট গমন করে না; স্ত্রীর প্রতি অনাসক্ত ব্যক্তি; ক্রিয়ামূল– مصدر ।
حُصُوْنُهُمْ– তাদের দুর্গ; তাদের সংরক্ষিত এলাকা; هُمْ– সর্বনাম;
একবচনে–حِصْنٌ ।
حَصِيْدٌ / حَصِيْدًا– ফসল কাটা।
حَصِيْرًا– কারাগার; বন্দীশালা;
মূলশব্দ–حَصْرٌ ।

حَضَرَ– সে এল; সে হাজির হল;
অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– حُضُوْرٌ ।

حَضَرُوْهُ– তারা তার নিকট এল, হাজির হল; هُ– সর্বনাম;
অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– حُضُوْرٌ

حُطَامًا– টুকরা টুকরা; চূর্ণকৃত বস্তু; চিবানো ঘাস।

حَطَبٌ / حَطَبًا– লাকড়ি; জ্বালানী;
বহুবচনে– اَحْطَابٌ ।

حِطَّةٌ– তওবা; অপমান; দুর্নাম; পতিত হওয়া।

حُطَمَةٌ– জাহান্নামের একটি স্তরের নাম;
শব্দমূল– حَطْمٌ ।

حَظٌّ/حَظًّا– নির্দিষ্ট অংশ; ভাগ্য।

حَفَدَةٌ– পৌত্র; নাতি;
একবচনে– حَافِدٌ; শব্দমূল– حَفَدٌ ।

حُفْرَةٌ– গর্ত; গুহা; বহুবচনে– حُفَرٌ ।

حَفِظَ– সে হেফাজত করল; যত্ন করল;
ক্রিয়ামূল– حِفْظٌ ;
অতীতকাল– مَاضِى ।

حِفْظًا– রক্ষণাবেক্ষণ; হেফাজত;
ক্রিয়ামূল– مصدر ।

حَفِظْنَاهَا– আমরা তা সংরক্ষণ করলাম; আমরা তা হেফাজতে রাখলাম;
هَا– সর্বনাম; অতীতকাল– مَاضِى ;
ক্রিয়ামূল– حِفْظٌ ।

حَفَظَةٌ– সংরক্ষণকারী; হেফাজতকারীগণ;
একবচনে– حَافِظٌ ; ক্রিয়ামূল– حِفْظٌ ।

حِفْظُهُمَا– দুটোর সংরক্ষণ; হেফাজত;
هُمَا– সর্বনাম।

حَفَفْنَاهُمَا– আমরা দুটোকেই গোপন করলাম, ঘিরে নিলাম; هُمَا– সর্বনাম;
শব্দমূল– حَفٌّ ।

حَفِىٌّ– দয়ালু; স্নেহশীল; সবজান্তা;
শব্দমূল– حَفَاوَةٌ ।

حَفِيْظٌ– হেফাজতকারী; সংরক্ষণকারী;
ক্রিয়ামূল– مصدر ; শব্দমূল– حِفْظٌ ।

حَقٌّ– হক; সত্য; যথাযথ।

حَقٌّ/حَقًّا– প্রমাণ হওয়া; সত্য হওয়া; যথাযথ হওয়া;
অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– حَقٌّ ।

حُقُبًا– শতাব্দীর পর শতাব্দী; যুগ যুগান্তর; বহুবচনে– اَحْقَابٌ ।

حُقَّتْ– উপযোগী ছিল; যোগ্য ছিল;
ক্রিয়ামূল– حَقٌّ; অতীতকাল– مَاضِى ।

حُقَّتْ– তা প্রমাণিত হল; প্রতিষ্ঠিত হল; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– حَقٌّ ।

حَقُّهٗ– তার অধিকার; তার হক; ہٗ– সর্বনাম।

حَقِيْقٌ– উপযোগী; অধিকারী; ক্রিয়ামূল– مصدر ।

حُكَّام– হাকীম; বিচারক; একবচনে– حَاكِمٌ ।

حُكْمٌ/حُكْمًا– আজ্ঞা; নির্দেশ; হুকুম; ক্রিয়ামূল– مصدر ।

حَكَمَ– সে আজ্ঞা করেছে; হুকুম করেছে; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– حُكْمٌ ।

حَكَمًا– বিচারক; ফায়সালাকারী; শব্দমূল– حُكْمٌ ।

حَكَمْتَ– তুমি নির্দেশ দিয়েছ; ফায়সালা করেছ; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– حُكْمٌ ।

حَكَمْتُمْ– তোমরা নির্দেশ দিলে; ফায়সালা করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– حُكْمٌ ।

حِكْمَةٌ জ্ঞান বুদ্ধি; কৌশল; গবেষণা; প্রজ্ঞা; বহুবচনে– حِكَمٌ ।

حُكْمُهٗ– তার নির্দেশ; তার ফায়সালা; ہٗ– সর্বনাম।

حُكْمُهُمْ– তাদের নির্দেশ; তাদের ফায়সালা; هُمْ– সর্বনাম।

حَكِيْمٌ/حَكِيْمًا– জ্ঞানী; প্রজ্ঞাবান; বিচক্ষণ; গবেষক; কৌশলী।

حِلٌّ/حِلًّا– হালাল; বৈধ; বৈধ হওয়া; অবতীর্ণ হওয়া; ক্রিয়ামূল– مصدر ।

حَلَّافٍ– অত্যধিক শপথকারী; শব্দমূল– حَلْفٌ ।

حَلَالٌ/حَلَالًا– হালাল; বৈধ; ঠিক।

حَلَائِلُ– ঐ স্ত্রীগণ যাদের সাথে সহবাস বৈধ। অর্থাৎ বিবাহিত স্ত্রীগণ; একবচনে– حَلِيْلَةٌ ।

حَلَفْتُمْ– তোমরা শপথ করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– حَلْفٌ ।

حُلْقُوْمٌ– হলক; গলা; কণ্ঠনালী; বহুবচনে– حَلَاقِيْمُ ।

حَلَلْتُمْ– তোমরা হালাল হয়েছ; ইহরাম মুক্ত হয়েছ; অতীতকাল– ماضى; ক্রিয়ামূল– حِلٌّ এবং حَلَالٌ ।

حُلُمٌ– জ্ঞান বুদ্ধি; বিচক্ষণতা; বহুবচনে– أَحْلَامٌ ।

حُلُّوٓا– তাদেরকে পরানো হবে;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য –مجهول; ক্রিয়ামূল– تَحْلِيَةٌ ।

حَلِيمٌ/حَلِيمًا– চরম ধৈর্য্যশীল;
শব্দমূল– حِلْمٌ ।

حُلِيِّهِمْ– তাদের অলংকারসমূহ;
هِمْ–সর্বনাম; একবচনে– حَلْىٌ ।

حٰمٓ– এগুলো হরুফে মুকাত্তায়াত;
এদের প্রকৃত অর্থ আল্লাহই জানেন।

حَمَاٍ– গর্ত; নরম কাদামাটি।

حِمَارٌ–গাধা; বহুবচনে– حَمِيْرٌ এবং
حُمُرٌ ।

حِمَارِكَ– তোমার গাধা; كَ– সর্বনাম।

حَمَّالَةَ– বোঝা বহনকারিণী;
ক্রিয়ামূল– حَمْلٌ ।

حَمْدٌ– প্রশংসা; তারিফ; গুণগান।

حَمْدِكَ– তোমার প্রশংসা;
كَ– সর্বনাম।

حَمْدِهٖ– তাঁর প্রশংসা; ہٖ– সর্বনাম।

حُمُرٌ– গাধাগুলো; একবচনে– حِمَارٌ ।

حُمْرٌ– লাল; একবচনে– أَحْمَرُ ।

حٰمٓ عٓسٓقٓ– এগুলো হরুফে
মুকাত্তায়াত; এগুলোর প্রকৃত অর্থ
একমাত্র আল্লাহ্ই জানেন।

حَمْلٌ/حَمْلاً– গর্ভ; পেটের বাচ্চা;
বহুবচনে– أَحْمَالٌ ।

حِمْلٌ/حِمْلاً– বোঝা; বহুবচনে– أَحْمَالٌ
এবং حُمُولَةٌ ।

حَمَلَ– সে বহন করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– حِمْلٌ ।

حُمِّلَ– তার উপর বোঝা চাপিয়ে দেয়া
হল; অতীতকাল– ماضى;
কর্মবাচ্য– مجهول ;
ক্রিয়ামূল– تَحْمِيْلٌ ।

حَمَلَتْ– সে (স্ত্রী) বহন করল;
ক্রিয়ামূল– حِمْلٌ এবং حَمْلٌ ;
অতীতকাল– ماضى ।

حُمِلَتْ– তার বহন করা হল;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– حَمْلٌ ।

حُمِّلْتُمْ– তোমাদের উপর বোঝা চাপানো
হল; অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– تَحْمِيْلٌ ।

حُمِّلْنَا– আমাদেরকে বহন করান
হয়েছিল; আমরা বহন করেছিলাম;
অতীতকাল– ماضى;
কর্মবাচ্য– مجهول; ক্রিয়ামূল– تَحْمِيْلٌ ।

حَمَّلْتَهُ– তুমি তার উপর বোঝা চাপিয়ে দিলে; هُ– সর্বনাম;
অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–حَمْلٌ ।

حَمَلَتْهُ– সে (স্ত্রী) তাকে (পেটে করে) বহন করেছে; هُ–সর্বনাম;
অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–حَمْلٌ ।

حَمَلْنَا– আমরা আরোহণ করলাম;
ক্রিয়ামূল– حَمْلٌ ;
অতীতকাল– ماضى ।

حُمِّلْنَا– আমাদেরকে বহন করানো হয়েছিল; আমরা বহন করেছিলাম;
অতীতকাল–ماضى ;
কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল–تَحْمِيلٌ ।

حَمَلْنَاكُمْ– আমরা তোমাদেরকে সওয়ার করিয়ে দিলাম; আমরা তোমাদের উপর বোঝা চাপিয়ে দিলাম; كُمْ– সর্বনাম।

حَمَلْنَاهُ– আমরা তাকে আরোহণ করালাম; هُ– সর্বনাম।

حَمَلْنَاهُمْ–আমরা তাদেরকে আরোহণ করালাম; আমরা তাদেরকে বহন করলাম; هُمْ– সর্বনাম।

حُمِّلُوا– তাদের উপর বোঝা চাপানো হল; অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য–مجهول; ক্রিয়ামূল– تَحْمِيلٌ ।

حَمْلُهُ– তার গর্ভ ধারণ; هُ–সর্বনাম।

حَمْلُهَا– তার (স্ত্রী) গর্ভ; هَا– সর্বনাম।

حِمْلُهَا– তার (স্ত্রী) বোঝা;
هَا– সর্বনাম।

حَمَلَهَا– সে তাকে (স্ত্রী) উঠিয়ে নিল;
هَا– সর্বনাম।

حَمْلُهُنَّ– তাদের (স্ত্রী) গর্ভ;
هُنَّ –সর্বনাম।

حَمُولَةً– যে বোঝা উঠিয়ে দেয়;
শব্দমূল– حَمْلٌ ।

حَمِيدٌ/حَمِيدًا– প্রশংসিত; স্বপ্রশংসিত; যার প্রশংসা করা হয়েছে।

حُمُرٌ– গাধা; একবচনে– حِمَارٌ ।

حَمِيمٌ/حَمِيمًا– অত্যন্ত গরম পানি; প্রাণের বন্ধু।

حَمَإٍ– দুর্গন্ধযুক্ত মাটি; হাজামজা।

حَمِيَّةَ– অনুভূতি; জিদ; আত্মপরিচয়।

حَنَاجِرَ– কণ্ঠনালী; গলা;
একবচনে– حَنْجَرَةٌ ।

حَنَانًا– রহমত; দয়া;
ক্রিয়ামূল–مصدر ।

حِنْثٌ– গুনাহ; শপথ ভাঙ্গা;
বহুবচনে–أَحْنَاثٌ ।

حُنَفَاءَ– একনিষ্ঠ; এক আল্লাহ্‌র দাসত্বে বিশ্বাসী; একবচনে–حَنِيْفٌ ।

حَنِيْذٌ– ভাজা; পাতলা; নিষ্ঠাবান; শব্দমূল– حَنْذٌ ।

حَنِيفًا– একনিষ্ঠ; সত্যের উপর প্রতিষ্ঠিত ব্যক্তি; ক্রিয়ামূল– حَنَفٌ ।

حُنَيْنٍ– মক্কা ও তায়েফের মধ্যবর্তী স্থান। এখানে ঐতিহাসিক হুনায়ন যুদ্ধ সংঘটিত হয়।

حَوَارِيُّونَ / حَوَارِيِّينَ– হাওয়ারী; সাহায্যকারী; ধোপা; হযরত ঈসা (আ) এর সাথীদের উপাধি; একবচনে–حَوَارِيٌّ ।

حَوَايَا– নাড়িভুঁড়ি; চর্বি; একবচনে– حَوِيَّةٌ ।

حُوبًا– গুনাহ; পাপ; অপরাধ।

حُوتٌ– মাছ; বহুবচনে– حِيتَانٌ ।

حُوتَهُمَا– তাদের দু'জনের মাছ; هُمَا– সর্বনাম।

حُورٌ– হুর; অপ্সরা; একবচনে– حَوْرَاءُ।

حَوْلٌ– বৎসর; চারদিকে; আশেপাশে।

حِوَلًا– জায়গা পরিবর্তন; স্থানান্তর; ক্রিয়ামূল– مصدر ।

حَوْلَكَ– তোমার চতুর্দিক; كَ– সর্বনাম।

حَوْلَكُمْ– তোমাদের চতুর্দিকে; তোমাদের আশে পাশে; كُمْ– সর্বনাম।

حَوْلَهُ– তার আশপাশে; তার চতুর্দিকে; هُ– সর্বনাম।

حَوْلَهَا– তার (স্ত্রী) আশপাশে; তার চতুর্দিকে; هَا–সর্বনাম।

حَوْلَهُمْ– তাদের চতুর্দিকে; তাদের আশপাশে; هُمْ– সর্বনাম।

حَوْلَيْنِ– দু'বৎসর; একবচনে– حَوْلٌ ।

حَيَّ– সে জীবিত রইল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– حَيَاةٌ ।

حَيٌّ / حَيًّا– জীবিত; প্রাণচঞ্চল; শব্দমূল– حَيَاةٌ ।

حِيتَانُهُمْ– তাদের মাছগুলো; هُمْ– সর্বনাম; حِيتَانٌ – বহুবচন; একবচনে– حُوتٌ ।

حَيْثُ– যেখানে; যা; যে দিকে; স্থান অধিকরণ– ظرف مكان ।

حَيْرَانَ– পেরেশান; অস্থির; শব্দমূল– حَيْرَةٌ ।

حِيلَ– আটক করা; বাধা দেয়া; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য – مجهول ; ক্রিয়ামূল– حَوْلٌ ।

حِيْلَةٌ– ধোঁকা; প্রতারণা;
বহুবচনে–حِيَلٌ ।
حِيْنٌ– সময়; কাল; বহুবচনে–اَحْيَانٌ ।
حِيْنَئِذٍ– ঐ সময়; সে সময়; কাল অধিকরণ–ظرف زمان ।
حَيُّوْا– তোমরা সম্মান কর; অভিবাদন কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر;
ক্রিয়ামূল–تَحِيَّةٌ ।
حَيَوَانٌ– জীবন; প্রাণ;
ক্রিয়ামূল– مصدر ।
حَيٰوةٌ– জীবন; বাঁচা; জন্ম থেকে মৃত্যু অবধি সময়কাল; ক্রিয়ামূল– مصدر ।
حَيَاتِكُمْ– তোমাদের জীবন; তোমাদের হায়াত; كُمْ– সর্বনাম।
حَيَاتُنَا– আমাদের জীবন; আমাদের হায়াত; نَا– সর্বনাম।
حَيَاتِيْ– আমার জীবন; ىْ– সর্বনাম।
حَيُّوْكَ– তারা তোমাকে সম্মান করল, সালাম করল; كَ– সর্বনাম;
অতীতকাল ماضى ; ক্রিয়ামূল–تَحِيَّةٌ ।
حَيَّةٌ–সাপ; অজগর; বহুবচনে–حَيَّاتٌ ।
حُيِّيْتُمْ– তোমাদেরকে সালাম দেয়া হল; দু'আ করা হল;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য–مجهول ; ক্রিয়ামূল–تَحِيَّةٌ ।

خ

خَابَ– সে ব্যর্থ হল; আশাহত হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَيْبَةٌ ।
خَاتَمَ– সিলমোহর; আংটি; সমাপ্তকারী;
বহুবচন– خَوَاتِمُ এবং خُتُمٌ ।
خَادِعُهُمْ– তাদেরকে প্রতারণাকারী;
هُمْ– সর্বনাম; কর্তৃকারক–اسم فاعل;
ক্রিয়ামূল– خِدْعٌ ।
خَارِجٌ– যে বা যা বের হয়;
ক্রিয়ামূল– خُرُوْجٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَارِجِيْنَ– যারা বা যা বের হয়;
কর্তৃকারক– اسم فاعل;
বহুবচন– (جمع), একবচনে– خَارِجٌ ।
ক্রিয়ামূল– خُرُوْجٌ ।
خَازِنِيْنَ– একত্রকারী; খাজাঞ্চী; অপদস্থকারী; ক্রিয়ামূল– خَزْنٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَاسِرُوْنَ/خَاسِرِيْنَ– ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خُسْرٌ এবং خُسْرَانٌ ;
একবচনে– خَاسِرٌ ।

خَاسِرَةٌ– ক্ষতিগ্রস্ত ব্যক্তি (স্ত্রীলিঙ্গ);
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– خُسْرَانٌ এবং خُسْرٌ ।

خَاسِئًا– ক্লান্ত; অবসাদগ্রস্ত;
অপমানিত; কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– خَسْأٌ ।

خَاسِئِيْنَ– ক্লান্ত; অবসাদগ্রস্ত;
অপমানিত; লাঞ্ছিত;
কর্তৃকারক–اسم فاعل; বহুবচন (جمع);
ক্রিয়ামূল– خَسْأٌ ।

خَاشِعًا– বিনয়ী; অনুগত;
কর্তৃকারক– اسم فاعل;
ক্রিয়ামূল– خُشُوْعٌ ।

خَاشِعَاتٌ– বিনয়ী স্ত্রীলোক; অনুগত
স্ত্রীলোক; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خُشُوْعٌ ।

خَاشِعُوْنَ/خَاشِعِيْنَ– বিনয়ী; নম্র;
অনুগত; কর্তৃকারক– اسم فاعل ;
বহুবচন (جمع) ; ক্রিয়ামূল–خُشُوْعٌ ।

خَاشِعَةٌ– বিনয়; ভীরু; তুচ্ছ;
কর্তৃকারক– اسم فاعل ;
স্ত্রীলিঙ্গ (مؤنث) ; ক্রিয়ামূল–خُشُوْعٌ ।

خَاصَّةٌ– নির্বাচিত; সঠিক; যথাযথ;
কর্তৃকারক اسم فاعل ; স্ত্রীলিঙ্গ;
ক্রিয়ামূল– خَصٌّ ।

خَاضِعِيْنَ– বিনয় প্রদর্শনকারী; অনুগত;
ক্রিয়ামূল– خُضُوْعٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

خَاضُوْا– তারা তর্কবিতর্কে লিপ্ত
হয়েছে; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَوْضٌ ।

خَاطَبَهُمْ– তাদের সাথে কথাবার্তা হল;
তাদেরকে সম্বোধন করা হল;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– مُخَاطَبَةٌ ;
অতীতকাল– ماضى ।

خَاطِئُوْنَ/خَاطِئِيْنَ– গুনাহ্‌গার;
অপরাধীগণ; ক্রিয়ামূল– خَطَأٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

خَاطِئَةٌ– গুনাহ; গুনাহগার; অপরাধ;
অপরাধী; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَطَأٌ ।

خَافَ– সে ভয় পেল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَوْفٌ ।

خَافَتْ– সে (স্ত্রী) ভয় পেল;
অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– خَوْفٌ ।

خَافِضَةٌ– অবতরণকারিণী; নতি
স্বীকারকারিণী;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَفْضٌ ।

خَافُوْا– তারা ভয় পেল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَوْفٌ ।
خَافُوْنِى– আমাকে ভয় কর;
نِى– সর্বনাম; ক্রিয়ামূল–خَوْفٌ ;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ।
خَافِيَةٌ– গোপনকারিণী;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَفَاءٌ ।
خَالَتِكَ– তোমার ফুফু/খালা;
كَ–সর্বনাম; একবচনে– خَالَةٌ ।
خَلَتِكُمْ– তোমাদের ফুফু/খালা;
كُمْ– সর্বনাম।
خَالِدٌ– সর্বদা; অনন্তকাল; যুগ–যুগান্তর;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خُلُوْدٌ ।
خَالِدُوْنَ/خَالِدِيْنَ– সর্বদা থাকা ব্যক্তি;
অনন্তকাল থাকা ব্যক্তি;
ক্রিয়ামূল– خُلُوْدٌ ;
কর্তৃকারক– اسم فاعل ;
বহুবচন (جمع); একবচনে– خَالِدٌ ।
خَالِدَيْنِ– দু'জন অনন্তকাল থাকবে।

خَالِصٌ– খাঁটি; স্পষ্ট একনিষ্ঠ
ক্রিয়ামূল– خُلُوْصٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَالِفِيْنَ– পিছনের ব্যক্তিবর্গ;
ক্রিয়ামূল– خَلْفٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَالِقٌ– সৃষ্টিকর্তা;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَلْقٌ ।
خَالِقُوْنَ/خَالِقِيْنَ– সৃষ্টিকর্তাসমূহ;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَلْقٌ ।
خَالَكَ– তোমার মামা/ফুফা;
كَ –সর্বনাম।
خَالِيَةٌ– অতিক্রমকারিণী; পিছনের যুগ;
কর্তৃকারক– اسم فاعل ; স্ত্রীলিঙ্গ;
ক্রিয়ামূল– خُلُوٌّ ।
خَامِدُوْنَ/خَامِدِيْنَ– নিস্তব্ধ; বেহুঁশ;
ক্রিয়ামূল– خُمُوْدٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَامِسَةٌ– পঞ্চম ব্যক্তি।
خَانَتَهُمَا– তারা দু'জন খেয়ানত করল;
ক্রিয়ামূল– خِيَانَةٌ ;
অতীতকাল– ماضى ।

خَانُوْا– তারা খেয়ানত করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خِيَانَةٌ ।
خَاوِيَةٌ– খালি; ধ্বংস; উৎপাটিত;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خَوَاءٌ ।
خَائِبِيْنَ– ব্যর্থ; আশাহত;
ক্রিয়ামূল– خَيْبَةٌ ;
কর্তৃকারক– اسمفاعل ।
خَائِضِيْنَ– বিতর্ককারীগণ;
ক্রিয়ামূল– خَوْضٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
خَائِفًا– ভীত; যে ভয় পায়;
ক্রিয়ামূল– خَوْفٌ ;
কর্তৃকারক– اسمفاعل ।
خَائِفِيْنَ– ভীত; ভয় পাওয়া ব্যক্তিবর্গ;
ক্রিয়ামূল– خَوْفٌ ;
কর্তৃকারক– اسمفاعل ।
خَائِنَةٌ– খেয়ানতকারী;
ক্রিয়ামূল– خِيَانَةٌ ;
কর্তৃকারক– اسمفاعل ।
خَائِنِيْنَ– খেয়ানতকারী ব্যক্তিবর্গ;
ক্রিয়ামূল– خِيَانَةٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

خَبْءَ– গোপনীয়; গোপন বস্তু।
خَبَالًا– ধ্বংস; বরবাদ।
خَبَائِثَ– অপবিত্র বস্তু; খারাপ কাজ;
একবচনে– خَبِيْثَةٌ ।
خَبَتْ– নিস্তেজ; ঠাণ্ডা; স্তিমিত;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُبُوٌّ এবং خَبْوٌ ।
خَبُثَ– সে অপবিত্র হল; খারাপ হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُبْثٌ এবং خَبَاثَةٌ ।
خَبَرٍ– খবর; পরিচয়;
ক্রিয়ামূল– مصدر ।
خُبْرًا– জ্ঞান; বুদ্ধি; খবর; সতর্কবাণী;
ক্রিয়ামূল– مصدر ।
خُبْزًا– রুটি; তন্দুর রুটি।
خَبِيْثُ– খবিশ; অপবিত্র;
বহুবচনে– خُبُثٌ ।
خَبِيْثَةٌ– অপবিত্রা; দুশ্চরিত্রা;
জেনাকারিনী; একবচনে– خَبِيْثَةٌ ।
خَبِيْثُوْنَ– দুশ্চরিত্র; অপবিত্র; ব্যভিচারী;
একবচনে– خَبِيْثٌ ।
خَبِيْرٌ– আল্লাহর নাম; বিজ্ঞ; জ্ঞানী;
যিনি সবকিছুর খবর রাখেন;
ক্রিয়ামূল– خُبْرٌ ।

خَتَّار– শপথ ভঙ্গকারী; অকৃতজ্ঞ; চরম মিথ্যাবাদী; ক্রিয়ামূল– خَتْرٌ ।

خَتْمَهُ– তা মোহর আবৃত; সীল মোহর যুক্ত; ه– সর্বনাম।

خَتَمَ– সে পরিসমাপ্তি ঘটিয়েছে; সে মোহর লাগিয়েছে; ক্রিয়ামূল– خَتْمٌ ; অতীতকাল– ماضى ।

خَدَّكَ– তোমার মুখমণ্ডল; তোমার গাল; كَ– সর্বনাম; বহুবচনে– خُدُوْدٌ ।

خُذْ– তুমি ধর; তুমি নাও; গ্রহণ কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– أَخْذٌ ।

خُذُوْا– তোমরা ধর; তোমরা নাও; গ্রহণ কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– أَخْذٌ ।

خَذُوْلًا– বিপদের সময় প্রতারণা করা; ক্রিয়ামূল– خِذْلَانٌ ।

خُذُوْهُ– তাকে ধর; গ্রহণ কর; ه– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– أَخْذٌ ।

خُذْهَا–, তাকে (স্ত্রী) ধর, গ্রহণ কর; هَا– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– أَخْذٌ ।

خُذُوْهُمْ– তাদেরকে ধর, গ্রহণ কর; هُمْ– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– أَخْذٌ ।

خَرَّ– সে পতিত হল; পড়ে গেল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خَرٌّ ।

خَرَابِهَا– তা নষ্ট করতে; বিধ্বস্ত করতে; هَا– সর্বনাম; بابسمع থেকে مصدر ।

خَرَاجٌ– সম্পদ; দান; বিনিময়; বহুবচনে– أَخْرَاجٌ এবং أَخْرِجَةٌ ।

خَرَّاصُوْنَ– যারা ধারণা ও অনুমানের ভিত্তিতে ফায়সালা করে; ক্রিয়ামূল– خَرْصٌ ।

خَرَجَ– সে বের হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خُرُوْجٌ

خَرْجًا– সম্পদ; দান; পারিশ্রমিক।

خَرَجْتَ– তুমি বের হলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خُرُوْجٌ ।

خَرَجْتُمْ– তোমরা বের হলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خُرُوْجٌ ।

خَرَجْنَ– তারা (স্ত্রী) বের হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُرُوْجٌ ।

خَرَجْنَا– আমরা বের হলাম;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُرُوْجٌ ।

خَرَجُوْا– তারা বের হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُرُوْجٌ ।

خَرْدَلٍ– সরিষার দানা; সরিষা;
একবচনে– خَرْدَلَةٌ ।

خُرْطُوْمٌ– হাতির শুঁড়;
বহুবচনে– خَرَاطِيْمُ ।

خَرَقْتَهَا– তুমি তাকে (স্ত্রী) চিরে ফেললে; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَرْقٌ ।

خَرَقُوْا– তারা ভেঙ্গে ফেলল; টুকরা টুকরা করে দিল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَرْقٌ ।

خَرَقَهَا– তাকে চিরে ফেলল; কেটে টুকরো টুকরো করে দিল;
هَا– সর্বনাম; ক্রিয়ামূল– خَرْقٌ ।

خَرُّوْا– তারা পতিত হল; পড়ে গেল;
ক্রিয়ামূল– خُرُوْرٌ ।

خُرُوْجٌ– বের হওয়া;
ক্রিয়ামূল– مصدر ।

خَزَائِنُ– রত্নাগার; ধনভাণ্ডার; ট্রেজারী;
একবচনে– خَزَانَةٌ ।

خَزَائِنُهُ– তার ধনভাণ্ডার/রত্নাগার;
هُ– সর্বনাম।

خَزَنَةٌ– খাজাঞ্চী; রক্ষণাবেক্ষণকারী।

خَزَنَتُهَا– তার রক্ষী/প্রহরী;
هَا– সর্বনাম।

خِزْىٌ– লাঞ্ছনা; অপমান; পর্যদস্ত;
ক্রিয়ামূল– مصدر ।

خَسَارًا– লোকসান; ক্ষতি;
ক্রিয়ামূল– مصدر ।

خُسْرٍ– লোকসান; ক্ষতি;
ক্রিয়ামূল– مصدر ।

خَسِرَ– সে ক্ষতিগ্রস্ত হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُسْرٌ এবং خُسْرَانٌ ।

خُسْرَانٌ– ধ্বংস; ক্ষতি; লোকসান;
ক্রিয়ামূল– مصدر ।

خَسِرُوْا– তারা ক্ষতিগ্রস্ত হল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُسْرٌ এবং خُسْرَانٌ ।

خَسَفَ– চন্দ্রগ্রহণ লাগল; চন্দ্র আলোহীন হয়ে গেল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُسُوْقٌ ।

خَسَفَ– সে ধসিয়ে দিল; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَسْفٌ ।

خَسَفْنَا– আমরা ধসিয়ে দিলাম;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল خَسْفٌ ।

خُشُبٌ– লাকড়ী; জ্বালানী;
একবচনে– خَشَبٌ ।

خُشَّعًا– বিনয় কারী; অনুনয়কারী;
একবচনে– خَاشِعٌ ;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– خُشُوْعٌ ।

خَشَعَتْ– ধসে গেল; নত হল; বিনয়ী হল; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خُشُوْعٌ ।

خُشُوْعًا– বিনয়; নত; অনুগত;
ক্রিয়ামূল– مصدر ।

خَشِىَ– সে ভয় পেল;
ক্রিয়ামূল– خَشْيَةٌ ;
অতীতকাল– ماضى ।

خَشِيْتُ– আমি ভয় পেলাম;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

خَشْيَةَ– ভয়; ভীতি; কাপুরুষতা;
ক্রিয়ামূল– مصدر ।

خَشْيَتِهٖ– তার ভয়; তার ভীতি;
ہ– সর্বনাম।

خَشِيْنَا– আমরা ভয় পেলাম;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– خَشْيَةٌ ।

خَصَاصَةٌ– ক্ষুধা; দরিদ্রতা; সংকীর্ণতা;
ক্রিয়ামূল– مصدر ।

خِصَامِ– ঝগড়া করা; বিবাদ করা;
ক্রিয়ামূল– مصدر ।

خَصْمِ– ঝগড়াকারী; বিবাদকারী; দুশমন; বহুবচনে– خِصَامٌ ; خُصُوْمٌ এবং اَخْصَامٌ ।

خَصْمٰنِ– দু'জন ঝগড়াটে ব্যক্তি।

خَصِمُوْنَ –ঝগড়াকারীগণ; বিবাদকারীগণ।

خَصِيْمٌ/خَصِيْمًا– শক্ত ঝগড়াটে ব্যক্তি; একবচনে– خِصَامٌ ।

خُضْتُمْ– তোমরা পা বাড়ালে; এগিয়ে গেলে; ক্রিয়ামূল– خَوْض ; অতীতকাল– ماضى ।

خُضْر– সবুজ; শ্যামল; একবচনে– اَخْضَرُ ।

خَضِرًا– সবুজ তরকারী; শাক-শব্জী; শাখা।

خَطَأً– ভুল; ভুল হওয়া; ক্রিয়ামূল– مصدر ।

خِطْأً– ভুল; অপরাধ; গুনাহ্; ক্রিয়ামূল– مصدر ।

خِطَابِ/خِطَابًا– কথা; সম্বোধন; কথাবার্তা; ক্রিয়ামূল– مصدر ।

خَطٰيٰكُمْ– তোমাদের ভুল ত্রুটি, গুনাহ্; كُمْ– সর্বনাম; একবচনে– خَطِيْئَةٌ ।

خَطٰيٰنَا– আমাদের গুনাহ্সমূহ;অপরাধ সমূহ; ভুল-ত্রুটিসমূহ; نَا– সর্বনাম।

خَطٰيٰهُمْ– তাদের অপরাধসমূহ; ভুলত্রুটিসমূহ; هُمْ– সর্বনাম।

خَطْبُكَ– তোমার অবস্থা; তোমার উদ্দেশ্য ও কাজকর্ম; كَ– সর্বনাম।

خَطْبُكُمْ– তোমাদের অবস্থা; উদ্দেশ্য ও কাজকর্ম; كُمْ– সর্বনাম; বহুবচনে– خُطُوْبٌ ।

خَطْبُكُمَا– তোমাদের দু'জনের অবস্থা; كُمَا–সর্বনাম; বহুবচনে– خُطُوْبٌ ।

خَطْبُكُنَّ – তোমাদের (স্ত্রী) অবস্থা, খবরাখবর; كُنَّ– সর্বনাম; বহুবচনে– خُطُوْبٌ ।

خِطْبَةِ– বিবাহের পয়গাম; বিবাহ সংক্রান্ত কথাবার্তা; ক্রিয়ামূল– مصدر ।

خَطِفَ– সে ঝাপটা মারল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خَطْفَةٌ ।

خَطْفَةٌ– ঝাপটা মেরে নিয়ে যাওয়া; থাবা মেরে নিয়ে যাওয়া; ক্রিয়ামূল– مصدر ।

خُطُوٰتِ– পদচিহ্ন; পা; একবচনে– خُطْوَةٌ ।

خَطِيْئٰتِكُمْ– তোমাদের গুনাহ্সমূহ; ভুলত্রুটি সমূহ; كُمْ– সর্বনাম; একবচনে– خَطِيْئَةٌ ।

خَطِيْئٰتِهِمْ– তাদের অপরাধসমূহ; ভুলত্রুটিসমূহ; هُمْ– সর্বনাম; একবচনে– خَطِيْئَةٌ ।

خَطِيْئَةٌ- গুনাহ্; অপরাধসমূহ।

خَطِيْئَتُهُ- তার অপরাধসমূহ;

ـهُ- সর্বনাম।

خَطِيْئَتِيْ- আমার অপরাধসমূহ;

ىْ- সর্বনাম।

خِفَافًا- হাল্কা-পাতলা;

একবচনে-خَفِيْفٌ ।

خَفَّتْ- তা হাল্কা হবে;

ক্রিয়ামূল- خِفَّةٌ ; অতীতকাল- مَاضِى ।

خِفْتُ- আমার ভয় হয়; আমি ভয় করলাম; অতীতকাল- مَاضِى ;

ক্রিয়ামূল- خَوْفٌ ।

خِفْتَ- তুমি ভয় পেলে;

অতীতকাল-مَاضِى ; ক্রিয়ামূল-خَوْفٌ।

خِفْتُكُمْ- আমি তোমাদের ভয় করি;

كُمْ-সর্বনাম; ক্রিয়ামূল- خَوْفٌ ।

خِفْتُمْ- তোমরা ভয় পেলে;

অতীতকাল- مَاضِى ;

ক্রিয়ামূল- خَوْفٌ ।

خَفَّفَ- সে হাল্কা করে দিল;

অতীতকাল- مَاضِى ;

ক্রিয়ামূল- تَخْفِيْفٌ ।

خَفِيٌّ/خَفِيًّا- গোপনে; চুপি চুপি;

শব্দমূল- خَفَاءٌ ।

خُفْيَةً- গোপনে; চুপি চুপি;

ক্রিয়ামূল- مصدر ।

خَفِيْفًا- হালকা-পাতলা;

শব্দমূল- خِفَّةٌ ; ক্রিয়ামূল- مصدر ।

خَلَا- সে পৃথক হল;

অতীতকাল- مَاضِى ;

ক্রিয়ামূল- خَلَاءٌ ।

خَلَا- তা হল; অতিক্রান্ত হল;

অতীতকাল-مَاضِى ; ক্রিয়ামূল-خُلُوٌّ ।

خِلَافِ- খেলাফ; উল্টা; বিপরীত;

ক্রিয়ামূল- مصدر ।

خِلَافَكَ- তোমার বিপরীত; তোমার পিছনে; كَ- সর্বনাম।

خَلَاقَ- অংশ; চারিত্রিক গুণ বলে মানুষ যে মর্যাদা লাভ করে তাকে خلاق বলে।

خَلَّاقُ-সৃষ্টিকর্তা; শব্দমূল- خَلْقٌ ।

خَلَاقِكُمْ- তোমাদের অংশ;

كُمْ- সর্বনাম।

خَلَاقِهِمْ- তাদের অংশ; هِمْ-সর্বনাম।

خِلَالُ-বন্ধুত্ব; দোস্তী; মধ্যে;

ক্রিয়ামূল- مُخَالَّةٌ ।

خِلَالَكُمْ- তোমাদের মধ্যে;

كُمْ- সর্বনাম।

خِلَالِهٖ– তার মধ্যে; ـهٖ– সর্বনাম।

خِلَالَهَا– তার (স্ত্রী) মধ্যে;

ـهَا– সর্বনাম।

خِلَالَهُمَا– তাদের দু'জনের মধ্যে;

ـهُمَا– সর্বনাম।

خَلَائِفَ– প্রতিনিধি; স্থলাভিষিক্ত;

একবচনে– خَلِيْفَةٌ ।

خَلَتْ– তা অতিক্রান্ত হয়েছে;

অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– خُلُوٌّ ।

خُلْدٌ– সর্বদা; সবসময়; বিরতিহীন;

একটি জান্নাতের নাম।

خَلَصُوْا– তা পৃথক হল;

অতীতকাল– ماضى ;

ক্রিয়ামূল– خُلُوْصٌ ।

خُلَطَاءِ– শরীক; অংশীদার;

একবচনে– خَلِيْطٌ ।

خَلَطُوْا– তারা মিলিয়েছে; মিশ্রণ

ঘটিয়েছে; ক্রিয়ামূল– خَلْطٌ ;

অতীতকাল– ماضى ।

خَلَفَ– সে পিছে এসেছে; স্থলাভিষিক্ত

হয়েছে; ক্রিয়ামূল– خِلَافَةٌ ;

অতীতকাল– ماضى ।

خَلْفٌ– অযোগ্য; উত্তরাধিকারী;

বহুবচনে– اَخْلَافٌ ।

خُلَفَاءَ– প্রতিনিধি; স্থলাভিষিক্ত ব্যক্তি;

খলিফা; একবচনে– خَلِيْفَةٌ ।

خِلْفَةً– আগে পিছে আসা; একের পর

এক আসা; শব্দমূল– خَلْفٌ ।

خَلَفْتُمُوْنِىْ– তোমরা আমাকে

স্থলাভিষিক্ত করলে; প্রতিনিধি বানালে;

ـنِىْ– সর্বনাম; ক্রিয়ামূল– خِلَافَتٌ ।

خَلْفَكَ– তোমার পিছনে; ـكَ– সর্বনাম;

এ শব্দটি قُدَّامٌ (সামনে) এর বিপরীত

শব্দ।

خَلْفَكُمْ– তোমাদের পিছে; ـكُمْ– সর্বনাম।

خَلْفَنَا– আমাদের পিছনে;

ـنَا– সর্বনাম।

خُلِّفُوْا– তারা পরিত্যাগ করল;

তাদেরকে পিছনে রাখা হল;

ক্রিয়ামূল– تَخْلِيْفٌ ।

خَلْفِهٖ– তার পিছে; ـهٖ– সর্বনাম।

خَلْفَهَا– তার পিছনে; ـهَا– সর্বনাম।

خَلْفَهُمْ– তাদের পিছনে; ـهُمْ– সর্বনাম।

خَلْقٌ– সৃষ্টি; তৈরী করা; বানানো।

ক্রিয়ামূল– مصدر ।

خَلَقَ– সে সৃষ্টি করেছে; সে তৈরী

করেছে; অতীতকাল– ماضى ;

ক্রিয়ামূল– خَلْقٌ ।

خُلِقَ– তা বানানো হল; তাকে সৃষ্টি করা হল; অতীতকাল– مَاضِى ; কর্মবাচ্য– مَجهُول ; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خُلُقٌ– সৎ স্বভাব; চালচলন; অভ্যাস; বহুবচনে– أَخْلَاقٌ ।

خَلَقْتَ– তুমি বানিয়েছ; সৃষ্টি করেছ; অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْتُ– আমি সৃষ্টি করেছি, বানিয়েছি; অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خُلِقَتْ– তাকে সৃষ্টি করা হল; অতীতকাল– مَاضِى ; কর্মবাচ্য– مَجهُول ; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْتُكَ– আমি তোমাকে সৃষ্টি করেছি; كَ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْتَنِى– তুমি আমাকে সৃষ্টি করেছ; نِى– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْتَهُ– তুমি তাকে সৃষ্টি করেছ; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقَكَ– তিনি তোমাকে সৃষ্টি করছেন; كَ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقَكُمْ– তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন; كُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلْقِكُم/خَلْقُكُمْ– তোমাদের সৃষ্টি করা; كُمْ– সর্বনাম;

خَلَقْنَا– আমরা সৃষ্টি করেছি; نَا– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْنٰكُمْ– আমরা তোমাদেরকে বানিয়েছি; كُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْنٰهُ– আমরা তাকে সৃষ্টি করেছি; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْنٰهُمْ– আমরা তাদেরকে সৃষ্টি করেছি; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقْنٰهُمَا– আমরা তাদের দু'জনকে সৃষ্টি করলাম; هُمَا– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلَقُوْا– তারা সৃষ্টি করেছে; অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خُلِقُوْا– তাদেরকে সৃষ্টি করা হল; অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– خَلْقٌ ; কর্মবাচ্য– مَجهُول ।

خَلَقَهُ– তাকে সৃষ্টি করল, বানাল; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।

خَلْقَهُ– তার সৃষ্টি; তাকে সৃষ্টি করা; هُ– সর্বনাম।

خَلَقَهَا– তা সৃষ্টি করেছেন;
هَا– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।
خَلَقَهُمْ– তাদেরকে সৃষ্টি করেছেন;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ;
অতীতকাল– ماضى ।
خَلْقَهُمْ– তাদেরকে সৃষ্টি করা;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– خَلْقٌ ।
خَلْقِهِنَّ– তাদেরকে (স্ত্রী) সৃষ্টি করা;
هِنَّ– সর্বনাম।
خَلَقَهُنَّ– তিনি তাদেরকে (স্ত্রী)
বানিয়েছেন; هُنَّ– সর্বনাম।
خَلَوْا– তারা পৃথক হল;
অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– خَلْوَةٌ ।
خَلَوْا– তারা অতিক্রান্ত হল; তারা
প্রথমে ছিল; তারা অতীত হয়ে গেল;
ক্রিয়ামূল– خُلُوٌّ ; অতীতকাল–ماضى ।
خَلُّوْا– তোমরা ছেড়ে দাও; নিক্ষেপ
কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল –تَخْلِيَةٌ ।
خُلُوْدٌ– সর্বদা থাকা;
ক্রিয়ামূল– مصدر ।
خُلَّةٌ– দোস্তী; মহব্বত; ভালোবাসা।
خَلِيْفَةٌ– প্রতিনিধি; স্থলাভিষিক্ত; নেতা;
বহুবচনে– خُلَفَاءُ –এবং خَلَائِفُ ।

خَلِيْلًا– ঐ বন্ধু যার বন্ধুত্ব সারাটা
হৃদয়-মন জুড়ে আচ্ছন্ন থাকে।
خَمْرٌ/خَمْرًا– মদ; শরাব; মাদকদ্রব্য।
خُمُرِهِنَّ– তাদের (স্ত্রী) চাদরসমূহ;
هِنَّ– সর্বনাম; একবচনে– خِمَارٌ ।
خَمْسَةٌ– পাঁচ (৫)।
خُمُسَهُ– তার এক পঞ্চমাংশ (১/৫)।
خَمْسِيْنَ– পঞ্চাশ (৫০)।
خَمْطٍ– বিস্বাদ; তিক্ত।
خَنَازِيْرَ– শুকর বা শুয়োর;
একবচনে– خِنْزِيْرٌ ।
خَنَّاسِ– অদৃশ্য থাকে যে শয়তান;
অদৃশ্য থেকে যে ধোকা দিয়ে পালিয়ে
যায়; ক্রিয়ামূল– خُنُوْسٌ ।
خِنْزِيْرِ– শুকর; বহুবচনে– خَنَازِيْرُ ।
خُنَّسِ– যা অস্তমিত হয়ে যায়; যা
প্রত্যাবর্তন করে; ক্রিয়ামূল– خُنُسٌ ;
কর্তৃকারক– اسم فاعل ;
خَانِسٌ এর বহুবচন।
خُوَارٌ– গাভীর আওয়াজ; (উট, ছাগল,
হরিণ ও তীরের শব্দ বুঝানোর জন্যও
এ শব্দটি ব্যবহৃত হয়।)
خَوَالِفَ– পিছনে থাকা মহিলাগণ;
একবচনে– خَلِفَةٌ ।

خَوَّانٍ/خَوَّانًا– বড় খেয়ানতকারী; বড় প্রতারক; শব্দমূল– خِيَانَةٌ ।

خَوْضٍ– অযথা কথা; কথা বানানো; মিথ্যা কথা দিয়ে লোকদের মধ্যে হুজ্জত সৃষ্টি করা।

خَوْضِهِمْ– তাদের বেহুদা কথাবার্তা; অনর্থক তর্কবিতর্ক; هِمْ– সর্বনাম।

خَوْفٌ– ভয়; ক্রিয়ামূল– مصدر ।

خَوْفِهِمْ– তাদের ভয়; هِمْ– সর্বনাম।

خَوَّلْنَٰكُمْ– আমরা তোমাদেরকে দান করেছি; আমরা তোমাদেরকে যা কিছু দিয়েছিলাম; كُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– تَخْوِيلٌ ; অতীতকাল– ماضى ।

خَوَّلْنَٰهُ– আমরা তাকে (যা) দিয়েছিলাম; هُ– সর্বনাম।; ক্রিয়ামূল– تَخْوِيلٌ ।

خَوَّلَهُ– তাকে দেয়া হয়েছে; هُ– সর্বনাম; অতীতকাল– ماضي ; ক্রিয়ামূল– تَخْوِيلٌ ।

خِيَاطِ– সুঁই; সুচ।

خِيَامِ–খিমা; তাঁবু; একবচনে–خَيْمَةٌ ।

خِيَانَةً– খেয়ানত; প্রতারণা; ধোঁকা; ক্রিয়ামূল– مصدر ।

خِيَانَتَكَ– তোমাকে প্রতারণা করল; كَ– সর্বনাম।

خَيْرٌ/خَيْرًا– ভালো; সৎ; নেকী; সওয়াব।

خَيْرَاتُ– ভালো কাজসমূহ; নেকীসমূহ; সৌন্দর্য; একবচনে– خَيْرَةٌ ।

خِيَرَةُ– ক্ষমতা; ইখতিয়ার; ক্রিয়ামূল– مصدر ।

خَيْطُ– সূতা; সম্পর্ক।

خِيفَةً– ভয়; ভয় পাওয়া; ক্রিয়ামূল– مصدر ।

خِيفَتِكُمْ– তোমাদের ভয় পাওয়া; كُمْ– সর্বনাম।

خِيفَتِهِ– তার ভয়; هِ–সর্বনাম।

خَيْلِ– ঘোড়া; বাহন; যুদ্ধের ঘোড়া; বহুবচনে– خُيُولٌ এবং أَخْيَالٌ ।

خَيْلِكَ– তোমার ঘোড়া; তোমার বাহন; كَ–সর্বনাম; বহুবচনে– خُيُولٌ এবং أَخْيَالٌ ।

د

دَابٌ– অবস্থা; নিয়ম–কানুন; অভ্যাস; ক্রিয়ামূল– مصدر ।

دَابِرٌ– শিকড়; ভিত্তি; পিঠ; ক্রিয়ামূল– دُبُوْرٌ ; কর্তৃকারক– اسم فاعل ।

دَابَّةٌ– চতুষ্পদ জন্তু; সৃষ্টি; প্রাণী।

دَاحِضَةٌ– বাতিল; পরিত্যক্ত; নড়বড়ে; ক্রিয়ামূল– دَحْضٌ ; কর্তৃকারক– اسم فاعل ; স্ত্রীলিঙ্গ– مؤنث ।

دَاخِرُوْنَ / دَاخِرِيْنَ– অপমানিত; লাঞ্ছিত; ক্রিয়ামূল– دَخْرٌ ; কর্তৃকারক– اسم فاعل ; একবচনে– دَاخِرٌ ।

دَاخِلُوْنَ / دَاخِلِيْنَ– প্রবেশকারীগণ; ক্রিয়ামূল– دُخُوْلٌ ; কর্তৃকারক– اسم فاعل ।

دَارُكُمْ– তোমাদের ঘর; كُمْ– সর্বনাম।

دَارِهٖ– তার ঘর–বাড়ী; هٖ– সর্বনাম।

دَارِهِمْ– তাদের ঘর; هِمْ– সর্বনাম।

دَاعِ / دَاعِيَ / دَاعِيًا– আহবানকারী; আহবায়ক; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَافِعٌ– যে দূর করে দেয়; বালা মুসীবত দূরকারী; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– دَفْعٌ ।

دَافِقٌ– যা নির্গত হয়; সজোরে বের হয়; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– دَفْقٌ ।

دَامَتْ– সে সর্বদা একই অবস্থায় ছিল; অবশিষ্ট ছিল; ক্রিয়ামূল– دَوَامٌ ; অতীতকাল– ماضى ।

(مَا) دَامُوْا– যতক্ষণ তারা থাকবে; এ শব্দটিকে অপূর্ণাঙ্গ ক্রিয়া– افعال ناقصه বলে।

دَانِيَةٌ– যে নিকটবর্তী হয়, ঝুঁকে পড়ে, ঝুলে থাকে; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– دُنُوٌّ ।

دَاوٗدُ– দাউদ (আ) একজন নবীর নাম। তিনি বনী ইস্রাঈল সম্প্রদায়ের একজন নবী। তাঁর উপর প্রসিদ্ধ চার আসমানী কিতাবের অন্যতম যবুর কিতাব অবতীর্ণ হয়।

دَائِبِيْنَ– যা অবিরাম চলছে; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– دَأْبٌ ।

دَائِرَةٌ– বৃত্ত; বিপদাপদ; আবর্তন; কোন কিছু নিজস্ব পথে বারবার চক্কর মারা;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– دَوْرٌ ।

دَائِمٌ– সর্বদা; অবিরাম;
ক্রিয়ামূল– دَوَامٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

دَائِمُوْنَ– সর্বদা প্রতিষ্ঠিত;
একবচনে– دَائِمٌ ;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– دَوَامٌ ।

دُبُرٌ– পিঠ; পিছনের অংশ; মলত্যাগের জায়গা; বহুবচনে– اَدْبَارٌ ।

دُبُرَهٗ– তার পিঠ; তার পিছনের অংশ;
هٗ– সর্বনাম।

دُحُوْرًا– তাড়িয়ে নেয়া; তাগিয়ে দেয়া; তাড়িয়ে দেয়া; ক্রিয়ামূল– مصدر ।

دَحٰهَا– তাকে (পৃথিবীকে) বিস্তীর্ণ করা হয়েছে; هَا– সর্বনাম;
ক্রিয়ামূল– دَحْوٌ ; অতীতকাল– ماضى ।

دُخَانٌ– ধুঁয়া; বহুবচনে– اَدْخِنَةٌ ।

دَخَلَ– সে প্রবেশ করল; সে ঢুকল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلًا– ধোঁকা; বিপর্যয়; প্রতারণা।

دَخَلَتْ– সে (স্ত্রী) প্রবেশ করল, ঢুকল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلْتَ– তুমি প্রবেশ করলে;
دُخُوْلٌ– হতে অতীতকাল– ماضى ।

دُخِلَتْ– তাকে (স্ত্রী) প্রবেশ করান হল;
অতীতকাল– ماضى ;
কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلْتُمْ– তোমরা প্রবেশ করলে; সঙ্গী হলে; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلْتُمُوْهُ– তোমরা সেখানে প্রবেশ করলে; هٗ– সর্বনাম;
অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلُوْا– তারা প্রবেশ করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دَخَلَهٗ– সে সেখানে প্রবেশ করল;
هٗ– সর্বনাম; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– دُخُوْلٌ ।

دِرَاسَتِهِمْ– তাদের পঠন–পাঠন; তাদের অধ্যয়ন; هِمْ– সর্বনাম;
ক্রিয়ামূল– مصدر ।

دَرَاهِمَ– দিরহামগুলো; মুদ্রাগুলো;
একবচনে– دِرْهَمٌ ।

دَرَجَاتٌ– মর্যাদা; স্তর;
একবচনে– دَرَجَةٌ ।

دَرَجَةٌ– মর্যাদা; স্তর;
বহুবচনে– دَرَجَاتٌ ।

دَرَسْتَ– তুমি পড়েছ;
অতীতকাল– مَاضِي ;
ক্রিয়ামূল– دَرْسٌ এবং دِرَاسَةٌ ।

دَرْكٌ– স্তর; মর্যাদা; دَرَجَةٌ এবং دَرْكٌ এর মধ্যে মূল পার্থক্য হচ্ছে– دَرَجَةٌ উঁচু স্তরের বেলায় ব্যবহৃত হয়, এবং دَرْكٌ নীচুস্তর বুঝানোর জন্য ব্যবহৃত হয়।

دَرَكًا– পেছন থেকে কেউ এসে হঠাৎ ধরে ফেলা; পেয়ে নিয়ে যাওয়া; খারাপ পরিণতি।

دُرِّيٌّ– চাকচিক্য; ঝিকিমিকি; জ্বলজ্বল করা; এটি دُرٌّ (মোতি) শব্দের বিশেষণ।

دُسُرٌ– পেরেক; একবচনে– دِسَارٌ ।

دَسَّهَا– তাকে দমন করল; মাটি দিয়ে দিল; هَا– সর্বনাম; অতীতকাল– مَاضِي
ক্রিয়ামূল– تَدْسِيَةٌ ।

دَعْ– তুমি ছেড়ে দাও; ফেলে দাও;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল– وَدْعٌ ।

دَعًّا– ধাক্কা দেয়া; ক্রিয়ামূল– مصدر ।

دُعَاءُ –দু'আ করা; আহ্বান করা;
বহুবচনে– أَدْعِيَةٌ ।

دَعَا– সে দু'আ করল, আহ্বান করল;
অতীতকাল– مَاضِي ;
ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَاكُمْ– সে তোমাদেরকে আহ্বান করেছে; كُمْ– সর্বনাম;
অতীতকাল– مَاضِي ;
ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَانِ– সে আমাকে ডাকল; সে আমাকে আহবান করেছে;
نِ–সর্বনাম; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَانَا– সে আমাদেরকে ডাকল; আমাদেরকে আহবান করেছে;
نَا–সর্বনাম; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَاهُ– সে তাকে ডেকেছে; সে তাকে আহবান করল; هُ– সর্বনাম;
ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دُعَائِكَ– তোমার নিকট দু'আ করে; তোমাকে ডাকে; كَ– সর্বনাম।

دُعَاءُكُمْ / دُعَاءَكُمْ – তোমরা ডাক; তোমরা দু'আ কর; তোমাদের দু'আ; كُمْ – সর্বনাম।

دُعَاءَهُ – তার দু'আ করা; তার আহবান; هُ – সর্বনাম।

دُعَاءَهُمْ – তাদের দু'আ করা; তাদের আহবান; هُمْ – সর্বনাম।

دُعَاءِي – আমার দু'আ; আমার আহবান; ي – সর্বনাম।

دَعَوْا – তারা ডাকল; আহবান করল; দু'আ করল; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَوَا – তারা দু'জন দু'আ করল, ডাকল; অতীতকাল– مَاضِي ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دُعُوا – তাদেরকে ডাকা হল; ডাকা হয়; অতীতকাল– مَاضِي ; কর্মবাচ্য– مَجْهُول ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعَوْتُ – আমি ডাকলাম; আমি আহবান করলাম; অতীতকাল– مَاضِي ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعْوَتُكَ – তোমার ডাকা; كَ – সর্বনাম।

دَعَوْتُكُمْ – আমি তোমাদেরকে ডেকেছি; كُمْ – সর্বনাম; অতীতকাল– مَاضِي ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دَعْوَتُكُمَا – তোমাদের দু'জনের দু'আ; كُمَا – সর্বনাম।

دَعَوْتُمُوهُمْ – তোমরা তাদেরকে ডাকলে, তোমরা তাদেরকে দাওয়াত দিলে; هُمْ – সর্বনাম। (دَعَوْتُمْ এবং دَعَوْتُمُو শব্দ দুটো দেখা ও লেখার মধ্যে পার্থক্য থাকলেও অর্থগত কোন পার্থক্য নেই।)

دَعَوْتُهُمْ – আমি তাদেরকে ডেকেছি; هُمْ – সর্বনাম।

دَعْوَةٌ – দু'আ; আহবান; দাওয়াত দেয়া; ক্রিয়ামূল– مَصْدَر ।

دَعَوْهُمْ – তারা তাদেরকে আহবান করেছে; هُمْ – সর্বনাম; ক্রিয়ামূল– مَصْدَر ।

دَعْوَهُمْ – তাদের দু'আ; তাদের আহবান; هُمْ – সর্বনাম।

دُعِيَ – তাকে আহবান করা হল; অতীতকাল– مَاضِي ; কর্মবাচ্য– مَجْهُول ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دُعِيتُمْ – তোমাদেরকে ডাকা হয়েছে; অতীতকাল– مَاضِي ; কর্মবাচ্য– مَجْهُول ; ক্রিয়ামূল– دُعَاءٌ ।

دِفْءٌ – শীতের পোশাক; বহুবচন– اَدْفَاءٌ ।

دَفْعٌ – দূর করা; শেষ করা; মিটিয়ে দেয়া; ক্রিয়ামূল– مَصْدَر ।

دَفَعْتُمْ– তোমরা দিয়ে দিয়েছ; তোমরা অর্পণ করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– دَفْعٌ ।

دَكًّا– ছিন্নভিন্ন করা; টুকরা টুকরা করা; ক্রিয়ামূল– مصدر ।

دَكَّاءَ– সমান সমান হওয়া; সমমানের হওয়া; বহুবচনে– دَكَّاوَاتٌ ।

دُكَّتْ– তা টুকরা টুকরা করা হবে; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– دَكٌّ ।

دَكَّةً– উপরে ফেলা; টুকরা টুকরা করা; ক্রিয়ামূল– مصدر ।

دُلُوْكِ– সূর্য হেলে পড়া; সূর্য ডুবে যাওয়া।

دَلْوَهُ– তার বালতি; هُ–সর্বনাম।

دَلَّهُمْ– সে তাদেরকে সতর্ক করল; পথ দেখাল; هُمْ– সর্বনাম; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– دَلَالَةٌ ।

دَلِيْلًا– প্রমাণ; দলিল; নিদর্শন; ক্রিয়ামূল– دَلَالَةٌ ; একবচনে– اَدِلَّةٌ ।

دَلّٰهُمَا– তাদের দু'জনকে নীচে ফেলে দেয়া হয়েছে; টেনে নেয়া হয়েছে; هُمَا– সর্বনাম; ক্রিয়ামূল– تَدْلِيَةٌ ।

دَمٌ/دَمًا– রক্ত; মূলতঃ শব্দটি ছিল دَمَىٌ অথবা دَمْوٌ ব্যাকরণের নিয়মানুযায়ী و অথবা ى কে বাদ দেয়া হয়েছে।

دِمَاءَ–রক্ত; একবচনে– دَمٌ ।

دِمَاءَكُمْ– তোমাদের রক্ত; كُمْ– সর্বনাম।

دَمَاءَهَا–তার (স্ত্রী) রক্ত; هَا– সর্বনাম।

(مَا) دُمْتُ যতক্ষণ আমি দাঁড়িয়ে রইলাম; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– دَوَامٌ ; এ শব্দটিকে افعال ناقصه বলে।

(مَا)دُمْتَ যতক্ষণ তুমি ছিলে; অতীতকাল– ماضى ; অপূর্ণাঙ্গ ক্রিয়া–افعال ناقصه।

(مَا)دُمْتُمْ– যতক্ষণ তুমি ছিলে; অতীতকাল– ماضى ; অপূর্ণাঙ্গ ক্রিয়া–اَفعال ناقصه ।

دَمْدَمَ– তা ওলটপালট করে দিল; লন্ডভন্ড করে দিল; ধ্বংস করে দিল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–دَمْدَمَةٌ ।

دَمَّرَ– ধ্বংস করে দিল; বরবাদ করে দিল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَدْمِيْرٌ ।

دَمَّرْنَا— আমরা নষ্ট করে দিলাম; ধ্বংস করে দিলাম; অতীতকাল– مَاضِى ; ক্রিয়ামূল– تَدْمِيْرٌ ।

دَمَّرْنَاهَا – আমরা তা ধ্বংস করে ছাড়লাম; বরবাদ করে দিলাম; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– تَدْمِيْرٌ ।

دَمَّرْنَٰهُمْ— আমরা তাদেরকে ধ্বংস করে দিলাম; هُمْ— সর্বনাম; ক্রিয়ামূল– تَدْمِيْرٌ ।

دَمْعٌ— অশ্রু; চোখের পানি; বহুবচন أَدْمُعٌ এবং دُمُوْعٌ ।

دَنٰى— সে নিকটতর হল; কাছে আসল; অতীতকাল–مَاضِى ; ক্রিয়ামূল– دُنُوٌّ ।

دُنْيَا— অত্যধিক কাছে; পৃথিবী; ধরণী; শব্দমূল– دَانِيَةٌ এবং دَنِيَّةٌ ।

دَوَابُّ— চতুষ্পদ জন্তু জানোয়ার; প্রাণী; বুকের উপর ভর দিয়ে চলে যে প্রাণী; একবচনে– دَابَّةٌ ।

دَوَائِرُ— চক্কর; বৃত্ত; একবচনে–دَائِرَةٌ ।

دُوْلَةٌ— লেনদেন; আবর্তন; টাকা পয়সা; যা এক হাত হতে অন্য হাতে হস্তান্তর হতে থাকে।

دُوْنَ— ব্যতীত; যা কোন কিছুর নীচে; ছাড়া।

دُوْنَكَ— তোমাকে ছাড়া; তোমাকে ব্যতীত; كَ—সর্বনাম।

دُوْنِكُمْ— তোমাদের ছাড়া; তোমাদের ব্যতীত; كُمْ–সর্বনাম।

دُوْنِنَا— আমাদেরকে ছাড়া; আমাদের ব্যতীত; نَا— সর্বনাম।

دُوْنِهٖ— তাকে ছাড়া; هٖ—সর্বনাম।

دُوْنِهَا— তাকে (স্ত্রী) ছাড়া; هَا—সর্বনাম।

دُوْنِهِمْ— তাদেরকে ছাড়া; তাদের ব্যতীত; هِمْ— সর্বনাম।

دُوْنِهِمَا— তাদের দু'জন ব্যতীত; তাদের দু'জনকে ছাড়া; هِمَا— সর্বনাম।

دُوْنِىْ— আমাকে ছাড়া; আমাকে ব্যতীত– ىَ— সর্বনাম।

دِهَاقًا— মুষলধারে; পরিপূর্ণভাবে; শব্দমূল– دَهْقٌ ।

دِهَانٌ— তেলের তলানী; তেলচিটে; লাল চামড়া; বহুবচনে– دُهُنٌ এবং أَدْهِنَةٌ ।

دَهْرٌ— সময়; যুগ; এ শব্দটি দীর্ঘ সময় বুঝানোর জন্য ব্যবহৃত হয়; বহুবচনে– دُهُوْرٌ ।

دُهْنٌ— তেল; চর্বি; বহুবচনে– دِهَانٌ এবং أَدْهَانٌ ।

دِيَارٌ—ঘর; একবচনে– دَارٌ ।

دَيَّارًا– বসবাসকারী; প্রত্যাবর্তনকারী;
শব্দমূল– دَوْرٌ ।

دِيَارِكُمْ– তোমাদের ঘর বাড়ী;
كُمْ–সর্বনাম।

دِيَارِنَا– আমাদের ঘর বাড়ী;
نَا–সর্বনাম; একবচনে– دَارٌ ।

دِيَارِهِمْ– তাদের ঘর বাড়ী;
هِمْ– সর্বনাম।

دِيْنٌ/دِيْنًا– বিনিময়; আনুগত্য;
শরীয়াত; আইন কানুন; জীবন ব্যবস্থা;
বহুবচনে– اَدْيَانٌ ;
ক্রিয়ামূল– مصدر ।

دَيْنٌ– দেনা; ঋণ; বহুবচনে– دُيُوْنٌ ।

دِيْنُكُمْ– তোমাদের দীন; كُمْ–সর্বনাম।

دِيْنَهُمْ– তাদের দীন; هُمْ–সর্বনাম।

دِيْنِيْ– আমার দীন; ىْ– সর্বনাম।

دِيَةٌ– দিয়াত; রক্ত প্রবাহিত করা;
রক্তপণ; ক্রিয়ামূল– مصدر ।

ذ

ذَا– অধিকারী; মালিক; যিনি।

ذَالْقَرْنَيْنِ– ইতিহাসখ্যাত এক আদর্শ
বাদশাহর উপাধি; শাব্দিক অর্থ
দুই শিংধারী।

ذَاالْكِفْلِ– একজন নবীর নাম।

ذَاالنُّوْنِ– মাছওয়ালা; হযরত ইউনুস
(আ) এর উপাধি।

ذَاتِ– অধিকারী; মালিক;
বহুবচনে– ذَوَاتٌ ।

ذَارِيٰتِ– বাতাস; বাতাস উড়িয়ে
নেয় যা; ছড়িয়ে ছিটিয়ে দেয় যা;
ক্রিয়ামূল– ذَرْوٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।

ذَاقَا– তারা দু'জন স্বাদ আস্বাদন করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– ذَوْقٌ ।

ذَاقَتْ– সে (স্ত্রী) স্বাদ আস্বাদন করল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– ذَوْقٌ ।

ذَاقُوْا– তারা স্বাদ আস্বাদন করল;
অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল– ذَوْقٌ ।

ذَاكِرَاتِ– স্মরণকারিণীগণ; একবচনে ذَاكِرَةٌ ; কর্তৃকারক–اسم فاعل ; ক্রিয়ামূল–ذِكْرٌ ।

ذَاكِرِيْنَ– স্মরণকারীগণ; একবচনে– ذَاكِرٌ ; কর্তৃকারক–اسم فاعل ; ক্রিয়ামূল– ذِكْرٌ ।

ذَالِكَ/ذَالِكَ এই; ঐ; এটি; ইঙ্গিত সূচক সর্বনাম– اسم اشاره ।

ذَالِكُمْ– ঐ সমস্ত; ওগুলো।

ذَالِكُمَا– ঐ দুটো; এ দুটো।

ذَاهِبٌ– গমনকারী; যাত্রী; যে ব্যক্তি যায়; কর্তৃকারক– اسم فاعل; ক্রিয়ামূল– ذَهَابٌ ।

ذَائِقُوْا/ذَائِقُوْنَ–স্বাদ আস্বাদনকারীগণ; ক্রিয়ামূল– ذَوْقٌ ; কর্তৃকারক– اسم فاعل ।

ذَائِقَةٌ– স্বাদ আস্বাদনকারিণী; কর্তৃকারক– اسم فاعل ; ক্রিয়ামূল– ذَوْقٌ ।

ذُبَابٌ/ذُبَابًا মাছি; বহুবচনে– ذُبَابٌ ; اَذِبَّةٌ এবং ذُبٌّ ।

ذُبِحَ– তাকে যবেহ করা হল; ক্রিয়ামূল– ذَبْحٌ ; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ।

ذِبْحٍ– কুরবানী; যা যবেহ করা হয়।

ذَبَحُوْهَا– তারা তাকে যবেহ করল; هَا– সর্বনাম; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– ذَبْحٌ ।

ذَرِ– তুমি ছেড়ে দাও; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– وَذْرٌ ।

ذَرَاَ– সে সৃষ্টি করেছে; সে বপন করল; অতীতকাল–ماضى ; ক্রিয়ামূল–ذَرْءٌ ।

ذِرَاعًا– গজ; হাত; আঙ্গুলের মাথা হতে কনুই পর্যন্ত অংশ।

ذِرَاعَيْهِ– তার দুটো হাত; ه–সর্বনাম।

ذَرَاَكُمْ–সে তোমাদেরকে সৃষ্টি করেছে; كُمْ– সর্বনাম; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– ذَرْءٌ ।

ذَرَاْنَا– আমরা সৃষ্টি করেছি; অতীতকাল–ماضى; ক্রিয়ামূল– ذَرْءٌ ।

ذَرْعًا– শক্তি; নিবেদন; এক হাত (পরিমাপ);ক্রিয়ামূল– مصدر ।

ذَرْعُهَا– তার দৈর্ঘ্য; তার প্রশস্ততা; هَا–সর্বনাম।

ذَرْنَا– তুমি আমাদেরকে ছেড়ে দাও; نَا– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল–وَذْرٌ ।

ذَرْنِيْ– আমাকে ছেড়ে দাও;
نِ–সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذَرُوْا– তোমরা ছেড়ে দাও; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذَرُوْنَا– তোমরা আমাদেরকে ছেড়ে দাও; نَا–সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذَرُوْنِيْ– তোমরা আমাকে ছেড়ে দাও; نِيْ–সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذَرُوْهُ– তোমরা তাকে ছেড়ে দাও; هُ–সর্বনাম।
ذَرُوْهَا– তোমরা তাকে (স্ত্রী) ছেড়ে দাও; هَا–সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذَرَّةٌ– লাল পিপড়া; বালুকণা; সূক্ষ্মাতিসূক্ষ্ম বস্তু; খেজুরের বিচির উপরের পাতলা আবরণ; বহুবচনে– ذَرَّاتٌ ।
ذَرْهُمْ– তুমি তাদেরকে ছেড়ে দাও; هُمْ –সর্বনাম; ক্রিয়ামূল– وَذْرٌ । ক্রিয়ামূল– وَذْرٌ ।
ذُرِّيَّتُنَا– আমাদের অধঃস্তন বংশধর, ছেলে সন্তান; একবচনে– ذُرِّيَّةٌ ; نَا–সর্বনাম।
ذُرِّيَّاتِهِمْ– তাদের বংশধর; সন্তান–সন্ততি; هِمْ–সর্বনাম।
ذُرِّيَّةٌ– সন্তান–সন্ততি; অধঃস্তন বংশধর; বহুবচনে– ذُرِّيَّاتٌ ।
ذُرِّيَّتِهٖ– তার বংশধরগণ; তার সন্তান–সন্ততি; ه–সর্বনাম।
ذُرِّيَّتَهَا– তার (স্ত্রী) বংশধরগণ; هَا– সর্বনাম।
ذُرِّيَّاتُهُمْ – তাদের বংশধর, সন্তান–সন্ততি; هُمْ–সর্বনাম।
ذُرِّيَّاتِهِمَا–তাদের দু'জনের সন্তান–সন্ততি; هُمَا–সর্বনাম।
ذُرِّيَّاتِيْ– আমার বংশধর; আমার সন্তানগণ; ىِ– সর্বনাম।
ذُقْ– তুমি মজা নাও; স্বাদ আস্বাদ কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– ذَوْقٌ ।
ذِكْرٌ/ذِكْرًا– যিকির; স্মরণ; বর্ণনা; নসীহত; স্মারক; ক্রিয়ামূল– مصدر ।
ذَكَرٌ পুরুষ; ছেলে; বহুবচনে– ذُكُوْرٌ এবং ذُكْرَانٌ ।
ذَكَرَ– সে স্মরণ করল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– ذِكْرٌ ।
ذُكِرَ– তাকে স্মরণ করা হয়েছে; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল–ذِكْرٌ ।

ذُكِّرَ– তাকে উপদেশ দেয়া হল; বুঝানো হল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذَكِّرْ– তুমি স্মরণ করিয়ে দাও; উপদেশ দাও; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذَكَرَانِ/ذُكْرَانًا– পুরুষ; ছেলে; একবচনে– ذَكَرٌ ।

ذَكَرْتَ– তুমি স্মরণ করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– ذِكْرٌ ।

ذُكِّرْتُمْ– তোমাদেরকে নসীহত করা হল; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذِكْرَكَ– তোমার স্মরণ; كَ– সর্বনাম।

ذِكْرِكُمْ– তোমাদের স্মরণ; كُمْ– সর্বনাম।

ذِكْرِنَا– আমাদের স্মরণ; نَا– সর্বনাম।

ذَكَرُوْا– তারা স্মরণ করেছে; স্মরণ করল; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– ذِكْرٌ ।

ذُكِّرُوْا– তাদেরকে বুঝানো হল; উপদেশ দেয়া হল; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য– مجهول ; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذَكَّرَهُ– তাকে সে উপদেশ দিল; هُ– সর্বনাম; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذِكْرِهِمْ– তাদের স্মরণ; তাদের আলোচনা; هِمْ– সর্বনাম।

ذَكِّرْهُمْ– তুমি তাদেরকে উপদেশ দাও; নসীহত কর; هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– تَذْكِيْرٌ ।

ذِكْرٰى– নসীহত করা; উপদেশ দেয়া ; ক্রিয়ামূল– مصدر ।

ذِكْرِىْ– আমার স্মরণে; আমার উপদেশ; ىْ– সর্বনাম।

ذَكَرَيْنِ– দু'জন ছেলে; দু'জন পুরুষ; দ্বিবচন– تثنيه ; একবচনে– ذَكَرٌ ।

ذِكْرَاهَا– তার স্মরণ; هَا– সর্বনাম।

ذِكْرَاهُمْ– তাদের স্মরণ; তাদের নসীহত; هُمْ– সর্বনাম।

ذُكُوْرٌ– পুরুষগণ; একবচনে– ذَكَرٌ ।

ذُكُوْرِنَا– আমাদের পুরুষগণ; نَا– সর্বনাম।

ذَكَّيْتُمْ– তোমরা যবেহ করলে; পবিত্র করলে; অতীতকাল– ماضى ; ক্রিয়ামূল– تَذْكِيَةٌ ।

ذُلٌّ– অপমান; বিনয়; ক্রিয়ামূল– مصدر ।

ذُلُلًا– পরিশ্রমী; অনুগত; সমতল; একবচনে–ذَلُوْلٌ ।

ذُلِّلَتْ– তাকে (স্ত্রী) অনুগত করা হল; ক্রিয়ামূল– تَذْلِيْلٌ ; অতীতকাল– ماضى ; কর্মবাচ্য – مجهول ।

ذَلَّلْنَاهَا– আমরা তাকে (স্ত্রী) অনুগত বানালাম; هَا– সর্বনাম; ক্রিয়ামূল– تَذْلِيْلٌ ।

ذَلُوْلٌ/ذَلُوْلًا– সমতল; পরিশ্রমী; অনুগত; বহুবচনে– ذُلُلٌ ।

ذِلَّةٌ– অপমান; লাঞ্ছনা; অপদস্থ; ক্রিয়ামূল– مصدر ।

ذِمَّةٌ–প্রতিশ্রুতি; বহুবচনে– ذِمَمٌ ।

ذَنْبٌ– গুনাহ; অপরাধ; বহুবচনে– ذُنُوْبٌ ।

ذَنْبِكَ– তোমার অপরাধ; তোমার গুনাহ; كَ–সর্বনাম।

ذَنْبِهٖ– তার অপরাধ; তার গুনাহ্; هٖ–সর্বনাম।

ذَنْبِهِمْ – তাদের গুনাহ; তাদের অপরাধ هِمْ–সর্বনাম।

ذُنُوْبٌ – গুনাহসমূহ; অপরাধসমূহ; এক বচনে–ذَنْبٌ ।

ذَنُوْبٌ/ذَنُوْبًا– অংশ; শাস্তি; পানি ভরা বালতি; বহুবচনে– ذِنَابٌ , ذَنَائِبُ এবং اَذْنِبَةٌ ।

ذُنُوْبِكُمْ– তোমাদের গুনাহসমূহ; كُمْ–সর্বনাম।

ذُنُوْبَنَا– আমাদের গুনাহ্সমূহ; نَا–সর্বনাম।

ذُنُوْبِهِمْ– তাদের গুনাহ্সমূহ; هِمْ– সর্বনাম।

ذُوْ– অধিকারী; মালিক; যে; যিনি।

ذَوَا– অধিকারী; মালিক; ذُوْ এর দ্বিবচন।

ذَوَاتَا– অধিকারী; মালিক; ذَاتٌ এর দ্বিবচন।

ذَوَاتَيْ– মালিক; অধিকারী; ذَاتٌ এর দ্বিবচন– تثنية ।

ذُوْقُوْا– তোমরা স্বাদ আস্বাদন কর; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ; ক্রিয়ামূল– ذَوْقٌ ।

ذُوْقُوْهُ– তোমরা তার স্বাদ গ্রহণ কর; هُ–সর্বনাম।

ذَوَيْ– অধিকারী; মালিক; ذُوْ এর দ্বিবচন।

ذَوِيْ– অধিকারীগণ; মালিকগণ; বহুবচন;একবচনে– ذُوْ ।

ذَهَابٍ– নিক্ষেপ করা; যাওয়া; চলা;
ক্রিয়ামূল– مصدر ।
ذَهَبَ/ذَهَبًا– স্বর্ণ; বহুবচনে أَذْهَابٌ ;
ذُهُوبٌ ।
ذَهَبَتْ– সে (স্ত্রী) গেল; ذَهَابٌ– থেকে
অতীতকাল– ماضى ।
ذَهَبْنَا– আমরা গেলাম; আমরা চলে
গেলাম; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– ذَهَابٌ ।
ذَهَبُوْا– তারা গেল;
অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– ذَهَابٌ ।
ذِيْ– অধিকারী; মালিক।
ذِئْبٌ– নেকড়ে; বহুবচনে– ذِئَابٌ ;
ذُؤْبَانٌ এবং أَذْؤُبٌ ।

ر

رَاَ- সে দেখল; অতীতকাল– ماضى;
ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।
رَابِطُوْا– তোমরা মনোযোগ দাও; লেগে
থাক; বেঁধে রাখ;
আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল– رِبَاطٌ এবং مُرَابَطَةٌ ।
رَابِعُهُمْ– তাদের মধ্যে চতুর্থজন;
هُمْ– সর্বনাম।

رَابِيًا– বড়; যা বেশী হয়;
ক্রিয়ামূল– رُبُوٌّ ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَابِيَةٌ– কঠিন; বেশী;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رُبُوٌّ ।
رَأَتْهُ– সে (স্ত্রী) তাকে দেখল/দেখেছে;
هُ– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ;
অতীতকাল– ماضى ।
رَأَتْهُمْ– সে (স্ত্রী) তাদেরকে দেখল;
هُمْ– সর্বনাম; ক্রিয়ামূল– رُؤْيَةٌ ।
رَاجِعُوْنَ– প্রত্যাবর্তনকারীগণ;
ক্রিয়ামূল– رُجُوْعٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَاجِفَةٌ– যা কম্পিত হয় (অর্থাৎ
পৃথিবী)।
رَاحِمِيْنَ– দয়ালু; মেহেরবান;
ক্রিয়ামূল– رَحْمٌ এবং رَحْمَةٌ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَادٌّ– পরিবর্তনকারী; যে ফিরিয়ে দেয়;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رَدٌّ ।
رَادِفَةٌ– পিছনে আসে যে (স্ত্রী);
ক্রিয়ামূল– رِدْفٌ;
কর্তৃকারক– اسم فاعل ।

رَادُّكَ– যে তোমাকে ফিরিয়ে রাখে;
كَ–সর্বনাম; ক্রিয়ামূল– رَدٌّ ।
رَادُّوهُ– যে তাকে ফিরিয়ে দেয়;
هُ– সর্বনাম; ক্রিয়ামূল– رَدٌّ ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَادِّيْ– যে ফিরিয়ে দেয়; যে প্রত্যাবর্তন করায়; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رَدٌّ ।
رَازِقِيْنَ– রিযিকদাতা;
ক্রিয়ামূল– رِزْقٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَأْسُ– মাথা; বহুবচনে– رُؤُسُ ।
رَاسِخُوْنَ– শক্ত; দৃঢ় কদম; অভিজ্ঞ;
ক্রিয়ামূল– رُسُوْخٌ ;
কর্তৃকারক– اسم فاعل ।
رَأْسِهٖ– তার মাথা; ٖه–সর্বনাম।
رَأْسِيْ– আমার মাথা; ىْ-সর্বনাম।
رَاسِيَاتٍ– এক জায়গায় স্থির থাকা বস্তু (অর্থাৎ পাহাড়); চুলার উপর বসানো বড় ডেকচি; একবচনে– رَاسِيَةٌ ।
رَاشِدُوْنَ– হেদায়েতপ্রাপ্ত ব্যক্তিগণ; সত্যাশ্রয়ীগণ; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رُشْدٌ ।

رَاضِيَةٌ– সন্তুষ্ট; আনন্দিত; খুশী; রাজী;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رِضْوَانٌ ।
رَاعِنَا– আমাদের দিকে তাকাও;
আমাদের দিকে দৃষ্টি আকর্ষণ করছি;
نَا– সর্বনাম; আজ্ঞাসূচক ক্রিয়া– امر ;
ক্রিয়ামূল– مُرَاعَاةٌ ।
رَاعُوْنَ– তদারককারী; পূর্ণতা দানকারী; সুবিধা দানকারী; রাখালগণ;
ক্রিয়ামূল– رِعَايَةٌ ;
কর্তৃকারক– اسم فاعل;
একবচনে– رَاعِىْ ।
رَاغَ– সে গোপনে গেল; দৌড়াল; নিবিষ্ট হল; অতীতকাল– ماضى ;
ক্রিয়ামূল– رَوْغٌ ।
رَاغِبٌ– প্রার্থী; যে মুখ ফিরিয়ে নেয়;
কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رَغْبَةٌ ।
رَاغِبُوْنَ– প্রার্থীগণ; যারা মুখ ফিরিয়ে নেয়; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رَغْبَةٌ ।
رَافِعُكَ– তোমাকে উত্তোলনকারী;
كَ–সর্বনাম; কর্তৃকারক– اسم فاعل ;
ক্রিয়ামূল– رَفْعٌ ।

